THE

ILLUSTRATED HINDU MEDICINAL PLANTS.

BY

PURNA CHANDRA SAHA.

LECTURER OF THE COSSIPORE PRACTICAL INSTITUTION OF HORTI-FLORI AND AGRICULTURE.

Formerly Curator of the Hugli Botanical Gardens &c.

Published By

THE INDIAN DRUGS SUPPLY COMPANY

372, UPPER CHITPORE ROAD, CALCUTTA.

সচিত্র

আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ-সংগ্রহ।

শ্রীপূর্ণচন্দ্র সাহা দ্বারা সঙ্কলিত।

ইণ্ডিয়ান্ ড্রগস্ সপ্লাই কোম্পানির দ্বারা প্রকাশিত।

CALCUTTA:

PRINTED BY JOGENDRA NATH SADHU,

AT THE COSSIPORE HORTICULTURE PRESS.

69, Gun Foundry Road.

1894.

প্রথম খণ্ড।] [মূল্য ১৲ টাকা।

উপক্রমণিকা

পুষ্পক (*a*) ও অপুষ্পক (*b*) ভেদে উদ্ভিদ দুই শ্রেণীতে বিভক্ত। যে বৃক্ষের পুষ্প হইতে ফল জন্মে তাহাকে বানস্পত্য বা পুষ্পক বলে এবং যাহাতে বিনা পুষ্পে বীজ বা তদ্রূপ বস্তু জন্মে তাহাকে বনস্পতি বা অপুষ্পক বলে। কালি-ঝাঁপ, দুর্গা-ঝাঁপ, ঢেঁকে শাক প্রভৃতি নানাপ্রকার অপুষ্পক উদ্ভিদ্ খানার ধারে, পুরাতন প্রাচীরের উপর ও রৌদ্রহীন শীতল স্থানে জন্মাইতে দেখা যায়।

বানস্পত্য বা পুষ্পক উদ্ভিদ্ দুই প্রকার। ধান্য, যব ইত্যাদি কতকগুলি গাছ অঙ্কুরিত হইবার সময় একটী করিয়া বীজপত্র বহির্গত হয়। সেই নিমিত্ত তাহা-দিগকে একবীজ-পত্রক (*c*) বলে। মটর, কলাই, সরিষা প্রভৃতি গাছ অঙ্কুরিত হই-বার সময় নবনির্গত কাণ্ডের দুই পার্শ্ব হইতে দুইটী করিয়া বীজপত্র বহির্গত হয় এই নিমিত্ত উহাদিগকে দ্বিবীজ-পত্রক(*d*) বলে।

মূল, কাণ্ড ও পত্রদ্বারা উদ্ভিদগণের পুষ্টিসাধন হয় বলিয়া উহাদিগকে উদ্ভিদ-গণের পোষক ইন্দ্রিয় (*e*) বলা হয়। পুষ্প হইতে ফল ও বীজ জন্মায় বলিয়া উহাকে উদ্ভিদের জননেন্দ্রিয়(*f*) বলে।

মূল। (*g*)

বীজ অঙ্কুরিত হইলেই মূল বহির্গত হইয়া ভূমির ভিতর প্রবেশ করিয়া উদ্ভিদকে ভূমির সহিত দৃঢ়রূপে আবদ্ধ করে। মূলের বর্ণ শ্বেত এবং উহাতে পত্রের কোন চিহ্ন থাকে না।

গঠন ভেদে মূল দুই প্রকার। প্রধান (*h*) ও গৌণ (*i*) মূল। যে সকল মূল অঙ্কুরিত হইবার সময় হইতে সমভাবে বর্দ্ধিত হয় ও যাহাদের গাত্রে সূক্ষ্ম সূক্ষ্ম শাখার ন্যায় ক্ষুদ্র মূল বহির্গত হয় তাহাদিগকে প্রধান মূল কহে। দ্বিবীজ-পত্রক আম্র, জাম ইত্যাদির অঙ্কুরগুলি পরীক্ষা করিলে প্রধান মূল দেখা যায়। ধান্য, গম প্রভৃতি

(*a*) Phanerogamic. (*b*) Cryptogamic. (*c*) Monocotyledonous. (*d*) Dicotyledonous. (*e*) Organs of mutrition. (*f*) Organs of Reproduction. (*g*) Root. (*h*) Tap or true root. (*i*) Fibrous or secondery roots.

একবীজ-পত্রক উদ্ভিদ অঙ্কুরিত হইবার সময় যে প্রধান মূলটী বহির্গত হয় তাহা উদ্ভিদের বৃদ্ধির সহিত বর্দ্ধিত না হইয়া নষ্ট হইয়া যায় এবং ঐ মূলের চারিপার্শ্ব হইতে সূক্ষ্ম সূক্ষ্ম সূত্রের ন্যায় বহুসংখ্যক মূল বহির্গত হইয়া ঐ উদ্ভিদের পুষ্টিসাধন করে। এই সকল ক্ষুদ্র ক্ষুদ্র মূলগুলিকে গৌণমূল বলে। শাখাকলম, গুটীকলম ইত্যাদি কলমের গৌণমূল দ্বারা পরিপোষণ হইয়া থাকে।

গঠনভেদে মূলের ভিন্ন ভিন্ন নামকরণ হইয়াছে। হস্তিশুণ্ডের ন্যায় যে সকল মূল ক্রমশঃ সরু হইয়া আইসে তাহাকে শুণ্ডকার (*a*) মূল বলে; যথা—মূলা, গাজর। মাকুনলির ন্যায় যে সকল মূল মধ্যভাগে স্ফীত হইয়া উভয় পার্শ্বে সরু হইয়া যায় তাহাকে নলীমূল (*b*) বলে। যথা বিটপালং, শতমূলী। এই উভয় প্রকার মূলই সরস। এতদ্ব্যতীত সকল প্রকার মূলই কাষ্ঠগর্ভ।

অবস্থান অনুসারে মূল চারি শ্রেণীতে বিভক্ত। যে সকল মূল মাটির মধ্যে থাকে তাহাকে মৃৎমূল (*c*)। পানার ন্যায় যে সকল মূল জলে থাকে তাহাকে জলীয় (*d*) মূল। রাস্নার ন্যায় যাহার মূল অন্য উদ্ভিদের শাখার উপর আশ্রয় লইয়া থাকে ও আপনাপন পোষণোপযোগী পদার্থ বায়ু হইতে গ্রহণ করে তাহাকে বায়বীয় বা পরাশ্রিত মূল (*e*) বলা যায়। বাঁদরা প্রভৃতি যাহারা অপর বৃক্ষশাখার উপর উৎপন্ন হইয়া আশ্রয়দাতা বৃক্ষ হইতে স্বকীয় পোষণোপযোগী রস গ্রহণ করে, তাহাকে পরাভৃত (*f*) বলে। ইহাদের পত্র প্রায়ই স্থূল হয়, এবং পুষ্পগুলি রক্তবর্ণ ও গুচ্ছাকারে জন্মিয়া থাকে। ইহাদের মূল আশ্রয় দাতা বৃক্ষের ত্বক্‌ভেদ করিয়া তাহা হইতেই রস সংগ্রহ করিয়া থাকে। অনেক স্থলে দেখা যায় এই সকল উদ্ভিদ, আশ্রয়দাতা বৃক্ষের প্রাণসংহার করিয়া স্বীয় অবয়ব পুষ্টি করিয়া থাকে। এই দেশীয় সাধারণ লোকের বিশ্বাস যে পূর্ব্ব জন্মে আশ্রয়দাতা বৃক্ষ আশ্রিত উদ্ভিদের নিকট হইতে কর্জ্জ লইয়া পরিশোধ না করায় এ জন্মে আশ্রিত গাছ তাহার নিকট হইতে আপন পাওনার আদায় লইতেছে।

কাণ্ড। (*g*)

মূলের উপরিভাগের অংশকে কাণ্ড বলে। কোন কোন উদ্ভিদের কাণ্ড ভূমির মধ্যে দেখিতে পাওয়া যায়। আদা ও হলুদের গাঁটকে দেখিলে মূল বলিয়া বোধ হয় বটে, কিন্তু বস্তুত উহা মূল নহে, কাণ্ড। কারণ মূলের মধ্যে পত্রের কোন অংশই দেখিতে পাওয়া যায় না। কিন্তু আদা প্রভৃতি উদ্ভিদের ঐ সকল অংশ পরীক্ষা করিলে উহার মধ্যে পত্রের অংশ দেখিতে পাওয়া যায়। আলু আদা

(*a*) Fosiform. (*b*) Spindle shaped. (*c*) Underground root. (*d*) Aquatic.
(*e*) Ærial. (*f*) Parasitic. (*g*) Stem.

প্রভৃতিকে মৃত্তিকা হইতে তুলিয়া রাখিয়া দিলে সময়ে উহা হইতে পত্রাদি বহির্গত হয়। সুতরাং উহা যে কাণ্ড তদ্বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। এই নিমিত্ত উহাদিগকে ভূমধ্যস্থ (*a*) কাণ্ড কহে। ভূমধ্যস্থ কাণ্ডগুলি তিন প্রকার। স্ফীতকাণ্ড, দৃঢ়কাণ্ড ও কন্দ। আলু, ভূমিকুষ্মাণ্ড প্রভৃতি যাহাদের কাণ্ডগুলি বৃহতাকার তাহাদিগকে স্ফীতকাণ্ড (*b*) বলে। আদা, হরিদ্রা, দুর্ব্বা প্রভৃতিকে দৃঢ়কাণ্ড (*c*) এবং পেঁয়াজ প্রভৃতি যাহাদের কাণ্ডগুলি সন্ধে আবৃত তাহাদিগকে কন্দ (*d*) বলে।

কাণ্ড মূলেরন্যায় সরস (*e*) ও কাষ্ঠগর্ভ (*f*) দেখিতে পাওয়া যায়। কাণ্ড দুই ভাগে বিভক্ত, যে গুলি শাখাহীন সে গুলির নাম স্তম্ভাকার বা তৃণবৃক্ষ এবং যাহারা শাখাযুক্ত তাহাদের নাম বীরুধ। একবীজ-পত্রক বৃক্ষের কাণ্ড অনেক স্থলে স্তম্ভাকার হইয়া থাকে এবং দ্বিবীজ-পত্রক বৃক্ষের কাণ্ড বীরুধ হয়। স্তম্ভাকার বৃক্ষ ছেদন করিলে তাহার ভিতর কতকগুলি ফলার ন্যায় দারুখণ্ড দৃষ্ট হয়। এই জাতীয় কাণ্ডের যদি অগ্রভাগ ভাঙ্গিয়া যায়, তাহা হইলে তাহার পার্শ্ব হইতে নূতন শাখা কি কাণ্ড জন্মায় না। বীরুধ বৃক্ষ কাটিলে, না মরিয়া আবার নূতন শাখা বাহির হয়।

কাণ্ড সাধারণত গোলাকার (*g*), তবে তেকাটা সিজের ন্যায় কতকগুলির আকার ত্রিকোণ (*h*)। বাকস, শেফালিকা, তুলসী প্রভৃতির শাখা যতদিন কোমল থাকে শাখাগুলি চতুষ্কোণ (*i*) হয়। ফণীমনসার কাণ্ডের এরূপ গঠন যে হঠাৎ পুরু পাতা বলিয়া মনে হইয়া থাকে। এইরূপ কাণ্ডকে ফালাকার (*j*) বলে।

সকল কাণ্ডকে ঊর্দ্ধে সোজা হইয়া দাঁড়াইতে দেখা যায় না। যে গুলি আশ্রিত বৃক্ষদণ্ড বা দড়িতে জড়াইয়া উঠে, সে গুলিকে জড়ানিয়া (*k*) কাণ্ড বলে। আর লাউ, কুমড়ার ন্যায় কতকগুলি নিজ ভার বহিতে না পারায় জমি বা মাচার উপরে শুইয়া বা লতাইয়া বেড়ায়, এ কাণ্ডের নাম লতানিয়া (*l*)। আর এক প্রকার কাণ্ড, সূক্ষ্মতাবশত ঊর্দ্ধে উঠিতে পারে না। কাণ্ডের প্রত্যেক গাঁইট হইতে সূক্ষ্ম সূক্ষ্ম মূল (*m*) বাহির হইয়া দেয়াল বা গাছ আশ্রয় করিয়া উঠে। এক প্রকার ফাইকাস (*n*) সহরে অনেক বাগানের দেওয়াল বা গাছে উঠিতে দেখা যায়, ইহা এই শ্রেণীর কাণ্ড। তেলাকুচার ন্যায় কতকগুলির কাণ্ডগ্রন্থি হইতে সূতার

(*a*) Underground stem. (*b*) Tuber. (*c*) Rhizome.
(*d*) Bulb. (*e*) Succulent. (*f*) Woody. (*g*) Round.
(*h*) Triangular. (*i*) Rectangular. (*j*) Flat. (*k*) Twining.
(*l*) Creeping. (*m*) Rootlets. (*n*) Ficus sticulata.

ন্যায় জরেন বাহির হয় উহারা অন্য দ্রব্য জড়াইয়া ধরিয়া উঠে(1)। ওলটচণ্ডাল বা বিষলাঙ্গুলে পত্রের অগ্রভাগ দ্বারা অপর বস্তুকে জড়াইয়া উঠিয়া থাকে(2)।

পত্র। (a)

পত্র তিন অংশে বিভক্ত। পত্রক (b) বৃন্ত বা বোঁটা (c) পত্রদল (d) বা পল্লব। পত্র ও কাণ্ডের সংযোগ স্থানের বৃন্তের দুই পার্শ্বে যে শলাকারে বা ছোট ছোট দুটি পত্রাকার পদার্থ দেখা যায় তাহাকে পত্রক বলে। যে সূক্ষ্ম অংশের দ্বারা পত্রদল কাণ্ডের সহিত সংযুক্ত হয় তাহাকে বৃন্ত বা বোঁটা কহে। তবে পোস্ত, ইক্ষু ইত্যাদি কোন কোন উদ্ভিদের পত্রের বৃন্ত থাকে না। দল কাণ্ড বা শাখায় সংলগ্ন থাকে। সেই জন্য এ প্রকার পত্রকে অবৃন্তক (e) বলা যাইতে পারে। বৃন্তের পর যে বিকসিত অংশ দেখিতে পাওয়া যায়, তাহাকে পত্রদল, পল্লব বা পাতা বলে। পত্রদলের তিনটি অংশ। অগ্রভাগ (f) প্রান্ত বা কিনারা (g) এবং ঊর্দ্ধ ও অধঃ (h)। বৃন্তের বিপরীত ভাগ অগ্র ইহা প্রায় ছুঁচাল ও লম্বা হয়। ভিন্ন ভিন্ন পত্রের প্রান্ত করাত, ঢেউখেলান ইত্যাদি নানা আকারের দেখিতে পাওয়া যায়। ঊর্দ্ধ অংশ মসৃণ, উজ্জ্বল ও সবুজবর্ণ। আর অধঃভাগ অসম, কিছু হীন-সবুজ ও পর্ণশিরা দ্বারা স্ফীত হয় এবং মাটীর দিকে থাকে।

পত্রকলিকা (i) ও পুষ্পকলিকা (j)। পত্রকলিকা বিকসিত হইয়া পত্র জন্মে ও তৎসংলগ্ন অংশ বর্দ্ধিত হইয়া শাখা হয় আর পুষ্পকলিকা ফুটিলে নানা বর্ণে রঞ্জিত দলে ও গুচ্ছাকারে পুষ্পরূপে পরিণত হয়। পত্র শাখার উপরে তিনটী প্রণালীতে স্থাপিত থাকে। আতা, নোনা প্রভৃতির পত্রোদ্গমন প্রণালী পরীক্ষা করিলে দেখা যায় যে, প্রথম পত্রটী যদি শাখার বামপার্শ্ব হইতে বহির্গত হয়, তাহা হইলে দ্বিতীয় পত্রটী উহার কিছু ঊর্দ্ধে দক্ষিণপার্শ্ব হইতে বহির্গত হইয়া থাকে। তৃতীয় পত্রটী তাহার কিঞ্চিৎ ঊর্দ্ধে আবার বামপার্শ্বে জন্মিয়া থাকে। এই নিমিত্ত তাহাকে বিপর্য্যস্তা (k) প্রণালী বলা যায়।

চিতা, আকন্দ, তুলসী প্রভৃতির পত্রগুলি প্রত্যেক গ্রন্থিতে পরস্পর বিপরীত মুখে এক সমতলে উৎপন্ন হয়। এই নিমিত্ত উহাদিগকে অভিমুখী (l) প্রণালী বলে।

করবী, ছাতিম প্রভৃতি বৃক্ষের পত্রগুলি এক সমতল হইতে একত্র তিন চারিটী

---

(1) By tendrils. (2) By epix of the leaves. (a) Leaf.
(b) Stepule. (c) Petiole. (d) Lamina or blade.
(e) Sessile. (f) Epix. (g) Mergins.
(h) Upper and Lower surface. (i) Leaf bud.
(j) Flower bud. (k) Alternate. (l) Opposite.

করিয়া বহির্গত হইতে দেখা যায়। এই নিমিত্ত উহাকে স্তবকী বা ছত্রাকার (*a*) পত্র বলে।

পত্রের মধ্যস্থ শিরাকে পর্ণশিরা (*b*) কহে। মানবদেহের মেরুদণ্ডের মধ্যগত শিরা যেরূপ সর্ব্বশরীরে রক্তের চলাচলের প্রধান শিরা, পর্ণশিরাও সেরূপ পত্রের রস সঞ্চালনের প্রধান শিরা। এই শিরা হইতে বহু সংখ্যক সূক্ষ্ম সূক্ষ্ম শিরা বা কৈশিকা বহির্গত হইয়া সমস্ত পত্রে রস চলাচল করিয়া থাকে। ঐ সকল কৈশিকার গঠন ও অবস্থান অনুসারে পত্রেরও শ্রেণী বিভাগ হইয়া থাকে। জাম, পেয়ারা প্রভৃতির কতকগুলির পর্ণশিরা পত্রগুলিকে দুইভাগে বিভক্ত করে। উহা হইতে কতকগুলি শিরা উভয় পার্শ্বে পক্ষীর পালকের ন্যায় বিস্তৃত থাকে। এই নিমিত্ত ঐ পত্রগুলিকে পক্ষাকার (*c*) শিরা বলিয়া থাকে। পদ্ম প্রভৃতি কতকগুলির শিরা পত্রদণ্ড হইতে বহির্গত হইয়া পত্রের চারিদিকে ছত্রাকারে বিস্তারিত থাকে। সেই জন্য তাহাকে ছত্রাকার (*d*) শিরা বলা হইয়া থাকে। করাকার শিরাগুলি পত্রবৃন্ত হইতে বহির্গত হইয়া অঙ্গুলির ন্যায় ধাবিত হইয়া পত্রের অগ্রভাগ পর্য্যন্ত বিস্তৃত হয়। ফলসা প্রভৃতির পত্রগুলির শিরা এই প্রকার। জালাকার (*e*) শিরা এই প্রকারে পত্রের চারি পার্শ্বে জালের ন্যায় বিস্তৃত থাকে। পাথরকুচি প্রভৃতির পত্রগুলি পরীক্ষা করিলে এই প্রকার শিরাবিন্যাস দেখিতে পাওয়া যায়। পূর্ব্বলিখিত কয়েক প্রকার শিরা বিন্যাস ব্যতীত আরও অনেক প্রকার বিন্যাস দেখিতে পাওয়া যায়। তবে যে কয়েক প্রকার লিখিত হইল ঐ গুলিই প্রধান। উহার দুই বা ততোধিক যোগে শিরা বিন্যাস নানা প্রকার হইয়া থাকে। পদ্মপত্রের প্রধান শিরাগুলি ছত্রাকার কিন্তু সূক্ষ্ম সূক্ষ্ম শিরা ও কৈশিকাগুলির বিস্তার জালাকারে সুতরাং উহাদিগকে ছত্র-জালাকার বলা যাইতে পারে। এইরূপে কর-পক্ষাকার প্রভৃতি নানা প্রকার সূক্ষ্ম সূক্ষ্ম শিরাবিন্যাস পত্রমধ্যে দেখিতে পাওয়া যায়।

কাণ্ড ও শাখা মধ্যে যেরূপ গ্রন্থি দেখিতে পাওয়া যায়, পত্র মধ্যেও ঐ প্রকার গ্রন্থি (*f*) দেখিতে পাওয়া যায়। লেবুপাতার দুইটী খণ্ড দেখিতে পাওয়া যায়। উপরের খণ্ড অপেক্ষাকৃত অনেক বৃহদাকার। এই দুইটী পত্রখণ্ড একটা গ্রন্থির দ্বারা আবদ্ধ। এই নিমিত্ত ঐ পত্রগুলিকে যৌগিক (*g*) পত্র কহিয়া থাকে। বেল, নিশিন্দা, বরুণ প্রভৃতির এক বৃন্তে তিনটী করিয়া পত্র দেখিতে পাওয়া যায়। পার্শ্বের পত্রদ্বয় মধ্যপত্র অপেক্ষা ক্ষুদ্রাকার। পার্শ্বের ক্ষুদ্রাকার পত্রগুলির নাম

(*a*) Verticilate. (*b*) Midrib. (*c*) Feathered. (*d*) Rotundate.
(*e*) Neted. (*f*) Joints. (*g*) Compound Leaves

পত্রক (*a*) * এবং উহাদের বৃন্তকে বৃন্তক (*b*) বলে। এবং ঐ সমস্ত পত্রগুলিকে ত্রিপত্র (*c*) বলা হয়।

যৌগিক পত্র পরীক্ষা করিবার সহজ উপায় এই যে পত্র টানিলে পত্রগুলি বৃন্তক সহ বিচ্ছিন্ন হয় এবং শুষ্ক হইলে সাধারণ বৃন্ত হইতে খসিয়া পড়ে এবং সর্ব্ব শেষে সাধারণ বৃন্তটী খসিয়া যায়। কিন্তু সরল (*d*) বা সাধারণ পত্রগুলির ধর্ম্ম সেরূপ নহে। শুষ্ক হইলে বা টানিলে সাধারণ বৃন্তটী ও পত্রটী একত্র বিচ্ছিন্ন হইয়া থাকে।

যোগিক পত্র দুই ভাগে বিভক্ত। সমপক্ষাকার (*e*) ও অসমপক্ষাকার (*f*)। তেঁতুল ইত্যাদির এক বৃন্তে বহু সংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র পত্রক দেখিতে পাওয়া যায়। উহাদিগকে সমপক্ষাকার কহে। আর গোলাপ, আমড়া প্রভৃতির পত্রের অগ্রে বা শেষে একটী অধিক পত্র হইয়া থাকে। উহাদিগকে এই নিমিত্ত অসম পক্ষাকার যৌগিকপত্র বলিয়া থাকে। পক্ষাকার পত্রগুলি যদি কৃষ্ণচূড়াপত্রের ন্যায় দুই বা ততোধিক খণ্ডে বিভক্ত হয়, তাহা হইলে উহাদিগকে দ্বিপক্ষাকার, (*g*) ত্রিপক্ষাকার (*h*) প্রভৃতি নামকরণ হইয়া থাকে।

বৃন্তকোষ (*i*)। বংশ পত্রের বৃন্তকোষ প্রথম অবস্থায় কাণ্ডের সমস্ত অংশ বেষ্টন করিয়া থাকে। কদলির বৃন্তকোষ একত্র সংলগ্ন থাকিয়া কাণ্ডের কার্য্য করে। কদলি গাছের যে অংশকে আমরা সচরাচর কাণ্ড বলিয়া থাকি বস্তুত তাহা কাণ্ড নহে পত্রকোষ মাত্র। দুর্ব্বা, ইক্ষু প্রভৃতির কাণ্ড কিয়দংশ বৃন্তকোষ দ্বারা আবৃত থাকে। গোলাপ গাছের বৃন্তকোষ বৃন্তের দুই পার্শ্বে দুইটী ছোট পত্রের ন্যায় সংলগ্ন থাকে। ইহাদিগকে পত্রক বলে। জবা প্রভৃতি কতকগুলির পত্রক শলাকার ন্যায় বৃন্তে সংযুক্ত থাকে। আম্র প্রভৃতি কতকগুলির বৃন্তকোষ একেবারেই থাকে না।

পত্রাকার (*j*)। পত্র নানাপ্রকার আকরের দেখিতে পাওয়া যায়। পদ্ম-পত্রের আকার গোল (*k*)। পেয়ারা, বট প্রভৃতির আকার বাদামে (*l*)। ইক্ষু প্রভৃতির পত্র লম্বা (*m*)। জবার পত্রের আকার অণ্ডাকার (*n*)। অশ্বত্থ প্রভৃতির আকার পানপত্রের ন্যায় (*o*)। করবি প্রভৃতির পত্রগুলি বল্লভাকৃতি (*p*)।

---

* রাজনির্ঘণ্ট।

(*a*) Leaflet. (*b*) Petiolate. (*c*) Trifoliate. (*d*) Simple.
(*e*) Paripennate. (*f*) Imparipennate. (*g*) Bipinnate. (*h*) Tripinnate
(*i*) Sheath. (*j*) Shapes of leaves. (*k*) Orbicular. (*l*) Oval.
(*m*) Linear (*n*) Ovate. (*o*) Cordate. (*p*) Lanceolate

পত্রের অগ্রভাগের রূপ ভেদ। অধিকাংশ পত্রের অগ্রভাগ ছুঁচাল হইয়া থাকে। তবে অশ্বত্থ প্রভৃতি কতকগুলির পত্রের অগ্রভাগ শূচীর ন্যায় পরিবর্দ্ধিত হইয়া থাকে। আমরুল, কাঞ্চন প্রভৃতির অগ্রভাগগুলি খণ্ডিত (*a*)।

সকল পত্রের পার্শ্বগুলি এক প্রকার নহে। থুলকুড়ি প্রভৃতি কতকগুলির পত্র ক্ষেত্রের আইলের ন্যায় উচ্চ ও নিম্নাকারে হইয়া থাকে। পাথরকুচি পাতার পার্শ্ব খাঁজকাটা (*b*)। জবার পার্শ্বগুলি করাতের (*c*) ন্যায় প্রত্যেক ছেদের অগ্র উচ্চ হইয়া থাকে। দেবদারু পত্রের কিনারা ঢেউখেলান (*d*)। কালা-দানা ঘেটকেল প্রভৃতির পত্রগুলি প্রথমাবস্থায় গোলাকার, বাদামে বা লম্বা আকারের থাকে, পরে বর্দ্ধিত হইয়া দুই বা ততোধিক খণ্ডে বিভক্ত হইয়া পড়ে। এই বিভাগগুলি শিরাদ্বয়ের মধ্যে হইয়া থাকে এবং উহার প্রত্যেক অংশে একটী একটী পর্ণশিরা থাকে।

শিরাবিন্যাস লইয়া যেরূপ পত্রের নানা বিভাগ হইয়াছে সেইরূপ এই খণ্ড গুলি লইয়াও পত্রের বিভাগ হইয়া থাকে। গেঁদা প্রভৃতিকে পক্ষাকার, (*e*) ভেরাণ্ড ভূমিকুষাণ্ডকে করাকার, (*f*) করলা পাতাকে দ্বিপক্ষাকার বলা হইয়া থাকে। পেঁপেপাতা প্রথমে করাকারে ছিন্ন হইয়া পরে পক্ষাকারে বিভক্ত হয়। তুঁতপাতা খণ্ডিত ও অখণ্ডিত উভয় আকারের হইয়া থাকে।

মূল ও কাণ্ডের ন্যায় পত্রের মধ্যে কাষ্ঠগর্ভ ও কোমল ভাব দেখিতে পাওয়া যায়। মনসা প্রভৃতি পত্রগুলি সহজে ভাঙ্গিয়া যায় এই নিমিত্ত উহাদিগকে ভগ্নপ্রবণ (*g*) বলিতে পারা যায়। কতকগুলি পত্র অতিশয় স্থূল বলিয়া উহাকে স্থূলাকার (*h*) বলে। কিন্তু কতকগুলি পত্রের উপরিভাগ ক্ষুদ্র ক্ষুদ্র লোম দ্বারা আবৃত এই নিমিত্ত উহাদিগকে লোমশপত্র (*i*) বলা হয়। যাহাদের পত্র কণ্টক-যুক্ত হয় তাহাদিগকে কণ্টকি (*j*) বলে, যথা কণ্টিকারি। কোন পত্র এরূপ কর্কশ হইয়া থাকে যে শুকাইয়া তাহার দ্বারা সিরিশ কাগজের কার্য্য করা যাইতে পারে। এমন কি হস্তিদন্ত প্রভৃতি পালিশ হইয়া থাকে, এই নিমিত্ত তাহাদিগকে কর্কশপত্র (*k*) বলা হয়। ডুম্বুরপত্র এইরূপ। তামাক প্রভৃতির পত্রগুলির উপর চটচটে একরূপ আটা থাকে এই নিমিত্ত উহাদিগকে লগ্নশীল (*l*) পত্র বলা হয়।

(*a*) Emarginate. (*b*) Dentate. (*c*) Serrate. (*d*) Undulate.
(*e*) Panatified. (*f*) Digitate. (*g*) Succulent. (*h*) Fleshy.
(*i*) Pelosus. (*j*) Spinous. (*k*) Rough. (*l*) Sticky.

জননেন্দ্রিয়(*a*)।

পুষ্প হইতে বীজের উৎপত্তি হয় বলিয়া পুষ্প উদ্ভিদের জননেন্দ্রিয়। কি প্রণালীতে উদ্ভিদ্‌গণের বীজোৎপত্তি হয় তাহার বিবরণ প্রকাশ করা আমাদের উদ্দেশ্য নহে। সুতরাং তদ্বিষয়ে এ স্থলে বিবৃত হইল না।

পুষ্পকলিকার অবস্থান অনুসারে উহা দুই ভাগে বিভক্ত। যে সকল কলিকা শাখার শেষ ভাগ হইতে বাহির হয় তাহাদিগকে অন্তকলিকা (*b*) কহে। আর যে সকল কলিকা শাখার পার্শ্ব হইতে বিকশিত হয় তাহাদিগকে কাক্ষিক-কলিকা (*c*) কহে।

ওল, কচু প্রভৃতি পুষ্পের একখানি করিয়া রঞ্জিত আবরণ দেখিতে পাওয়া যায় উহাকে পুষ্পপত্র (*d*) বলে। যাহা দ্বারা পুষ্প শাখার সহিত সংযুক্ত থাকে তাহাকে পুষ্পবৃন্ত (*e*) কহে। পুষ্পবৃন্তের সহিত যদি ছোট ছোট বৃন্তাকার অংশ থাকে তাহাকে (*f*) পুষ্পবৃন্তক কহে।

সচরাচর যাহাকে আমরা পুষ্পবলি তাহা চারি অংশে বিভক্ত। বহিরাবরণ(*g*), অন্তরাবরণ (*h*), পংকেশর (*i*) ও গর্ভকেশর (*j*)।

বহিরাবরণ। নবজাত ধূতুরার কলিকা দেখিতে সবুজ বর্ণ। কিন্তু কয়েক দিন পরে দেখিতে পাওয়া যায় যে, ঐ কলিকার অগ্রভাগ ফাটিয়া শ্বেতবর্ণের পুষ্প কলিকা বাহির হয়। পূর্ব্বে যাহা সবুজবর্ণ দেখা যাইতে ছিল তাহা আবরণমাত্র। ঐ আবরণকে বাহিরাবণ কহে। উহা পুষ্প মধ্যে গণ্য, কারণ উহা পুষ্পবৃন্তের উপর জন্মে।

অন্তরাবরণ। সবুজবর্ণের বহিরাবরণ ভেদ করিয়া যে শ্বেত বা নানা বর্ণের দল দেখা যায় তাহাকে অন্তরাবরণ বা পাপড়ি বলে।

পুংকেশর। পুষ্পের মধ্যদেশে শলাকার ন্যায় কয়েকটী ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ দেখা যায়। উহার অগ্রভাগে চিড়ের ন্যায় অংশ দেখিতে পাওয়া যায়। ঐ অংশগুলিকে পুংকেশর কহে। ঐগুলি বীজোৎপত্তিকালে পুরুষের ন্যায় কার্য্য করে বলিয়া উহাকে পুংকেশর বলা হয়।

গর্ব্ভকেশর। কেশর মধ্যে একটী নলের ন্যায় কেশর দেখা যায়। উহার মধ্যদেশ ছিদ্র বিশিষ্ট অর্থাৎ ফাঁপা। এই কেশরটী গর্ভের ন্যায় বীজ ধারণ করে বলিয়া উহাকে গর্ভকেশর কহে।

(*a*) Organs of reproduction. (*b*) Turminal bud. (*c*) Axillary bud.
(*d*) Spathe. (*e*) Stalk or axis. (*f*) Pedicel. (*g*) Calyx.
(*h*) Corolla. (*i*) Stamen. (*j*) Pistil.

কুণ্ড বা বহিরাবরণ। *

পুংকেশর ও গর্ভকেশর দ্বারা বীজোৎপত্তি হয়। কুণ্ড ও দলদ্বারা পুংকেশর ও গর্ভকেশর রক্ষিত হয় বলিয়া ঐ দুইটীকে রক্ষণেন্দ্রিয় বলে। কুণ্ড পুষ্পের উপরের আচ্ছাদন বলিয়া উহার অপর একটী নাম বহিরাবরণ।

বহিরাবরণ দুই প্রকার, খণ্ডিত ও যুক্ত। ধুতুরা ফুলের আবরণ যুক্ত। নাগেশ্বর ফুলের আবরণ খণ্ডিত। আবরণের খণ্ডগুলির নাম বৃতি। বৃতির আকার পত্রের ন্যায়, কিন্তু অবৃন্তক। পত্রের শিরাবিন্যাস-সদৃশ পুষ্প-বৃতির শিরাবিন্যাস হইয়া থাকে; অর্থাৎ এক বীজ-পত্রক উদ্ভিদের বৃতির শিরাবিন্যাস সরল ও দ্বিবীজ-পত্রক উদ্ভিদের বৃতি জটিল হইয়া থাকে। একবীজ-পত্রক উদ্ভিদের কুণ্ড তিন বা তিনের গুণবাচক সংখ্যক হইয়া থাকে। দ্বিবীজ-পত্রক উদ্ভিদের কুণ্ডগুলি ৪।৫।৭ বা তাহার গুণবাচক হইয়া থাকে।

সকল পুষ্পের বৃতি একরূপ কাল স্থায়ী হয় না। পোস্ত, শিয়ালকাঁটার পুষ্প প্রস্ফুটিত হইলেই বৃতির পতন হইয়া থাকে। বেগুন ফুলের বৃতি ফলের বৃন্তরূপে পরিণত হয়। আমরা যাহাকে চালিতা বলিয়া খাই, উহাই বৃতি, ফল নহে।

অন্তরাবরণ, দল বা পাঁবড়ি—†

দল ও বৃতি একই পদার্থ। তবে বৃতির বর্ণ একরূপ, কিন্তু দল নানাবর্ণে রঞ্জিত, এবং বৃতি অপেক্ষা দলগুলি বৃহদাকার।

ধুতুরার ন্যায় যাহাদের দলগুলি পরস্পর সংযুক্ত তাহাদিগকে যুক্তদল বলে, আর গোলাপের ন্যায় যাহাদের দল খণ্ডিত তাহাদিগকে বহুদল বলে।

দলের অবস্থান অনুসারে ইহার ভিন্ন ভিন্ন নাম হইয়াছে। মূলা, সরিষা প্রভৃতি পুষ্পের দলগুলি পরস্পর এরূপ ভাবে অবস্থিত, যে দেখিলে ক্রশ বলিয়া বোধ হয়। এই নিমিত্ত উহাকে ক্রশাকার (*a*) কহিয়া থাকে। এক আকারের পাঁচটী দল একস্তরে থাকিলে, উহাকে গোলাপাকার (*b*) দল বলে। কতকগুলি ফুলের দল প্রজাপতির পক্ষের ন্যায় সংস্থাপিত। এই নিমিত্ত উহাদিগকে প্রজাপতির (*c*) আকার বলে। মটর, সিম প্রভৃতি পুষ্প এইরূপ।

দলযুক্ত পুষ্পগুলিও নানা আকারের হয়। যথা ধুতুরার পুষ্প নলাকার (*d*)। বেগুণের ফুলগুলি দেখিতে গোলাপাকার, কিন্তু উহার দলগুলির অগ্রভাগ সামান্য

---

* Calyx. † Petae.

(*a*) Cruciferous. (*b*) Roscete. (*c*) Papillonaceous. (*d*) Tubular.

খণ্ডিত মাত্র, অধিকাংশই যুক্ত। এই নিমিত্ত উহাকে চক্রাকার (*a*) বলে। কালাদানা, কলমি প্রভৃতি ফুলের আকার ঘণ্টার ন্যায়। এই নিমিত্ত উহাদিগকে ঘণ্টাকার (*b*) বলে। বাসকফুলের যুক্ত অংশ নলাকার এবং অগ্রভাগ খণ্ডিত ও ওষ্ঠাকার (*c*)। শোনা ও গাম্ভার পুষ্পের নিম্নাংশ নলাকার, কিন্তু অগ্রভাগ তুরীর (*d*) ন্যায়। এই নিমিত্ত উহাদিগকে তুরীর আকার বলা যাইতে পারে।

জননেন্দ্রিয়। *

জননেন্দ্রিয় দুইভাগে বিভক্ত। একটীর নাম পুংকেশর (*e*) অপরটীর নাম গর্ভকেশর (*f*)। সকল ফুলের দুইটী কেশর থাকে না। কতকগুলির পুংকেশর আছে, কতকগুলির গর্ভকেশর আছে। † কিন্তু অধিকাংশ পুষ্পের উভয় কেশর আছে। পুংকেশরবিশিষ্ট ফুলকে পুংকেশরিক (*g*) আর গর্ভকেশর বিশিষ্ট ফুলকে গর্ভকেশরিক (*h*) বলে। আর যাহাদের উভয় কেশর আছে, তাহাদিগকে উভয়-কেশরিক (*i*) বলে। যাহাদের কেবল একটা করিয়া কেশর থাকে, সেই সকল পুষ্প প্রায়ই ফলবতী হয় না, এই নিমিত্ত উহাদিগকে রাঁড়া (*j*) ফুল বলে।

পুংকেশর। ‡

পুংকেশরের অবস্থান অনুসারে উহাদের নামকরণ করা হয়। যাহাদের পুংকেশর দলের উপর জন্মে তাহাকে দলস্থ (*k*) বলে, যথা শিমুল। যাহাদের কেশর কুণ্ডের সহিত থাকে, তাহাকে কুণ্ডস্থ বলে, যথা মটর। পদ্ম প্রভৃতির কেশর গর্ভকেশরের নিম্নে বেষ্টিত থাকে, এই নিমিত্ত উহাকে ফলস্থ (*l*) বলে।

পুংকেশর সকল পুষ্পে সমসংখ্যক থাকে না। এই সকল পুংকেশরের সংখ্যা গণনা করিয়া, কোন কোন উদ্ভিদবেত্তা বৃক্ষাদির শ্রেণী-বিভাগ করিয়া থাকেন। প্রাচীন আর্য্যপণ্ডিতগণের মধ্যেও কেহ কেহ এই প্রকার উদ্ভিদের শ্রেণী-বিভাগ করিতে চেষ্টা করিয়াছিলেন। কিন্তু আজকাল সে প্রথার বড় একটা প্রচার না থাকায় আমরা ইহা পরিত্যাগ করিতে বাধ্য হইলাম।

(*a*) Salver shaped. (*b*) Infundibuliform. (*c*) Bi-labiate.
(*d*) Trumpet-shaped. * Organs of Reproduction.
(*e*) Stamen. (*f*) Pestil. † লাউ বা কুমড়ার ফুল।
(*g*) Male-flower. (*h*) Femeli-flower. (*i*) Hermaphrodite.
(*j*) Sterile. ‡ Stamen. (*k*) Epipetalous. (*l*) Perigynouss.

গর্ভকেশর। *

গর্ভকেশর তিন ভাগে বিভক্ত। বীজকোষ, (*a*) আশয়দণ্ড (*b*) ও আশয় (*c*)। গর্ভকেশরের নিম্নাংশ সর্ব্বাপেক্ষা স্ফীত, উহার নাম বীজকোষ। অর্থাৎ উহার মধ্যে বীজ জন্মিয়া বর্দ্ধিত হইয়া থাকে। বীজকোষের উপর যে সূত্রাকার পদার্থ থাকে, তাহাকে আশয়দণ্ড বলে এবং ঐ দণ্ডের উপরিভাগে যে চেপ্টা অংশ থাকে, তাহাকে আশয় কহে। আশয়ের উপরিভাগে লগ্নশীল এক প্রকার পদার্থ থাকে। ইহাতে পুংকেশর হইতে রেণু (*d*) পতিত হইলে গর্ভসঞ্চার বা ফলোৎপাদন হইয়া থাকে। কোন কোন উদ্ভিদের গর্ভকেশরের আশয় দণ্ড থাকে না। পোস্ত, চালিতা প্রভৃতির পুষ্প পরীক্ষা করিলে, আশয়দণ্ড দেখিতে পাওয়া যায় না। মটর প্রভৃতির বীজকোষ সরল। শালুক প্রভৃতির বীজকোষ বিভক্ত।

ফল।

বীজকোষ ক্রমশঃ বর্দ্ধিত হইয়া ফলরূপে পরিণত হয়। ফলের আবরণ ধরিয়া ইহাদিগকে (*e*) শুষ্ক ও রসাল ; (*f*) আবদ্ধ (*g*) ও উন্মোচক (*h*) এই দুই শ্রেণীতে বিভক্ত করা হয়।

যে সকল ফল পক্ক হইলে রস শুষ্ক হয় তাহাকে শুষ্ক কহে, যথা, শিমূল ; যে সকল ফলে রস বা জলীয় পদার্থ অধিক থাকে তাহাকে রসাল, যথা, আম্র, তরমুজ ; যে সকল ফল পক্ক হইলে ফাটিয়া যায় না তাহাকে আবদ্ধ, আর যাহারা পক্ক হইলে ফাটিয়া যায়, তাহাকে উন্মোচক কহে। গাব আবদ্ধ, শিমুল ফল উন্মোচক।

এই সকল প্রধান বিভাগ লইয়া নানা প্রকার শঙ্কর বিভাগ হইয়াছে। কিন্তু তাহার বিবরণ নিতান্ত নীরস বলিয়া আর অধিক বিবৃত হইল না।

---

* Pestil. (*a*) Ovary. (*b*) Style. (*c*) Stigma. (*d*) Pallen. (*e*) Dry. (*f*) Succulent. (*g*) Indehiscent. (*h*) Dihiscent.

ÆGLE MARMELOS

বিল্ব। বেল।

ILLUSTRATED

Hindu Medicinal Plants.

ÆGLE MARMELOS. *THE BAEL FRUIT.*

N. O. RUTACEÆ. L. S. POLYANDRIA MONOGYNIA.

VERN. *Sans.* Vilva, Sriphal; *Beng.* Bel; *Hind.* Bael; *Tam.* Bilva; *Tel.* Maredee.

A tree, cultivated all over India. The spines are straight, in pairs and axillary, found in young stem or branches. The leaves are *ternate*, the lateral leaflets are sessile, and the terminal one with long petiole, and of aromatic odour, and drop off in summer. The flowers are greenish white and sweetly scented. The fruits are round or ovate and with a hard coating, which get yellow when ripe and of delicious test.

Parts used. Roots, barks, leaves and fruits.

Properties and uses, The root bark is one of the ten roots of *dasamul* of Aurved, checks heart diseas. An infusion of leaves cures fever. The juice of the leaves is purgative to children. The baked unripe fruit is a powerful astringent and is used in dysentery. The ripe fruit, taken every morning, proves serviceable in dyspepsia and habitual costiveness. A delicious *sherbet,* prepared from the ripe fruit, is also beneficial. The green fruit, cut into small parts and being dried in the sun, is preserved under the name *Bel soota,* a decoction of which is used as a drink for cases of fever and diarrhœa. A marmalod is sold in bazar and an extract of *Bel,* now prepared by some of the European chemists is good remedy for dysentery and diarrhœa.

বিল্ব, বেল।

সং বিল্ব, শ্রীফল। বা বেল। তাঃ বিল্ব-পাঝাম। তৈঃ-পন্দ্বিল্ব।

পর্য্যায় শব্দ। শাণ্ডিল্য, শৈলূষ, মালূর, শ্রীফল, মহাকপিথ, গোহরীতকী, শিবেষ্ট, পত্রশ্রেষ্ঠ, ত্রিপত্র, দুরারোহ, সত্যফল।

বিবরণ। বৃহৎ বৃক্ষ, নবকাণ্ড ও শাখা কণ্টকিত, পত্র ত্রিদল, পুষ্প শ্বেতবর্ণের ও সদ্গন্ধযুক্ত। ফল গোলাকার, সুস্বাদু ও কঠিন আবরণে আবৃত। ফল মধ্যে বহুসংখ্যক বীজ জন্মে। বীজ আঠাযুক্ত। গ্রীষ্মারম্ভে ইহার পুরাতন পত্র পতিত হয় ও নূতন পত্র অঙ্কুরিত হইয়া থাকে।

ব্যবহার। বিল্বের সকল অংশই ব্যবহৃত হয়। ফল কাঁচা ও পাকা উভয়ই প্রয়োগ হয়।

গুণ। মূল কষায়, তীক্ষ্ণ, উষ্ণ ও বাতশ্লেষ্মা নাশক। লঘু, ত্রিদোষ নাশক। মূলের ত্বক্ দশমূলের মধ্যে একটী প্রধান উপাদান। হৃদ্রোগ নাশক।

পত্র। পত্র বাটিয়া প্রলেপ দিলে চক্ষুরোগ আরোগ্য হয়। জলে সিদ্ধ করিয়া অরিষ্ট পান করিলে জ্বরভাব ইত্যাদি দমিত হয়। পত্ররস শিশুদিগের পক্ষে বিরেচক এবং শ্লেষ্মানাশক। অনেক ঔষধের অনুপানে ব্যবহৃত হয়।

PIPER NIGRUM.—*BLACK PEPPER.*

N. O. PIPERACEÆ. L. S. DIANDRIA TRIGYNIA.

Vern. *Sans.* Maricham. *Beng.* Golmarich. *Hind.* Kalamarich. *Tam.* Milagu. *Tel.* Miriyalu.

A perennial climbing plant, indigenous in Travancore &c., now extensively cultivated in Southern India, on rich moist soil. The cuttings are planted at the base of large trees. The plant entwines round its support tree to a considerable hight, the flexile branches drops downwards, bearing spikes of greenish flowers, which are followed by large bunches of birries the fruit, which are red when ripe but get black on being dried, and are chiefly used as condiment. White pepper is not a distinct varity, but it is the black pepper macirated in water and husked.

Properties and Uses. Acrid, pungent, hot, carminative, stomachic in dyspepsia. Checks intermittent fever and heomorrhids. Pow-

বকুল
CRATÆVA RELIGIOSA

গোল মরিচ
PIPER NIGRAM

দাড়িম্ব
PUNICA GRANATUM

ব্রহ্মী
HERPESTIS MONNIERA

dered pepper mixed with simple ointment is externally used as a cure to chronic piles, *O'shaughnessy.* Powdered pepper mixed with honey is useful in coughs and cold.

Parts used. Fruits.

গোলমরিচ। মরিচ। কালামরুচ।

গোলমরিচ। হিঃ কালামরুচ। সং মরিচম্। লাঃ পাইপার নাইগ্রাম। পাইপারেসি জাতীয়। পাঃ ফিল ফিলিশিয়া। তাঃ মিলাও। তৈঃ মিরিয়ন। কালিমিরি।

পর্য্যায় শব্দ। উষণ, কৃষ্ণ, কফবিরোধি, কোল, মৃষ, বয়জি, বৃত্তফল, বরিষ্ঠ বেল্লজ, শ্যাম-ভূষণ, শাকাঙ্গ, শিরোবৃত্ত, সর্ব্বহিত, ধর্ম্মপত্তন।

মরিচ লতা দাক্ষিণাত্যে ত্রিবঙ্কুর মালাবার প্রভৃতি স্থানের আর্দ্র উর্ব্বরা ভূমিতে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। তদ্দেশবাসিগণ এই লতাকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করিয়া বৃহদাকার বৃক্ষগণের মূলদেশে রোপণ করে। সচরাচর ৩ বৎসরে ইহারা ফলবতী হয়। ফলগুলি পাকিলে রক্তবর্ণ ধারণ করে কিন্তু শুষ্ক হইলে কৃষ্ণবর্ণে পরিণত হয়। ইহা রন্ধনের একটী উপাদেয় উপকরণ।

গুণ। কটু, তীক্ষ্ণ, দীপন। পাকে মধুর, গুরু, উষ্ণ, রুক্ষ। কফ, বাত, জ্বর, অর্শ, হিক্কা, কাশ, শূল, মৃগী ও কৃমিনাশক। ভিজা মরিচের সেক দ্বারা শোথ দোষ নষ্ট হয়। আর্দ্রমরিচ মধুর বিপাক, ঈষৎ উষ্ণ, কটুরস, গুরু কিঞ্চিৎ তীক্ষ্ণগুণযুক্ত, কফস্রাবক ও অল্পপিত্তকারক। গব্য ঘৃতের সহিত মরিচচূর্ণ ব্যবহারে অর্শোরোগ আরোগ্য হয়। একটা মরিচ সূচীর অগ্রভাগে বিঁধিয়া অগ্নিশিখায় দগ্ধ করিয়া তাহার ধূম নাসারন্ধ্রে প্রদান করিলে হিক্কাও স্নায়বীয় শিরাপীড়া আরোগ্য হয়।

CRATÆVIA RELIGIOSA.

N. O. CAPPARIDACÆ L. S. DODECANDRIA MONOGYNIA.

Vern *San,* Varun. *Hind.* Varna. *Tam.* Mayalinga. *Tel,* Ukhi, *Bur,* kadyt.

A tree grows all over India, the leaves are ternate the flowers are white in bunches.

Properties and Uses. In hypochondria melancholia. Purgative, tonic. An infusion of leaves is used as a stomachic.

Parts used. Bark and leaves.

বরুণ। বর্না।

লাঃ ক্রাটিভা রিলিজিওসা। কেপারিডেই জাতীয়। তাঃ মায়ালিঙ্গ। তৈঃ উষ্ণী। ব্রঃ কাদিট্।

পর্য্যায় শব্দ। অশ্মরীঘ্ন, কুমারক, তমাল, তিক্তশাক, মারুতাকটু, বরণ, শিখিমণ্ডল, শ্বেতবৃক্ষ, সেতু, সাধুবৃক্ষ।

বরুণ বৃক্ষ ভারতবর্ষের সর্ব্বত্র জন্মিয়া থাকে। বেলপত্রের ন্যায় তিনটি পত্র একত্র হইয়া থাকে। পুষ্প শ্বেতবর্ণ একত্র গুচ্ছাকারে প্রস্ফুটিত হইয়া থাকে।

গুণ। পিত্তবর্দ্ধক, ভেদক, দীপন, কষায়, মধুর, তিক্ত, কটুরস, রুক্ষ। কফ, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, গুল্ম, ক্রিমি, ও বাতনাশক।

ব্যবহার। ছাল ও পত্র। মাত্রা ২ তোলা।

HERPESTIS MONNIERA.

N. O. SCROPHULARIACEÆ. L. S. DIDYNAMIA ANGIOSPERMIA.

Vern *Beng.* Bimmi. *San.* Brahmani, *Tam.* Nir-brami, *Bom.* Bama.

A common herb in moist places, roots perennial, stem several, round, jointed, smooth, creeping; leaves opposite, sessile, wedge shaped, smooth, fleshy; flowers blue or white, corola campanulate, border 5 parted; Capsule ovate, two selled seeds numerous.

Properties and Uses.—Nervine tonic, diarectic, aperient, useful in insanity and epilepsy. The juice mixed with ghee is a good remedy for rheumatism.

ব্রহ্মী। বিমূনি—ব্রহ্মী শাক। জলনিম্।

লাঃ হারপেষ্টিস মন্নিরিয়া। স্ক্রফুলারিসি জাতীয়। হিঃ জলনিম, শ্বেতবম্নি। তাঃ বিয়মি, নিরব্রামি। তৈঃ-সম্বলি চিতলু।

পর্য্যায় শব্দ। মৎস্যাক্ষী, সুরসা, ব্রহ্মচারিণী। মেধ্যা, ব্রহ্মমণ্ডুকী, সরস্বতী, সুরেষ্টা, সায়ম্ভূরী।

গুণ ও ব্যবহার। ভেদক, পিত্ত ও কফনাশক, স্বরোদ্দীপক। শিশুদিগের সর্দ্দিতে ইহার রস আশ্চর্য্য গুণকারী। স্মৃতিবর্দ্ধক। মাত্রা ২ তোলা।

বিবরণ। ইহা বঙ্গদেশে জলা ও পুষ্করিণীর ধারে জন্মে। লতানে, রসালপত্র। পুষ্প নীল ও শ্বেতবর্ণ।

PUNICA GRANATUM. *THE POMEGRAMATE.*

N. O. *Myrtaceæ.* L. S. ICOSANDRIA MONOGYNIA.

Vern *Sans.* Darimba. *Beng.* Dalim *Hind.* Anar. *Tel.* Madalai-ch-cheddi, *Tam.* Danimma-chettee.

A small tree, with numerous slender branches some of which are armed with sharp thorns. The leaves are opposite about three inches long. The flowers are produced at the end of the branches single, or three or four together, and of a fine red or scarlet colour. The fruit round covered with a leathery coat, and crowned with the calyx tube, which is toothed.

Properties and uses. The root bark is astringent, and is considered a perfect specific in cases of tape-worm. The flowers are astingent and have long been used both internally and externally in diarrhœa, and sloughing ulcers. The rind of the fruit is tonic, astringent, and is adminstered in dysenteric affections and leucorrhœa. The juice of the fruit is refreshing.

Parts used. Root, bark, leaf, flower, fruit and seed.

দাড়িম্ব। দালিম। আনার।

লাঃ। পিউনিকা গ্রানিটম। মরটেসি জাতীয়। পাঃ দরস্ত, অনার, মাদলাবি বির্দ্ধিঃ তাঃ; তৈলঙ্গ দালিম, চতুব্রহ্ন, সালিবিন।

পর্য্যায় শব্দ। করক, কল্কফল, কুচফল, কুট্টিম, দন্তবীজ, নীলপত্র, পর্ব্বরুট, পিণ্ডরি, পিণ্ডপুষ্প, ফলশারক, বৃত্তফল, মণিবীজ, মধুবীজ, রক্তবীজ, রক্তপুষ্প, রোচন, লোহিতপুষ্পক, সুফল, শুকপ্রিয়, সুনীল।

বিবরণ। দাড়িম্ব মধ্যমাকার বৃক্ষ। ভারতের সর্ব্বত্র প্রচুর পরিমাণে পাওয়া যায়। কাবুল এবং পাঞ্জাবদেশীয় বৃক্ষের ফল অপেক্ষাকৃত মধুর।

গুণ। মধুরাম্ল, কষায়। কাশ, বাত, কফ, শ্রম, পিত্ত, শ্বাস, অরুচি, তৃষ্ণা, হৃৎরোগ ও মুখরোগনাশক। দাড়িম্বমূল কৃমিনাশক ও বিরেচক, গ্রাহী, দীপন, শীতল ও জ্বরঘ্ন। মাত্রা শুষ্ক ছাল ৫ তোলা।

পুষ্প। নাসিকা প্রভৃতি স্থান হইতে রক্তপাত হইলে ইহার ঘ্রাণে ও ইহার রস নাসারন্ধ্রে প্রদানে আরোগ্য হয় (রক্ত স্থাপক)।

ত্বক্। অজীর্ণাধিকারে ব্যবহৃত হয়।

পত্র। কচিপত্র গোলাপ জলে বাঁটিয়া প্রলেপ লাগাইলে মাথার ব্যথা নষ্ট হয়। খদিরের সহিত প্রলেপ দিলে ক্ষতস্থানের পরিষ্কারক ও সংশোধক। দাড়িম্ব রসভেদে তিন প্রকার, মধুর, মধুরাম্ল, অম্ল। মধুর দাড়িম্ব বায়ু, পিত্ত, কফ পিপাসা, দাহ, জ্বর, হৃদ্‌রোগ, কণ্ঠরোগ, মুখরোগনাশক। তৃপ্তিকারক, শুক্রবর্দ্ধক, লঘু। স্নিগ্ধ। মেধা ও বলবর্দ্ধক। মধুরাম্ল অগ্নিদীপ্তিকারক, রুচিকারক, কিঞ্চিৎ অম্ল দাড়িম কফ্ ও বায়ুনাশক।

বীজ—কাশনাশক।

মূল। গ্রাহী ও কৃমিনাশক।

MYRISTICA MOSCHATA. *THE NEUTMEG.*

N. O. *Myristicacea* LINN SYST. *Diacia Monadelphia.*

Vern. *Sans.* Jatiphala, *Beng.* Jayphal, Jaitre. *Tam.* JodikRay.

An evergreen tree, with numerous branches, common in Sumatra &c. The leaves are nearly elliptical, pointed, and undulated. The flowers are small, white, bellshaped, and without any calyx. The fruit a drupe, covered with a thick outer coat, which bursts when ripe, and discloses the spice *mace* of a leafy redish colour which surrounds the nut, the *nutmeg* has a fragrant odour and worm aromatic taste.

Properties and uses. Both nutmeg and mace are acrid, pungent, and aromatic. An infusion of nutmeg is recommended as a drink in cholera and is also given to children suffering weaning. Mace—stimulent, and is employed as a liniment in rhematism, and in cholora to allay thrust.

জাতীফল। জায়ফল। জাতীপত্র। জৈত্রী।

লাঃ মাইরিষ্টিকা মোশ্চেটা। মিরিষ্টিকেসিই জাতীয়। আঃ হউজবাভা। তৈঃ জাজকারী। ব্রঃ জাদিক্ষু।

পর্য্যায় শব্দ। জাতিকোষ, জাতিফল, জাতিশস্য, জাতিসার, পপুট, মজ্জসার, মালতীফল, শালুক, সজ্জসাদ, সুমন।

বিবরণ। গুল্ম বিশেষ। সুমাত্রা, সিংহল, পিনাং প্রভৃতি প্রশান্ত ও ভারত

আরম
SOLANUM VERBASCIFOLIUM
জায়ফল
MYRISTICA MOSCHATA
করবী
NERIUM ODORUM
কাঁঠাল
ARTOCARPUS INTEGRIFOLIUS

মহাসমুদ্রের দ্বীপপুঞ্জে প্রচুর পরিমাণে হইয়া থাকে। দেখিতে সুন্দর হরিৎ বর্ণ আজকাল দাক্ষিণাত্যেও ইহার চাষ হইতেছে। ইহার ফলের উপরের ছাল ফাটিয়া যে ঈষৎ রক্তবর্ণ শস্য বাহির হয় তাহাই জৈত্রী। ইহার বীজকে জায়ফল বলা হয়। জৈত্রীর সদ্‌গন্ধ থাকায় ইহা পান সহিত ব্যবহৃত হয়। বীজ হইতে তৈল বাহির হইয়া থাকে।

গুণ। উষ্ণ, তিক্ত কটু, কণ্ঠাময়, অতিসার ও মেহনাশক। তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, রুচিকারক, লঘু, অগ্নি-প্রদীপক, ধারক, স্বরপ্রসাদক, এবং কফ, বায়ু, মুখের বিরসতা, মলের দুর্গন্ধ ও কৃষ্ণতানাশক। ক্রিমি, কাশ, বমি, শ্বাস, শোষ, পীনস ও হৃদ্রোগ বিনষ্টকর।

জৈত্রী। গুণ। লঘু, মধুরকটুরস, উষ্ণবীর্য্য, রুচিকারক, বর্ণপ্রসাদক এবং কফ, কাশ, বমি, শ্বাস, তৃষ্ণা, কৃমি ও বিষনাশক।

জায়ফল সিদ্ধ করিয়া জল অল্প অল্প পরিমাণে পান করিলে ওলাউঠা রোগের পিপাসা নষ্ট হয়।

SOLANUM VERBASIFOLIUM,

N. O. SOLANACEÆ L. S. PENTANDRIA MONOGYNIA.

An arborius plant, almost common in India, unarmed ; leaves alternate, oblong, entire, downy ; flowers small, white ; fruit a small berry.

The Juice of the leaves is a good remedy for glandular swelling and rheumatism.

অরস।

বিবরণ। ছোট গাছ

গুণ। পাতার রস সর্দ্দিজনিত বিচিয়াওরাণ ও অন্যান্য সকল দোষ নষ্ট করে।

ARTOCARPUS INTEGRIFOLIA. N. O. ARTOCARPACE.

Vern. *Sans,* Panasa, *Beng.* Kanthal, *Hind.* Pans ; *Bur.* Peingnai.

A large tree with dense deep dark green foliage, found all over India, common in Bengal, Burma ; having clusters of fruits around the stem.

Properties and Uses.—The juice of the stem is applied externally to glandular swelling and abcesses to promote suppuration.

The young leaves in skin diseases, and the dicoction of roots taken internally in diarrhœa.

পনস। কাঁটাল।

সাং পনস। বা কাঁটাল। হি কটহর। তা পলা ব্যায়স। তে পনস কুরাপন্দি। ব্র পিংনি। লাঃ আরটো কারপষ ইণ্টেগ্রিফোলিয়া।

অপক্ক কাঁটালের গুণ—গুরুপাক, বায়ুবর্দ্ধক, কষায়মধুররস, গুরু, দাহজনক, বলকারক, কফও মেধবর্দ্ধক।

পাকা কাঁটালের গুণ—শীতলবীর্য্য, স্নিগ্ধ, তৃপ্তিকারক, শরীরের উপকরকারক, মধুররস, মাংসবর্দ্ধক, কফ্‌কর, বলকারক, শুক্রবর্দ্ধক, এবং পিত্ত, বায়ু রক্তপিত্ত ও ক্ষতনাশক।

কাটাল বীজের গুণ। শুক্রবর্দ্ধক, মধুররস, গুরু, বায়ু, পিত্ত ও কফনাশক। মলরোধক, ও মূত্রনিঃশ্বারক।

কাঁটালপত্রের গুণ। কুক্ষি প্রভৃতি স্থানের চর্ম্মরোগনাশক। সিদ্ধি প্রভৃতি মাদক-দ্রব্যজ মত্ততানাশক।

স্ফোটক সকলতে সত্বর পূঁজসঞ্চারের জন্য কাঁটাল বৃক্ষের মূলদেশের রস প্রয়োগ করা হইয়া থাকে, এবং ঐ মূলদেশ-জলে সিদ্ধ করিয়া উদরাময়ে ব্যবহৃত হয়।

গুল্ম মরোগাক্রান্ত ও মন্দাগ্নীযুক্ত ব্যক্তিগণ কাঁটাল ত্যাগ করিবেন।

NERIUM ODORUM. *SWEETSCENTED OLEANDER.*

N. O. APOCYNACEÆ. L. S. PENTANDRIA MONOGYNEA.

Vern. *Sans.* Karavir. *Beng.* Karabi. *Hind.* Kaneo, Karber. *Pers.* Kania, Kaner. *Tam:* Alari. *Tel.* Gannern. *Bom.* Kanhera.

A shrub, generally cultivated in gardens for its flowers which are white, pink and red. Leavestrinate, linear-lanceolate, about 6 inches long, and about ½ inch broad. Flowers in bunches at the end of each branch. The single red flower is named, *Lall korabi* and the white called Shwet Karabi, are used in religious perposes.

The bark of the roots, and leaves are used as a powerful repellants, applied externally. The root is very poisonous, and is beaten into a paste with water applied to chancers and ulcers ato the penis. (Sarangahara) The fresh juice of the young leaves is dropped into eyes in appthalmia with copious lachrymation. (Chakradatta). The powder of the root bark cures syphilis and other

kind deseases. The dried and powdered leaves are used in colic, and are also used as an anodyne in neuralgia; in decoction it is used to kill cutanous vermin.

করবীর, করবী, কনের।

লাঃ-নিরীয়ম ওডোরম। আপসাইনসী জাতীয়। সং-করবীর, বাঃ-করবী, হিঃ-কনের, তাং-অলাবী, তৈঃ-গন্নিরু, পাঃ-ক্ষারজ্রাড়া।

ছোট গাছ, ইহা বাগানে রোপণ করা হয়। পুষ্প লাল, গোলাপী ও শ্বেত। একদল ও বহুদল বিশিষ্ট; পদ্মকরবী ছোট গোলাপ ফুলের ন্যায়।

পর্য্যায় শব্দ—প্রতিহাস, অশ্বমারক, শতকুন্দ, চণ্ডাত, স্থলকুমুদ, বীরক, শ্বেতপুষ্পক, নথরাহ্ব, দিব্যপুষ্প, শতপ্রাস, চণ্ডী-কুসুম, রবিপ্রিয়।

শ্বেত করবীর নাম। ক্ষেড়কন্দ, কস্তরী, প্রতিহাস, অশ্বমারক, শতকুন্ত।

লাল করবীর নাম। চণ্ডাত, চণ্ডী, গণেশকুসুম, রক্তপুষ্প, ভূতদ্রাবী।

ব্যবহার। পত্র, আঠা, মূল।

গুণ। তিক্ত, কষায়, কটু। ব্রণের লঘুতা সম্পাদক, নেত্ররোগ, কণ্ডু, উপদংশ, কুষ্ঠ, ক্ষত, ক্রিমি, বিষ ও কফ নাশক। বীর্য্যে উষ্ণ। ভক্ষণে বিষসম। মাত্রা অর্দ্ধ রতি।

DATURA ALBA. *WHITE FLOWERD THORN APPLE.*

N. O. SOLANACEÆ. L. S. PENTADRIA MONOGYNIA.

Vern. *Sans*,—Dhustara. *Beng*. Dhutura. *Hind*, Safed Dhatura.

A common plant growes wild in all over India on waste land. The stem is smooth, the leaves are alternate, large, broad at the base pointed at the extremities, and formed into several obtuse angles. The flowers are large, solitary, white, tubular, calyx pentangular, and corolla funnel-shaped. The fruit, a round fleshy capsule, covoured with spines. The seeds are flattened and reniform.

Properties and uses—A valuable medicene, but to be used with much caution, as it is a powerful narcotic poison. Narcotic, anodyne and antispasmodic. The dried leaves are smoked like tobaco to relief asthma immediately. Stramonium cigers are sold by this name. The leaves are used like top-dressing in rheumatic swellings of the

joints, and lumbago. The alcoholic extract of the seed will cure neuralgic pains.

ধুস্তুর, ধূতুরা, ধতুরা।

লাঃ-ধাটুরা আল্‌বা, ফাষ্টুওসা ও ইপিসিস। সোলানেসি জাতীয়।

সং-ধূস্তূর, উনমত্ত। বাং-ধুতুরা। হিঃ।—ধতুরা। তাঃ-উমততাই। তৈঃ-উমম-ইততি। আঃ-জউজ অলমফিল। পাঃ-ততুল্যা, তাতরই সফেদা।

পর্য্যায় শব্দ। ধূর্ত্ত, উন্মত্ত, কনকাহ্বয়। কনক, দেবিকা, শ্যাম, মাতুলক, শিবশেখর, খর্জ্জূঘ্ন, কাহনাপুষ্প, খল, কণ্টফল, মোহন, কলভ, মত্ত, শৈব. দীপন, দেবীকা, তুরী, মহৎমোহী ও ধুস্তর।

ফলের পর্য্যায় শব্দ। মাতুলপুত্র, মাতুল পুত্রক।

বিবরণ। গুল্ম। শ্বেত, কৃষ্ণ ও স্বর্ণ বর্ণের ত্রিবিধ জাতীয়। সচরাচর জঙ্গলাদিতে শ্বেত জন্মে, উদ্যানাদিতে কৃষ্ণ ও স্বর্ণ বর্ণের জন্মে। ধুতুরা এক দল, ত্রিদল ও সপ্তদল বিশিষ্ট। ফল কণ্টকযুক্ত।

গুণ। জ্বর, শ্লেষ্মা, কুষ্ঠ, ব্রণ, কৃমি ও বিষনাশক। কষায়মধুর, তিক্ত, উষ্ণ, গুরু, কটু, কান্তিকারক, চুলকানি, ব্রণ, বেদনা ও কফ নাশক। মত্তকারক, বর্ণ-প্রসাদক, অগ্নিবর্দ্ধক ও বায়ুজনক।

হাঁপানি রোগে হাঁপ নিবারণের জন্য শুষ্ক ডাঁটা ও পত্রের ধূমপান উপকারী। বাত প্রভৃতি রোগে এবং আঘাতজনিত বেদনায় ধুতুরার রস গব্য-ঘৃত ও সৈন্ধব লবণ সহ মিশ্রিত করিয়া ব্যথিত স্থানে ব্যবহৃত হয়। ধুতুরা বীজে বাতশিরা ভাল হয়।

ব্যবহার। মুল, পত্র ও বীজ। মাত্রা অর্দ্ধ রতি।

VANDA ROXBURGHII.

N. O. ORCHIDEÆ. L. S. GYNANDRIA.

Vern. *Beng.* Rashna, *Hind.* Rohsnii.

An epiphite, with ascending stem, which gives out thick, fleshy, whitish roots which fasten the plant into the stem of plants; leaves sheathing, recurved, linear; scape axillary, naked, with beautiful purplish checkered flowers.

Properties and uses. Bitter, aromatic, useful in rheumatism.

রাস্না, রহসনী।

সং-গন্ধনাকুলী। বাং-রাস্না। হিঃ-রহসনী। কোল-উরুগা। লাঃ-ভাণ্ডা রস্‌বার-গাই। আর্কিডেসি জাতীয়।

বিবরণ। বঙ্গদেশের পুরাতন আম্রাদি বৃক্ষের উপরে জন্মে। মূল গাছের ছালের উপরে লাগিয়া থাকে। পুষ্প জরদ ও বেগুনিয়া ছিটেদার। ফল ছোট কলার ন্যায়। মূলসহ রাস্না গাছ আনিয়া সুঁন্দরীকাষ্ঠের উপরে নারিকেল ছোবড়া ও দড়ি জড়াইয়া শূন্যে ঝুলাইয়া ছায়ায় রাখিলে ও জল দিলে বর্দ্ধিত ও পুষ্পিত হয়।

পর্য্যায় শব্দ। অতিরসা, এলাপর্ণী, গন্ধমূলী, ছত্রাকী, গন্ধনাকুলী, দ্রোণগন্ধিকা, ধনকুলা, পলঙ্কষা, ভুজঙ্গাক্ষী, যুক্তরসা, রসনা, রক্তা, রসনা, রসাঢ্যা, সর্পগন্ধা, সুবহা, শ্রেয়সী, সুগন্ধী মূল।

গুণ। তীক্ষ্ণ, তিক্ত, কটু। গরম, কফ, বাত, শ্বাস, শোথ, আমাশয়, বাতরক্ত, কাশ, বাতশূল, উদররোগ, জ্বর, কৃমিনাশক ও বিষনাশক।

ব্যবহার। মূল। মাত্রা ২ তোলা।

NELUMBIUM SPECIOSUM. *INDIAN SACRED BEAN.*

N. O. NELUMBIACEÆ. L. S. POLYANDRYA POLYGYNIA.

Vern. *Sans.* Padma, Kamala. *Beng.* Padma. *Hind.* Kamal. *Tam.* Subal.

A splendid aquatic plant. The roots are jointed and creeps in the mud, from which issue leaves and flowers. The leaves are sub-orbicular, peltate, glabrous, and margins waved. The petioles or leaf-stalks are very long and are armed with prickles. The peduncles or flower-stalks are radical, erect, larger than the peteoles, one flowered, the flowers are handsome white or rose coloured, the petals are about hundred or more and large. The anthers are linear. The fruits are turbinated in a truncate hollow disc. The seeds are ovate.

Properties and uses. Tonic odegestive, esculent, diuretic, and cooling. The milky viscid juice of the leaf and flower stalks are used as remedy in diarrhœa. Flowers astingent.

পদ্ম। কমল। সাধারণ কমলম্।

লাঃ-নিলাম্বিয়াম্ স্পিসিওসাম। নিলামবিয়েসি জাতীয়। হিঃ-কমল। আঃ-নিলাফর। পাঃ-সিষ্মু নিলেফের। তাঃ-অম্বল। বাঃ-পদ্ম। সং-কমলম্।

পর্য্যায় শব্দ। মহোৎপল, অরবিন্দ, সহস্রপত্র। কুশেশয়, সরোরুহ, তাম্রস, সারস, সরসীরুহ; বিষপ্রসূন। রাজীব, পুষ্কর, অম্ভোরুহ, শ্রী, সরোজিনী। নলিনী, পুণ্ডরীক।

শ্বেত পদ্মের নাম। শতপত্র, মহাপদ্ম, পুণ্ডরীক, সিতাম্বুজ।

গুণ। শীতবীর্য্য, মধুর। কফ ওপিত্তনাশক।

রক্তপদ্মেরনাম। কোকোনদ, রক্তোৎপল, কহ্লক, রক্তসন্ধিক, রক্তাম্ভ, অরুণকমল, অরবিন্দ।

গুণ। শ্বেত পদ্ম অপেক্ষা হীন। আবর্ত্ত রোগনাশক।

নীলপদ্মের নাম। ইন্দীবর, নীলোৎপল, ভদ্রক, কুবলয়।

গুণ। রক্ত অপেক্ষা ন্যূন। প্রদর নাশক।

ব্যবহার। মুল, পত্রদণ্ড, পত্র, বীজ, কেশর।

কেশরের ঘ্রাণ লইলে ঘ্রাণেন্দ্রিয়ের তীক্ষ্ণতা জন্মে। মাত্রা ৪ তোলা।

কমলগোটা-বীজ। স্বাদু, কটু, রুক্ষ, পিত্ত, ছর্দ্দি, দাহ, শোথনাশক। মাত্রা ১ তোলা।

নূতন পত্রের নাম। সম্বর্ত্তিকা।

গুণ। শীতবীর্য্য, তিক্ত কষায়। দাহ, পিপাসা, মূত্রকৃচ্ছ্র, অর্শাদিরোগ ও রক্তপিত্ত বিনাশক।

বীজকোষের নাম। কর্ণিকা।

গুণ। তিক্ত-কষায়-মধুর রস। শীতবীর্য্য, মুখ-বৈশদ্যকারক, লঘু. তৃষ্ণা, রক্ত দোষ, কফ ও পিত্ত নাশক।

নালের নাম। মৃণাল ও মিষ।

গুণ। শুক্রবর্দ্ধক, গুরু, দুষ্পাচ্য, স্তন্যবর্দ্ধক, রুক্ষ ও কফকারক।

MUSA PARADISIACA. *THE PLANTAIN.*

N. O. SCITAMINEÆ.

Vern. *Sans.* Kadali. *Beng.* Kala. *Hind.* Kela, *Tam.* Vazhaip-Pazham. *Burm.* Hugapy. *Lushai.* Balha.

A herbaceous stemed plant, cultivated nearly all over India, leaves in a claster at the top about 6 to 8 feet long and 2 feet broad. The spike of flowers rises from the centre of the leaves, flowers enclosed in a sheath, which drops off in maturity; fruit 6 to 8 inches long.

রাস্না
VANDA ROXBURGHI
কলা
MUSA PARADISIACA

curved on one side, turns yellow when ripe, and is filled with a luscious sweet pulp.

Properties and uses. The root or corm.

Sans. Kadalikanda, *uses*—cooling, antringant.

Flowering stem. *Sans.* Kadalidanda, *uses* cooling *Beng.* Mocha.

The flower. *Sans.* Kadali puspa or Kusam. *uses* astringent.

The leaf. *Sans.* Kadlipatra, *uses*—young leaves seems like silk or gotaparcha in dressing.

Green plantain.

Ripe Plantain, Pakka kadali. *uses* nureshing.

কদলী—কলা—রম্ভা—কেলা।

লাঃ-মুষা পারাডিসিয়াকা। পা-তল-তল-মরজ। তৈ-হদলী। তা-পাজম ব্রন-পিয়সী। লুসাই বাহ্লা। সং-কদলী। ব্যাঃ-কলা। হিঃ-কেলা।

পর্য্যায় শব্দ। বারণবুষা, রম্ভা, মোচা, কদল, অংশুমৎফলা, কষ্ঠীলা, সুফল, গুচ্ছফলা, ভানুফলা, বারণবল্লভা।

কলারকন্দ বা এঁটের নাম। কদলীকন্দ, হিঃ-কেলাকি জড়।

গুণ। শীতল, বলকারী, কেশহিত, অম্লপিত্ত ও দাহনাশক। যোনিরোগ, রক্তপিত্ত ও রক্তপ্রদর নাশক।

থোরের নাম। কদলীদণ্ড, স্থূলদণ্ড, স্তম্ভ।

গুণ। শীতল, রুচিকারক, অগ্নিবর্দ্ধক, যোনিরোগ ও রক্তপিত্ত নাশক।

মোচার নাম। রম্ভাপুষ্প, কদলীকুসুম।

গুণ। শীতল, বিষ্টম্ভ, কফকর, পিত্ত ও রক্ত হারক, ক্ষয় রোগ নাশক।

কদলীপত্র। ক্ষতাদির হিত, নেত্রদোষ নাশক।

কাঁচা কলা বা অপক্ক কলার গুণ। শীতবীর্য্য, বিষ্টম্ভ নাশক। কফঘ্ন পিপাসা, দাহ ও স্নিগ্ধ, রক্তপিত্ত, ক্ষত, ক্ষয় ও বায়ুনাশক।

পাকাকলার গুণ। স্বাদু, মাংসবর্দ্ধক, শুক্রবর্দ্ধক, ধাতুবর্দ্ধক, বলকারী, নেত্র-রোগ ও মেহরোগ নাশক। কলা—আকার ভেদে নানা প্রকার; মানিক্য, মর্ত্তমান, অমৃত, কাঁঠালি, চম্পা ইত্যাদি।

CINNAMOMUM ZEYLANICUM. *CINNAMON.*

N. O. *Lauracæ.* L. S. ENNEANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Tach. *Hind.* Dalcheeree. *Pers.* Darchinee, *Tam.* Karruma, *Tel.* Sanalinga. *Lushai.* Thuk-Thin.

A small evergreen tree, cultivated extensively in Cylon, Java, Sumatra &c. Leaves are ovate or ovate-oblong, three nerved, flowers are silky. The best cinnamon is produced in Ceylon, the colour of which is light yellow, approaching nearly to that of Venician gold; thin, smooth, and shining.

Parts used. The bark.

Properties and uses. A powerful stimulating, heating, stomachic, carminative and tonic. By distillation with water it yeilds a quantity of pungent and fragrant oil of golden yellow color. It is also stimulating, and is often effectually used in cramps of the stomach, headache, toothache, and paralycis of the tongue.

ত্বচ। দালচিনি। দারচিনি, তেজ!

লাঃ-সিন্নামোমাম জাইলনিকম। লরাসি জাতীয়। সং-ত্বচম্। বং-দালচিনি। হিঃ-দারচিনি, তেজ। তাঃ-করূউ পট্টাই। তৈঃ-সনাল লীঙ্গ পুতা। ব্রঃ-মিট-থ্যাবো। ইং-সিনামন। লুসাই-থ্বাক্ থ্বিন্।

গাছ ছোট। সিংহল, মালাবার, কোচিন, চায়না, সুমাত্রা, জাভা প্রভৃতি দেশে বহুল রোপিত হয়। সিংহল দ্বীপের দারচিনি সর্ব্বোৎকৃষ্ট। ইহার পাতা ও ফুল তেজপাতা গাছের ন্যায়। বৃক্ষের পাতলা ত্বক্ই দালচিনি। প্রকার ভেদে মোটা ত্বক্‌কে নালকো বলে।

পর্য্যায় শব্দ। ত্বকস্বাদু, তনুত্বক, দারুসিতা, সুরভিবল্লভ।

গুণ। মধুর ও কটু তিক্তরস, বাতঘ্ন, পিত্তনাশক, সুগন্ধী, শুক্র বর্দ্ধক, বলকারক, তৃষ্ণা নাশক। ইহা হইতে উৎকৃষ্ট তৈল প্রস্তুত হয়। উক্ত তৈল শিরঃপীড়ায় স্বল্প জ্বালা করিয়া আশু উপকার দর্শে। দালচিনির গুঁড়া আমাশয় রোগে ২০ কুঁচ মাত্রায় ব্যবহৃত হয়। শুক্রনাশক, পিত্তবর্দ্ধক, আগ্নেয়, বীর্য্য ও বলকারক, উত্তেজক, কফ, বাত, পীনস, দন্ত, মুখশোষ প্রভৃতি রোগনাশক।

—GREWIA ASIATICA.

N. O. TILIACEÆ. L. S. PLYANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Parusha. *Beng.* Phalsa. *Hind.* Pharsa, shukree.

A spreading small tree, common in India. Leaves are round, cordate, dawny, pointed, margin serrated ; from 5 to 7 nerved, arching, proceeding from the base. Stipules are linear-lanceolet. Flowers are on bunches and of yellowish color. The fruits are small, round drupe.

Parts used. The bark, leaves and fruit.

Properties and uses. Demulcent. A pleasent *sherbet* is made from the ripe fruits, which are pleasant in taste.

পরুষ। ফল্‌সা। ফরষা।

লাঃ-গ্রুইয়া আসিয়াটিকা। টিলিয়াসি জাতীয়। সং-পরুষ। বাং-ফল্‌সা। তৈঃ-পুতিকি। হিং-ফরসা সুকরী।

ব্যবহার। ছাল, পত্র ও ফল।

গাছ ১০। ১৫ ফিট উচ্চ। ভারতের প্রায় সকল স্থানেই ফলের জন্য রোপন করা হয়। ফল গ্রীষ্মকালে পাকে।

পর্য্যায় শব্দ। অল্পাস্থি, গিরিপিলু, পরুষক, মৃদুফল, নীলচর্ম্ম, নীলমণ্ডল, পরু, পরাপর। নাগদলোপম।

গুণ। অপক্ব বা কাঁচা ফল কষায়, অম্লরস, পিত্তবর্দ্ধক, লঘু, উষ্ণ।

পক্ব বা পাকা ফল। মধুরবিপাক, শীতবীর্য্য, কোষ্ঠবর্দ্ধক, ধাতুপোষক, মুখ-প্রিয়। প্রমেহ, দাহ, পিপাসা, বায়ু, রক্ত, জ্বর, ক্ষয়, ক্ষত, বিসর্প ও বাতনাশক। পক্ব ফল সরবৎ করিয়া পান করিতে উপাদেয় ও স্নিগ্ধ।

ছাল। সঙ্কোচক ও স্নিগ্ধকর। শোথ ও প্রমেহ নাশক।

পত্র। বিস্ফোটক নিবারক।

ANONA SQUAMOSA. *CUSTARD APPLE.*

N. O. *Anonaceae.* L. S. POLYANDRIA POLYGYNIA

Vern. *Sans.* Atripya. *Beng.* Ata. *Hind.* Sharipha. *Tam.* Sitaphallum. *Tel.* Sitapandu.

A small tree, cultivated in Bengal and North-western Provinces.

for its delicious sweet fruit. The leaves are oblong, and of heavy disagreeable smell. The fruits are almost round, scaly, and of a greenish yellow color. The rind is strong and thick, but the pulp is deliceo us. The seeds are oblong and black.

Properties and uses. The fruits are cooling, refreshing ; Mixed with salt and applied to malignant tumours, it has the effect of hastening suppuration. The powdered fruit mixed with flour is used for washing the hair with the object of destroying vermin. Roots are purgetive.

Parts used. Roots, bark, leaf and fruits.

আতৃপ্য। আতা। সরিফা।

লাঃ-এনোনা স্কোয়ামোসা। আননেসি জাতীয়। ইং-কাষ্টার্ড আপেল। সং-আতৃপ্য। বাং-আতা। হিঃ-সরিফা। তৈঃ-সিতাফলম্।

গাছ ছোট। ভারতবর্ষের প্রায় সর্ব্বপ্রদেশেই ইহার সুমিষ্ট ফলের জন্য রোপিত হয়।

ব্যবহার। ফল, পত্র, ছাল, মূল।

গুণ। পাকাফল—মধুর, শীতল, গুরু, স্নিগ্ধ, হৃদয়ের হিতকারী, মাংস ও পুঁক্ত বর্দ্ধক। দাহ, রক্তপিত্ত ও বায়ুনাশক, শ্লেষ্মা বর্দ্ধক।

কাঁচাফলের। শুষ্ক কাঁচাফল গুঁড়াইয়া ব্যেসম সহ মিশাইয়া কেশ ধৌত করিলে চুল পরিষ্কার ও উকুন নষ্ট হয়।

বীজের গুঁড়া। কীট নাশক।

CROTON TIGLIUM. *THE CROTON OIL TREE.*

N. O. *Euphorbiacea.* L, S. MONŒCIA MONADELPHIA.

Vern. *Sans,* Jayapala. *Beng.* Jaypal. *Hind.* Jamalgotœ. *Tam.* Nervalam. *Tel.* Nepala-vetutee.

A small tree, common in India. The stem is as thick as a man's thigh, the branches are thin. The leaves are alternate, petioled, ovate, cordate, epex pointed, margins serrate. The lower flowers are female and single the upper ones are male, numerous and pale coloured. The fruit a capsnle. The seeds are convex on one side and bluntly angular on the other.

Parts used. Roots Seeds and oil.

ফলসা
GREWIA ASIATICA.
দারচিনি
CINNAMOMUM ZEYLANICUM.
জয়পাল
CROTON TIGLIUM.
আতা
ANONA SQUAMOSA

Properties and uses. Drastic purgative, externally it is applied as a rubefacient. In dropsical affections, extreme torpor of the bowels, and affections of the brain it has been employed with advantage.

জয়পাল—জামাল্‌গোটা ।

জয়পাল। সং জয়পাল। লাঃ ক্রোটন টিগ্‌লিয়ম্। ইউফোরবিয়াসি জাতীয়। হিং জামালগোটা। পাঃ তুন্দু। আঃ বটো। তা নার্ভালাম।

পর্য্যায়শব্দ। সারক, চেরক, তিন্তিড়ীফল, দন্তীবীজ, মলদ্রাবি, বীজরেচন, কুম্ভীবীজ, কুম্ভিনীবীজ, ঘণ্টাবীজ, ঘণ্টিনীবীজ, শোধনীবীজ।

বিবরণ। ভারতবর্ষের প্রায় সর্ব্বত্রই ইহা জন্মে। সচরাচর ৬।৭ফিট হইতে ১০ ফিট পর্য্যন্ত উচ্চ হইয়া থাকে। শাখাগুলি প্রায়ই কাণ্ডের সহিত তুলনায় অপর বৃক্ষ অপেক্ষা আকারে শীর্ণ।

গুণ। কটু, ভেদক, দীপন। কৃমিনাশক। ক্ষত, পক্ষাঘাত, যক্ষ্মা ও কাশনাশক।

জয়পালের বীজ অতিশয় বিষাক্ত। বীজ হইতে যে তৈল প্রস্তুত হয় তাহা রেচনার্থে প্রয়োগ হইয়া থাকে। ইহা অপেক্ষা অধিক ফলপ্রদ রেচক ঔষধ বড় দেখা যায় না। যে সকল রোগে রোগীর ঔষধ সেবনের ক্ষমতা নাই সেই স্থলে এক ফোঁটা তৈল জিহ্বার নিম্নদেশে প্রদান করিলে মলত্যাগ হইয়া থাকে।

মাত্রা। $\frac{1}{8}$ রতি, তৈল ১ ফোঁটা। অধিক মাত্রাই ব্যবহার করিবার প্রয়োজন হইলে ২ ফোঁটা পর্য্যন্ত প্রয়োগ হইয়া থাকে।

জয়পালের বীজ অধিক মাত্রায় প্রয়োগ করা বশত বমন ও পেটের যন্ত্রণা হইলে তাহা নিবারণ করিবার জন্য অধিক পরিমাণে নেবুর আরক (Lime Juice) বাতাসা বা দধির সরবত ব্যবহৃত হয়।

ব্যবহার। বীজের শাস, মূল ও ছাল। বীজই অধিকাংশ স্থলে ব্যবহৃত হইয়া থাকে।

SPONDIAS MANGIFERA. *THE HOG-PLUM.*

N. O. ANACARDIACEA. L. S. POLYGAMIA MONŒCIA.

Vern. *Sans.* Amrataka. *Beng.* Amra. *Bom.* Jangli am.

A large tree common in India. The leaves are imparipinnate,

leaflets three to five pairs, when brused it emits a peculiar smell. The fruit is oval, smooth, golden yellow when ripe, and emuits fine smell, having a fleshy pulp, and seed is covered with fibres.

Parts used. Bark, leaves, fruits, and gum.

Properties and uses. Astringent, acid, cooling.

আম্রাতক। আমড়া।

আমড়া। সং আম্রাতক। হিঃ আওস। লাঃ স্পনডিস মেনজিফেরা। আনাকডিএসি জাতীয়। পাঃ, দরাক্তী মোর্ধম। তগা। অর্ভিমমদা।

পর্য্যায়শব্দ। অম্বরাতক, [illegible], আম্রাবর্ত্ত অ[illegible]ক, কপি, কপীতন, কপিপ্রিয়, কপিচূড়া, তনুক্ষীর, দুঃফল, পাত[illegible] ভৃঙ্গীবল, ফ[illegible], মর্কটাম্র, রসদ্য।

গুণ। কষায়, অম্ল, পিত্ত ও কফ নাশক। মধুর, রক্তবর্দ্ধক, বলজনক শীতল।

অপক্ক আমড়ার গুণ। অম্লরস, বায়ুনাশক, গুরু, উষ্ণবীর্য্য, রুচিকারক, সারক।

পক্কআমড়ার গুণ। কষায়, শীতবীর্য্য, তৃপ্তিকারক, কফবর্দ্ধক, স্নিগ্ধ, শুক্রবর্দ্ধক, বিষ্টম্ভী, বায়ুনাশক, পিত্ত, ক্ষত, দাহ ও রক্তদোষ নাশক।

মাত্রা। ৫ মাসা।

ব্যবহার। ছাল, পত্র, ফল ও আঠা।

PHARBITIS NIL. *THE PALE BLUE IPOMIA.*

N. O. CONVOLVULACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. Nilkalmi *Hind*, Kaladana.

A twining annual plant, common in India. The stems and branches are twining, round, hairy. The leaves are cordate, three-lobed, downy and alternate. The flowers are large of a pale blue colour. The fruits are caplules, smooth, three-celled. The seeds are black and small.

Parts used. Seeds.

Properties and uses. Safe and quick operating purgative. In its action it resembles Jolap.

কালাদানা। নীলকলমী।

লাং ফারবটিস নীল। কনভলভিউলেশী জাতীয়। কালাদানা। হিঃ নীলকলমী।

PHARBITIS NIL
CORDIFOLIA.
RACEMOSUS.

বিবরণ। লতা। বীজ কালজীরার ন্যায় কৃষ্ণবর্ণ। বর্ষাকালে জন্মে। ফুল নীলবর্ণ।

গুণ। পিচ্ছিল, তৈলাক্ত, স্বেত, বিরেচক। পেটবেদনা নাশক। জয়পালের পরিবর্ত্তে অনেক স্থলে ইহা ব্যবহৃত হয় কারণ যে ইহা জয়পালের মত ভয়ঙ্কর রেচক নহে। আজকাল অনেক এলোপেথিক চিকিৎসকগণ ও সরকারি হাঁসপাতালে ইহা ব্যবহার.করিয়া থাকেন।

ব্যবহার। বীজ।

TINOSPORA CORDIFOLIA.

N. O. MENISPERMACEÆ. L. S. DIŒCIA DODECANDRIA.

Vern. *Sans.* Guduchi, *Beng.* Gulancha, *Hind.* Gurcha.

A common climbing wild plant, common throughout tropical India, the stems are climbing, corky with many elevated rough tubercles. The branches are twining and give birth long fibreous roots like *Bur*, which lengthen till they enter the ground. The leaves are cordeto and glabrous. The flowers are yellow, males fascicled, females usually solitary. The berries are red when ripen.

Parts used. Stems.

Properties and uses. Tonic, antiperiodic, and diuretic. Its infusion is applied to cure cold, fevers, and leprous affections.

An extract, prepared from it, is highly spoken of in intermittent fever. It can be substituted for Sulphate of Quine.

গুড়ূচী। গুলঞ্চ।

অমৃত, গুলঞ্চ। লাঃ টিনোস্পোড়া কর্ডিফোলিয়া। মেনিস্পার্মেসি জাতীয়। আঃ জিলো। তাঃ সিন্দিল কোদি। তৈঃ—তিপাতিজ, গোধূচি। বোঃ গিরূলা[illegible]

বিবরণ। লতা, প্রায় সকল গাছের উপর জড়াইয়া উঠে। গাঁইট হইতে সরু সরু শিকড় বাহির হয়; উহা ক্রমে কাণ্ড ও মূলে পরিণত হয়। ফল ছোট মটরের আকার। পক্ক হইলে রক্তবর্ণ ধারণ করে।

ঐতিহাসিক বিবরণ। সীতাউদ্ধার জন্য রামচন্দ্র হনুমানাদি বানরসৈন্য সমভিব্যাহারে লঙ্কায় যাইয়া পরম বীর্য্যবান শত্রু রাবণকে সংহার করিলে তুমুল সংগ্রামে যে বানরগণ গতায়ু হয়, ইন্দ্রদেব স্বর্গ হইতে অমৃত বর্ষণ দ্বারা সেই

তাহাদিগকে জীবিত করেন। বানরগণের গাত্রচ্যুত অমৃত যে যে স্থানে পতিত হয় সেই সেই স্থানে গুড়ূচী উৎপন্ন হয়। সেই জন্য ইহার অপর নাম অমৃত।

পর্য্যায়শব্দ। অমৃতা, অমৃতবল্লরী, উৎসাদিনী, কুণ্ডলী, চক্রলক্ষণিকা, চন্দ্রহাসা, ছন্নিকা, ছিন্না, ছিন্নরুহা, ছিন্নোদ্ভবা, জ্বরারি, জীবন্তী, তন্ত্রিকা, ধারা, দেবনির্ম্মাতা, নাগকুমারিকা, বয়স্থা, বড়া, বৎসাদনী, বিশল্যা, ভিষকপ্রিয়া, মণ্ডলী, মধুপর্ণিকা, রসায়নী, বয়স্থা, সোমলতিকা, সোমবল্লী, সধা, সোমা, সোম্যা, শ্যামা, শূরপ্রিয়া।

গুণ। কটু, তিক্ত, কষায় রস, পাকে মধুর, রসায়নী, ধারক, অগ্নিদীপক। আম, তৃষ্ণা, দাহ, প্রমেহ, কাশ, কামল, কুষ্ঠ, বাতরক্ত, জ্বর, ক্রিমি, মূত্রকৃচ্ছ্র ও বায়ু নাশক।

পত্রশাক। সর্ব্বজ্বরহর, আগ্নেয়, কটু, কষায়, তীক্ষ্ণ। পাকে স্বাদু রসায়ন, বলকারী, সংগ্রাহী। ত্রিদোষ, পিপাসা, দাহ, প্রমেহ, বাতরক্ত, কুষ্ঠ, কামলা, ও পাণ্ডু রোগ নাশক।

প্রয়োগ। ঘৃতসহ বাতরোগে, গুড়সহ বিবন্ধরোগে, চিনিসহ পিত্তরোগে, মধুসহ কফরোগে, এরণ্ডতৈলসহ উগ্রবাত রোগে, শুঁটসহ আমবাত রোগে ব্যবহৃত হয়। অধিক দিন ব্যবহারে বাতনাশক, গুগ্‌গুলসহ বাত নাশক। নিমগাছের গোলঞ্চই সর্ব্বোৎকৃষ্ট ও বিশুদ্ধ। যে সকল বৃক্ষের ফলে অম্লরসের আধিক্য আছে তাহার গোলঞ্চ ব্যবহার নিষিদ্ধ। গোলঞ্চ ব্যবহার করিতে হইলে গ্রন্থিহীন করিয়া ও সদ্য তুলিয়া ব্যবহার করা উচিত।

ব্যবহার। পত্র ও কাণ্ড।

মাত্রা। ·২ তোলা।

পালো প্রস্তুত। কাণ্ডকে টুকরা টুকরা করিয়া কাটিয়া থেৎলাইবে এবং জলে দুই দিন ভিজাইয়া পরে চট্‌কাইয়া ঐ জল ছাঁকিয়া রৌদ্রে শুষ্ক করিলেই ইহার পালো প্রস্তুত হয়।

ASPARAGUS RACEMOSUS.

N. O. LILIACEA L. S. HEXANDRIA MONOGYNIA.

Vern. *Sans. Beng.* Satamuli, *Hind.* Satawar. *Tel.* Challa.

A climbing plant, common in India. The roots are perennial, succulent, united together at the top like a bunches of spindles. The

leaves are thread-like, and grows around the branches. The flowers are in bunches and of white colour, small, fragrant. The fruits are small round berries, and when ripe are of red colour.

Parts used. Roots and leaves.

Properties and uses. Stimulent, restorative, demulcent, diuretic, aphrodisiac, antispasmodic, alternative, and antidysenteric. An infusion of the roots prevents confluence of small-pox. The dried roots boiled in milk are taken internally to prevent bilious disorders. The leaves, boiled and mixed with glue, are applied as a poultice on boils.

শতমূলী—শতাবরী—সত্বায়র।

শতমূলী। লাং আস্পারেগস্ রাসিমসস্। লিলিএসি জাতীয়। হিঃ শতাভর। আঃ সথালকুল। তৈঃ চালা।

ছোট কণ্টকযুক্ত লতানিয়া গাছ। বর্ষারম্ভে অধিক পরিমাণে জন্মে। পত্র সূক্ষ্ম।

পর্য্যায় শব্দ। অহেরু, ঊর্দ্ধকণ্টিকা, ইন্দীবরী, কেশিকা, মহৌষধী, বরী, বহুসুতা, ভরুপত্রী, নারায়ণী, পীবরী, শতপত্রিকা, শতপদী, লঘুপর্ণিকা, সূক্ষ্মপত্র, বহুমূলা, শতাবরী।

গুণ। শীতল, বৃষ্য, মধুর। মোহ, কফ, বাত ও পিত্ত নাশক, তিক্ত রসায়ন, মেধা ও অগ্নিকারক, পুষ্টিদায়ক, নেত্ররোগ নাশক, গুল্ম, অতিসারনাশক, শুক্র ও স্তন্য দুগ্ধ বৃদ্ধিকারক; শোথ ও কুষ্ঠনাশক; গর্ভদোষনাশক, অম্লপিত্ত, অর্শ, রক্তপিত্ত, ক্ষয়, শ্বাস, কাশ, যক্ষ্মা, যোনিদোষ, অপস্মার, উন্মাদ, দন্তশূল নাশক। বহু মূত্রকর। শুক্র দোষ নিবারণে ইহার আশ্চর্য্য ক্ষমতা।

মাত্রা। ২ তোলা।

ব্যবহার। মূল।

AVERRHA ACIDA.

N. O. GERANIACEA. L. S. MONADELPHIA.

Vern. *Sans.* Labali, *Beng.* Noar. *Hind.* Nor.

A small tree cultivated for its, fruits. The stem branchin glabourous. The leaves are pennated, the pairs are 13 to 16 in numbers. The fruits are round, succulent, and in bunches.

Parts used. The leaves and fruits.

Properties and uses. It cures bleeding piles.

লবলী। নোড়, নোয়ার।

লবলী ফলম্। নোড়, নোয়ার। লাং এভিরোয়া এসিডা। জিরেনিএসি জাতীয়।

ছোট গাছ। বাগানে ফল জন্য রোপিত হয়। পত্র যুক্ত ও কামরাঙ্গার পত্রের ন্যায় দেখিতে। ফল গুচ্ছাকারে জন্মে, দেখিতে গোলাকার; আমলকির ন্যায়, অম্ল।

পর্য্যায় শব্দ। সুগন্ধী মূলা, শদ্দু, কোমলবল্কলা, গুপ্তপ্রপুন্নাট, ঘনস্নিগ্ধ; পাণ্ডু, মহৎ প্রাংশু, সদগুচ্ছ।

গুণ। ফলের—রক্ত, অর্শ, কফ ও পিত্ত নাশক, রুচিকারক, স্বাদু, অম্ল মধুর, সুগন্ধী। ভারী, বিশদ, তুবর, হৃদ্য।

সপত্র নোড়ের ডালহামরোগাক্রান্ত রোগীর গাত্রে বুলাইলে ও দ্বারের সম্মুখে ঝুলাইয়া রাখিলে রোগের উপশম হয়।

ব্যবহার। মূল, পত্র ও ফল।

MELIA AZADIRACHTA. *THE NIM TREE.*

Syn. AZADIRACHTA INDICA.

N. O. MELIAGEÆ L. S. MONADELPHIA.

Vern. *Sans.* Nimba. *Beng.* Nim. *Tam.* Veppamnimbu. *Tel.* Yepa. *Burm.* Thimbawtamaka.

A splendid large tree, common in India, flower white, small, sweet scented. Fruit drupe ovoid-oblong, about an inch long.

Parts used. Barks, leaves and seeds.

Properties and uses. Bark bitter, astringent, tonic, fevrifuge. Leaves bitter, employed as poultices on open tumours and sores, sweelled feet, leprasy. Seeds are aromatic, and a plaster is applied on the hair to drive vermin. The sap, which flows at certain seasons, are beneficial. Oil abstracted from the seeds are stimulent and a remedy for leprasy, bad ulcers, and in headaches.

নিম—নিম্ব।

নিম। লাঃ মিলিয়া আজাডিরকটা। মিলিএসি জাতীয়। তাঃ বিপুম মরম্। তইপ্। ব্রহ্মঃ তিম্বত্তা মাক্কা।

নোড় ।
VERRHOA AC A
নিম্ব ।
MELIA AZADIRACHTA.
আয়াপানী ।
UPATORIUM AY PANA.
CEPH LANDRA

বিবরণ। বড়গাছ। ভারতবর্ষের সকল স্থানে জন্মে। বসন্তের আরম্ভে নব পত্র এবং অন্তে পুষ্প প্রদান করে।

পর্য্যায় শব্দ। অর্কপাদপ, অরিষ্ট, কাকফল, কীরেষ্ট, কৈটর্য্য, ছর্দ্দিঘ্ন, (তিক্তক, নেত্য, পারিভদ্র,) প্রভদ্র, পিচুমন্দ, পীত সারক, যবনেষ্ট, রশ্মিসন্নিধ, বিশীর্ণপর্ণ, সুর্ণক, বৃহত্ত্বচ, শীত, শুকমালক, হিঙ্গু নির্য্যাস।

গুণ। শীতল, লঘু, ধারক, কটু অগ্নি ও বায়ুনাশক, শ্রান্তি, তৃষ্ণা, কাস, জ্বর, অরুচি, ক্রিমি, ব্রণ, পিত্ত, কফ, বমি, কুষ্ঠ ও প্রমেহ নাশক।

ফলের গুণ। তিক্তরস, ভেদক, কুষ্ঠ, গুল্ম, অর্শ ও মেহ নাশক।

পত্র। চক্ষুরহিতকর, বায়ুবর্দ্ধক, কটু বিপাক, বিষ ও অরুচি নাশক। বিসূচকা রোগে পত্র সিদ্ধ করিয়া খাইলে বমি ও কোষ্ঠ রোধ করে। বসন্ত রোগের প্রলেপ প্রভৃতিতে ব্যবহৃত হয়।

ছাল। কটু, তীক্ষ্ণ, তিক্ত, তৃষ্টা, জ্বর, ব্রণ, ক্ষত, কাশ পিত্ত, কফ ও প্রদর নাশক।

তৈল। কুষ্ঠ ও সর্ব্বপ্রকার ক্ষত নাশক, অনতিউষ্ণ, তিক্ত, এবং ক্রিমি, কফ, জ্বর নাশক।

মাত্রা। ১ পল।

ব্যবহার। ছাল, পত্র, বীজ ও তৈল।

CEPHALANDRA GRANDIS.

N. O. CUCURBITACEA. L. S. *Monacia Monadelphia.*

Vern. *Sans.* Bimba. *Beng.* Telakucha.

A climbing plant, grows wild all over India. Leaves lobed, petioled, scabrous. Flowers solitary, white. Fruit bright red or scarlet.

Parts used Roots, and leaves.

Properties and uses. For bilions complaints &c.

বিম্বীফলম্। তেলাকুচা।

তেলাকুচা। কুন্দুর বাকুন্দরী। লাটিন ককসনিয়া গ্রাণ্ডিস বা সিফালেণ্ডেরা গ্রণ্ডিস। কুকড়বিটেসী জাতীয়।। তামালি কোভই।

বিবরণ। লতা ভারতবর্ষের প্রায় সর্ব্বত্রই প্রচুর পরিমাণে জন্মে। পুষ্প শ্বেতবর্ণ। ফল পক্ক হইলে সুন্দর রক্ত বর্ণ ধারণ করে।

পর্য্যায় শব্দ। ওষ্ঠ, ওষ্ঠোপমফলা, ওষ্ঠফলা, তুণ্ডি, তুণ্ডিকা, পীলুপর্ণী, বিম্বকা, বিম্বজা, বিম্বা, বিম্বিকাফল, রক্তফলা।

গুণ। স্বাদু, শীতল, ভারী। পিত্ত, রক্ত, উন্মাদ, শিরোরোগ এবং বাত নাশক। স্তম্ভন, রুচিকারী, আধ্মানকারক। শিশুদিগের অজীর্ণরোগে ইহার পত্রের রস ব্যবহৃত হইয়া থাকে।

ব্যবহার। পত্র ও মূল।

EUPATORIUM AYAPANA.

N. O. COMPOSITEA. L. S. SYNGENESIA,

Stalks straight, firm, slightly branched, brown, slender, about 3 feet high; leaves almost sessile, lanceolate, entere, smooth, lower leaves opposite, upper alternate; flowers purple.

Parts used. Leaves.

Properties and uses. In fever, cholera, tetanus, snake bites, dysentery; diaphoratic, and gentle tonic.

বিশল্যকরণী—আয়াপানী।

বিবরণ। গুল্ম। পত্রগুলি সরু ও দীর্ঘাকার। পত্রবৃন্ত ও শীরাগুলি ঈষৎ রক্তাভা। বঙ্গে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে।

ব্যবহার। পত্র।

গুণ। তিক্ত কষায়, কটু, বিসূচিকা, আমাশয়, উদরাময়, রক্তাতিসার, শ্বাস, কাস, ক্ষত, ব্রণ, কুষ্ঠআদি রোগনাশক। রক্তবন্ধ করিবার ইহা একটী অদ্বীতিয় ঔষধ। রক্ত আমাশয় রোগে পত্র সিদ্ধ করিয়া পান করিলে বিশেষ উপকার দেখিতে পাওয়া যায়।

প্রবাদ যে লক্ষ্মণ শক্তিশেলে আবদ্ধ হইলে হনুমান গন্ধমাদন পর্ব্বত হইতে ইহা আনয়ন করিয়া তাঁহাকে জীবিত করে।

HYOSCYMUS NIGER *THE HENBANE.*

N. O. SALANACŒ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern., Khorassan Ajoan.

A bieunial plant, wild in Europe and Acia, now cultivated in

HINDU MEDICINAL PLANTS.

HYOSCYAMUS NIGER
খোরাশানী জোয়ান।

DIOSCOREA SATIVA,
বরাহীকন্দ।

LINUM USITATISSIMUM,
মসিনা, তিসী।

CORCHORUS OLITORIUS,
পাট।

physicians. The roots are fibrous; the stalk is round, woody, and branched; the leaves are large, deeply cut into irregular lobes, woody, and with their bases embrace the stem; the flowers grow in irregular clusters at the top of the branches; shaped like that of tobaco, colour yellow, with minute purple veins; the fruit is a capsule, oval, two-celled, which contains small brown seeds.

Parts used. Root, leaf, seed.

Properties and uses. Seeds, when taken into the stomach in sufficient quantity, prove a powerful narcotic poison. Its action stands beteewn Opium and Belladona. Its has powerful action on dialated pupils. Leaves are used to remove pain and irritation.

খোরাসানী জোয়ান।

সং পারসীক যমানী। লাঃ হায়সাইমাস নাইজার। হিঃ খোরসানী আযোয়াম্। বোঃ খোরসনী। ওভা। তাঃ খোরসানী ওমাম।

পর্য্যায়কশব্দ। জবনী, তীব্রা, তুরুষ্কা, মাদিনী।

বিবরণ। ছোটগুল্‌ম। ইউরোপ ও আসিয়া মহাদেশ জন্মে। আজকাল সাহারণপুর অঞ্চলে ইহার প্রচুর পরিমাণে চাষ হইতেছে। পুষ্পগুলি দেখিতে পীতবর্ণ।

ব্যবহার। পত্র ও বীজ।

গুণ। বীজ, রুক্ষা, রুচিকারক, গ্রাহিনী, মত্তকারক, ভারী, উদ্দীপন ও বেদনা নিবারক।

এই বীজ ½ ড্রাম, ১ ড্রাম পোস্ত, মধু ও জলের সহিত মিলিত করিয়া সর্দ্দি, বাত আদি রোগে ব্যবহৃত হয়। কাবুলে ইহার বীজ ঘোটকীর দুগ্ধের সহিত বাটিয়া মহিষের চর্ম্মে লেপন করত পেটের উপরে বেষ্টন করিয়া রাখিয়া দিলে গর্ভ বন্ধ হয় বলিয়া প্রবাদ আছে।

পত্রের রস যবের ছাতুর সহিত মিশ্রিত করিয়া 'ফুলটিস' প্রলেপ দিলে ফোলা ও বেদনা নিবারণ করে। এক ফোঁটা রস চক্ষুতে লেপন করিলে চক্ষুর যন্ত্রনা নষ্ট হয়।

DIOSCOREA SATIVA. *COMMON YAM.*

N. O. DIOSCOREŒ. L. S. DIŒCIA HEXANDRIA.

A creeping plant, grows wild and also cultivated for its tuber. Roots big tuberous and covered with thick hairs ; stem creeping ; leaves opposite, long petialed, cordate, neted veins ; flowers in spikes.

Powder of the tuber cures gonorrhœa, skin-diseases.

Parts used. Tuber.

বারাহীকন্দ। চামার বা চুপরী আলু।

সং বারাহীকন্দ, বাঃ চামার বা চুপরী আলু, হিঃ অঙ্গেঠী, লা ডায়স্কোরীয়া সাটাইভা। ডায়স্কোরীয় জাতীয়। হিঃ অঙ্গেঠী।

পর্য্যায়ক শব্দ। বারাহী, মাধবী, গৃষ্টি, স্বাদুকন্দ, ইক্ষুগন্ধা, কন্দক, শূকর-কন্দ, কুষ্ঠনাশন, মহাবীর্য্য।

বিবরণ। কন্দ বরাহের ন্যায় লোমদ্বারা আবৃত। বৃক্ষ লতানে, পত্র পানের ন্যায় ও লম্বাবৃন্তবিশিষ্ট, দল জালাকার শিরাবিশিষ্ট, পুষ্প গুচ্ছাকার। ভারতবর্ষের সর্ব্বত্র পাওয়া যায়। কোন কোন স্থানে কন্দের জন্য চাষ হয়।

গুণ। পিত্ত ও বলকারক। মধুর, স্নিগ্ধ, শুক্রদ, বৃংহন, শীতল, মূত্রল, স্বরের হিতকর, গুরু, আয়ু ও বীর্য্যবর্দ্ধক। প্রমেহ, কুষ্ঠ, ক্রিমি, কফ, বাত, রক্তপিত্ত আদি রোগনাশক।

ব্যবহার। কন্দ।

LINUM USITATISSIMUM, *THE LINSEED.*

N. O. LINEC L. S. PENTANDRIA PENTAGYNIA.

Vern. *Sans.* Atasi. *Beng.* Tisi. *Hind.* Masina. *Tam,* Absi. *Tel,* Alshivirai.

An annual slender plant, with fibrous stalks, cultivated in India for its seeds which yeild oil, The leaves are alternate, long and narrow. The flowers blue ; the fruit globular divided into ten cells, each containing a shining seed.

Parts used. The seeds.

Properties and uses. Seeds mixed with hot water form a poultise

or soothing application for inflamation either internal or external. Infusion with liquorice root is used in the venereal difficulties. Oil is laxative.

তিসি, মসিনা।

সং অতসী। বাঃ তিসি। হিঃ মসিনা। লাঃ লাইনাম উসিটসিমম। ইং লিন্‌সিড্‌। টাঃ অলসী। লসই নেনি জাতীয়।

পর্য্যায়ক শব্দ। নীলপুষ্পী, পার্ব্বতী, উমা, ক্ষুমা, চনক, মদগন্ধা; হৈমবতী, সুনীলা, পিচ্ছিলা, ধন্যা, শৃঙ্গী, ধনপ্রিয়া।

বিবরণ। গুল্ম। শীতকালে পশ্চিম প্রদেশে ইহার চাষ হয়।

ব্যবহার। বীজ এবং তৈল।

গুণ। মধুর, তীক্ষ্ণ, পাকে তিক্ত। উষ্ণ, বাত, কফ, ও পিত্তনাশক। স্নিগ্ধ কটুবিপাক এবং প্রলেপে ব্রণাদি শীঘ্র পরিপুষ্ট হয়। ভিজাইয়া জল পান করিলে মূত্রকারক ও শীতল, বিসূচিকার হিতকারক।

তৈল গুণ। অগ্নি উৎপাদক, কফ ও পিত্তকারক। পাকে কটু। নেত্রের অহিতকারী, বলকারী, বাতনাশক, গ্রাহী ও মলকারক, ত্বক্‌রোগ নাশক, পুষ্ট, রেচক। অন্যান্য ঔষধ সংযোগে কর্ণ রোগে ব্যবহার্য্য।

তিসির তৈল সচরাচর রং করিতে ব্যবহৃত হয়।

CORCHORUS OLITORIUS. *THE JUTE.*

N. O. TILIACEÆ L. S. POLYANDRIA MONOGYNIA.

An annual plant grows wild in all over India and espacially in Bengal. It is cultivated for its fibres.

Properties and uses. The dried leaves are boiled and used as antifibric. The green leaves are eaten as vegitable.

কোষ্টা, পাট। সং নালাবতী

কোরচোরস্‌ ওলিটেরিয়স্‌ বা ফসিঁকুলরিস্‌। টীলিয়াসী জাতীয়।

কোষ্টা, (নাল্‌তে)।

পর্য্যায়ক শব্দ। পট্টশাক, নাড়ীশাক, নাড়ীক, দলানালী, রুচ্যা।

বিবরণ। গুল্ম। বর্ষাকালে ইহার চাষ হয়। পত্রের কিনারা দন্তাকার। রক্তবর্ণের শিরাবিশিষ্ট। ছালে পাট হয়। শুষ্ক ত্বকবিহীন দণ্ড পাঁকাটি।

ব্যবহার। শুষ্কপত্র ও নবশাক।

গুণ। তিক্ত, কষায়, রেচক। জ্বর, ক্রিমি, কাশ, রক্তদোষ, আম রক্তাতিসার, ও অতিসার নাশক। মলনিঃসারক। পুষ্টিকর ও বলকারক। বিষ্টম্ভী। বাতপ্রকোপক। রক্তপিত্তনাশক।

মাত্রা। ৩ মাষা।

SMILAX CHINA.

N. O. SMILACEÆ L. S. DIŒCIA HEXANDRIA.

Vern. *Sans.* Chobachini. *Beng.* Topchini. *Hind,* Chobchini. *Arb.* Khasliab-us-sini.

This plant is a native of China and Similar to *Sans.* Ovalifolia *Beng.* Kumiralata common in Bengal. Root peranial, the stalks long, trailing, and beset with spines; the leaves qval, pointed and three nerved.

Properties and uses. The Root is anti-rheumatic, anti-syphilitic. A decoction of the fresh root is to cure sores and venereal complaints.

তোপচিনি। চোপচিনি।

সং চোপচিনি, বাঃ তোপচিনি, আঃ খসিলিয়াব আশ সিনি, লাঃ এসমাইলাক্স চাইনা। এস্‌মাইলেসি জাতীয়।

প্রাচীন আয়ুর্ব্বেদীয় গ্রন্থে ইহার প্রয়োগ দেখিতে পাওয়া যায় না। মহাত্মা ভাবমিশ্র তাঁহার গ্রন্থে ইহার প্রথম উল্লেখ করেন এবং ইহাকে দ্বীপান্তরিত নামকরণ করিয়াছেন। বিদেশীয় লতা বিশেষের মূল বলিয়া ইহার তোপচিনি নামকরণ হইয়াছে বলিয়া অনুমান হয়। চীন দেশীয় মূলই উৎকৃষ্ট।

গুণ। তিক্ত রস, উষ্ণবীর্য্য, অগ্নিদীপ্তিকারক, মলমূত্রবিশোধক। বিবন্ধ, আধ্মান, শূল, বাতব্যাধি, অপস্মার, উন্মাদ, শরীরের বেদনা নাশক। বিশেষতঃ ফিরিঙ্গী (উপদংশ) রোগের মহোপকারী।

ব্যবহার। মূল।

হকিমি মতের সালসার ইহা একটী প্রধান উপাদান।

HINDU MEDICINAL PLANTS.

SMILAX CHINA
তোপচিনি।

CANNABIS SATIVA,
সিদ্ধি।

GOSSYPIUM HERBACEUM,
কার্পাস।

CROTALARIA JUNCEA,
শোণ।

CANNABIS SATIVA. *THE INDIAN HEMP.*

N. O. ULMACEÆ L. S. DIŒCIA PENTANDRIA.

Vern. *Sans,* flowering tops Ganjika. *Beng. Hind,* Ganja. Ganja *Tel,* Ganjai. Leaves Bijoya, Shidhi, Bhang.

An annual plant, cultivated in Bengal for its flowering tops and for leaves in Punjab and in N. W. Provines for its resin. The stem is hollow, the bark is rough and can be drawn out like jute ; the leaves are divided into deep lobes, which are pointed and duply serrated on the margins, The male and female flowers grow upon separate plants.

Parts used. The leaves and seeds.

Properties and uses. In Hindu Materia Medica the leaves and seed are prescribed as heating, digestive, astingent and narcotic. In sleepless-ness, the powder of the fined leaves is given in suitable doses for induc-ing sleep. Medicine prescribedisiac for aphrodisiac purposes containes greater part of its leaves.

বিজয়া। সিদ্ধি।

জটা। সং বাঃ গঞ্জিকা। হিঃ গাঞ্জা।

পত্র। সং বিজয়া, বাঃ সিদ্ধি, হিঃ ভাঙ্গ, পাঃ নবাতুল কুন্নাব, ব্রঃ বিন, লাঃ কেনাবিস সাটাইভা, উলমাসিয়ে জাতীয়।

উহা গুল্ম বিশেষ। সিদ্ধি গাছ দুই জাতীয়। পুরুষ ও স্ত্রী। পুরুষ জাতীয় গাছ হইতে পত্র সংগৃহীত হয়। স্ত্রীজাতীয় গাছের জটা হইতে গাঁজার উৎপত্তি হয়। বাঙ্গালা দেশে রাজসাহী জেলায় গাঁজার চাষ হয়। উভয় জাতীয় গাছ একত্র থাকিলে জটা বাঁধিতে পারা যায় না বলিয়া ঐ সকল স্থানে সিদ্ধির চাষ করা হয় না। অধিকন্তু তথায় যে সকল পুংজাতীয় গাছ জন্মে অতি ক্ষুদ্রাবস্থায় সেই গুলিকে যত্নের সহিত তুলিয়া ফেলা হয়। মুঙ্গের ও পাঞ্জাব দেশীয় সিদ্ধিই উৎকৃষ্ট। গাছগুলি উচ্চে ৬ ফিটের ঊর্দ্ধ হয় না। পত্রগুলি লম্বাকৃতি, পরিমাণে ১ ইঞ্চি হইয়া থাকে।

সিদ্ধি হিন্দুদিগের অতি প্রিয় সামগ্রী। নির্ব্বিঘ্নে কার্য্য সমাধা করিবার জন্য যাবতীয় উৎসবের পূর্ব্বে ইহা সংগৃহিত হইয়া থাকে। বাঙ্গালা অপেক্ষা পশ্চিমে সিদ্ধির অধিকতর ব্যবহার হয়।

ব্যবহার। আয়ুর্ব্বেদ শাস্ত্রে সিদ্ধি ও সিদ্ধির বীজ ব্যতীত উহার অন্য অংশের ব্যবহার দেখা যায় না। কিন্তু মুষ্টিযোগে গাঁজাও ব্যবহৃত হইয়া থাকে।

উৎপত্তি। সমুদ্রমন্থন কালে সিদ্ধি অমৃতের সহিত উৎপন্ন হয়। দেবরাজ অতিযত্নের সহিত ইহা সেবন করিতেন। যুদ্ধযাত্রাকালে যাবতীয় দেবসেনা ইহা-সেবনে নির্ভীক হইয়া দেবশত্রুগণের সহিত বিরোধ করিত। সেই নিমিত্ত ইহার নাম বিজয়া হইয়াছে। পরে দেবরাজ বিশেষ পরিতুষ্ট হইয়া মানবগণের শোকদুঃখ-নিবারণের জন্য উহা মর্ত্তে প্রেরণ করেন।

গুণ। তীক্ষ্ণ, গ্রাহিণী, বৃষ্য, গরম, হাল্কা। মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত ও প্রমেহ-নাশক। জর, অগ্নিমন্দ্য, অতিসার, গ্রহনী, অর্শনাশক। পিত্ত, মদ, মোহ ও অগ্নি-বর্দ্ধক।

পর্য্যায়ক শব্দ। অগঞ্জা, জয়া, ত্রৈলোক্যা, প্রকাশনী, বিজয়া, ভঙ্গা, মাতুলানী, মাদিনী, মোহিনী।

আয়ুর্ব্বেদ শাস্ত্রে দুই প্রকার রোগের ঔষধে সিদ্ধির অধিকতর ব্যবহার দেখা যায়। উদরাময়, পরিপাক ও রতিশক্তি বৃদ্ধি করিবার জন্য যে সকল ঔষধ প্রস্তুত হয় তাহাতে সিদ্ধি অধিক পরিমাণে প্রয়োগ হইয়া থাকে।

আধুনিক পরীক্ষা দ্বারা সিদ্ধির একটী আশ্চর্য্য গুণ আবিষ্কৃত হইয়াছে। ধনুষ্টঙ্কার রোগে উহার ধূমপান করাইলে আপেক্ষ ক্রমশঃ কমিতে থাকে অথচ রোগীকেও বিশেষ দুর্ব্বল হইতে হয় না। পুনঃপুনঃ ব্যবহারে কেবল এক মাত্র সিদ্ধির ধূমপানে রোগ আরোগ্য হয়। সিদ্ধির ধূমপান দ্বারা ডাক্তার কান্তগিরি যেরূপে কয়েকটী রোগীকে ধনুষ্টঙ্কার রোগ হইতে আরোগ্য করেন তাহার বিবরণ লিখিত হইল।

তিনি ছয় রোগীকে সিদ্ধি ধূমপান দ্বারা আরোগ্য করেন। ৭ রতি পরিমাণ সিদ্ধি সামান্য তামাক পত্র (দোকতা) সহিত মিশ্রিত করিয়া একটী নূতন কালিকার মধ্যে তামাকের ন্যায় সাজিয়া হুকার দ্বারা রোগীকে ধূমপান করিতে দেওয়া হয়। রোগীর আক্ষেপ আরম্ভ হইবার পূর্ব্ব লক্ষণ দেখিবা মাত্র রোগীকে ধূমপান করান হয়। ধূমপান করিবামাত্র রোগী আক্ষেপ হইতে মুক্ত হইয়া চক্ষু মুদ্রিত করিয়া সামান্য ভাবে নিদ্রিত হয়। আক্ষেপ হইবার সম্ভাবনা হইলে এইরূপ ভাবে পুনপুনঃ ধূমপান করাই তিনি রোগীকয়েকটীকে সম্পূর্ণরূপে আরোগ্য করেন।* বোম্বাই প্রদেশের ডাক্তার জে, সি, লুকাস পরিক্ষা দ্বারা দেখিয়াছেন যে ধূমপান দ্বারা (১) আপেক্ষা

* Indian Medical Gazette, Aug. 1878.

অল্পকাল স্থায়ী হয়। (২) আক্ষেপ ক্রমশ দীর্ঘকাল অন্তরে হইতে থাকে। (৩) আক্ষেপের তেজও ক্রমশ কমিয়া আইসে। (৪) আক্ষেপের নিমিত্ত রোগীকে তাদৃশ দুর্ব্বল হইতে হয় না। (৫) পুনপুন ব্যবহারে আক্ষেপ একেবারেই দেখা যায় না। *

ডাক্তার ওসাগ্নসি নানা প্রকার রোগে সিদ্ধি প্রয়োগ করিয়া পরীক্ষা করিয়াছিলেন। তিনি সিদ্ধিকে ধনুষ্টঙ্কার, জলাতঙ্ক, বাত, রসতড়কা ও বিসূচিকা রোগের ঔষধ বলিয়া বিবেচনা করেন। তাঁহার পরবর্ত্তী ইংরাজ ডাক্তারগণ সিদ্ধি ধনুষ্টঙ্কার ও বিসূচিকার প্রকৃত ঔষধ বলিয়া স্থির করেন। ডাক্তার ডাইমক বহুসংখ্যক ধনুষ্টঙ্কার রোগীকে কেবল সিদ্ধি দ্বারা আরোগ্য করেন এবং সিদ্ধি যে ধনুষ্টঙ্কার রোগের বিশেষ উপযুক্ত ঔষধ তাহা স্পষ্টই প্রমাণ করেন। বিসূচিকা রোগে ইহা অহিফেণ তুল্য কার্য্যকারী। রোগের প্রথমাবস্থায় ব্যবহৃত হইলে ইহাতে উপকার পাওয়া যায়।

উপরোক্ত রোগব্যতীত ইউনানি মতে মেহ ও অন্ত্রবৃদ্ধি রোগে সিদ্ধির প্রয়োগ দেখিতে পাওয়া যায়। দুগ্ধে সিদ্ধি পেষণ করিয়া প্রলেপ দিলে অর্শ আরোগ্য হয়। সমগ্রসিদ্ধি গুল্ম বাটিয়া নব ক্ষতে প্রয়োগ করিলে সত্বর আরোগ্যমুখী হয় এবং আঘাত জনিত বেদনা নিবারণ জন্য প্রলেপ দিলে বিশেষ উপকার দেখা যায়।

মাত্রা। ২৪ রতি।

ব্যবহার। বীজ, পত্র, মূল।

GOSSYPIUM HERBACEUM. *COTTON.*

N. O. MALVACEÆ. L. S. MONADELPHIA POLYANDRIA.

Vern. *Sans.* Karpasi, *Beng.* Tula, *Hind,* Rue. *Tel,* Pratti. *Tam.* Parutti.

An herbaceous annual plant ; the stems are smooth ; leaves with 3 to 5 lobes ; cordate ; flowers are composed of large yellow petals, with a purple centre ; bracteoles, ovate, cordate, toothed ; the pods on coming to maturity burst, and display the soft downy fibres of cotton, which is used for clothes.

Parts used. Leaf, seed and fibre.

Properties and uses. Seeds produce secretion of milk and cure ulcers.

---

* Medical Times and Gazette, Feb. 21, 1880.

কার্পাস। কার্পাস। রুই।

সং কার্পাসী, বাঃ তুলা, হিঃ রুহি, টিঃ পরুটী, ইং কটন, লাঃ গোসিপিয়াম হারবেসিয়ম। মালভেসিয়া জাতীয়।

পর্য্যায়শব্দ। কপাসী, তুণ্ডকেরী, সমুদ্রান্তা, বাদরা, অম্বরা, মাঠদা, সারিনা, চব্যা।

বিবরণ। গুল্মবিশেষ। ভারতবর্ষের প্রায় সর্ব্বত্রই জন্মিয়া থাকে। ইহার পুষ্পগুলি শ্বেত, হরিদ্রা ও রক্তবর্ণের হইয়া থাকে।

গুণ। কফ, পিত্ত, দাহ, তৃষ্ণা, ও বাতনাশক। স্তনদুগ্ধকারী, শীতল, কসকারী ও মূর্চ্ছানাশক।

পত্রের গুণ। বাত, মূর্চ্ছানাশক, রক্তকর, মূত্রবর্দ্ধক, পূয়নিবারক।

বীজের গুণ। স্নিগ্ধ, স্তন্য, বৃষ্য, কফসঞ্চারক ও শস্ত্রক্ষত নাশক।

CROTOLARIA JUNCEA. *SUN HEMP.*

N. O. LEGUMINOSŒ. L. S. DIADELPHIA DECANDRIA.

Vern. *Sans.* Sane. *Beng.* Son. *Tam.* Jenappa-nar. *Bur.* Pan.
Cultivated all over India for its hemp. Stem are herbaceous. leaves are simple, lanccalate ; subsessile ; the flowers are papilionaceous and yellow. The leaves and flowers are narcotic, and leave have powerful intoxicating qualities, fruit is legume and smooth.

Parts used. The seeds are used to purify blood.

শণঃ। শোন।

সং শণঃ, বাঃ হিঃ শোন, তাঃ জেনেপানর, ব্র পন। লা ক্রোটলেরিয়া জুনসিয়া। লিগুমিনেসি জাতীয়। ইং সান হেম্প।

পর্য্যায়ক শব্দ। মাল্যপুষ্প, বমন, দীর্ঘশাক, নিশানাথ, ত্বক্সার, দৃঢ়বল্কল।

বিবরণ। গুল্ম। ভারতবর্ষের সর্ব্বত্রে প্রচুর পরিমাণে চাষ করা হয়। কাণ্ড অণ্ডাকার, পত্র ফলাকার, সন্নবৃন্ত বিশিষ্ট। পুষ্প পীতবর্ণ। ফল কলায় শুঁটির ন্যায়।

গুণ। অম্ল, কষায়। গর্ভ ও রক্ত পাতন। কফ ও গাত্র বেদনা নাশক। বীজ রক্তশোধক।

ব্যবহার। বীজ ও পত্র।

URARIA LAGOPODIOIDES.

SYN. DOODIA LAGOPODIODES. ROXB.

N. O. LEGUMINOSÆ. L. S. DIADELPHIA. DECANDRIA.

Vern. *Sans.* Prisniparni. *Hind.* Pitvan. *Beng.* Chakulia.

It is one of the ingredients of the Dasamula. It is considered alterative tonic and anti-catarrhal and is used in fever, dysentry, nausia and also in thirst.

পৃশ্নিপর্ণী। চাকুলে।

সং পৃশ্নিপর্ণী। বা চাকুলে। হিঃ, পিতভান।

পর্য্যায়। পৃশ্নিপর্ণী, পৃথকপর্ণী, চিত্রপর্ণী, অঙ্ঘিপর্ণী, ক্রোষ্টুবল্লি, সিংহপুচ্ছী, কলসী, ধামনী, গুহা।

বিবরণ। বাঙ্গালা ও পশ্চিম অঞ্চলে প্রচুর পরিমাণে পাওয়া যায়। দাক্ষিণাত্যে প্রায়ই দেখা যায় না। পত্রগুলি গোলাকার, লতান। পুষ্পগুলি শ্বেতবর্ণ, ঈষৎ নীলাভ ও জটাযুক্ত।

গুণ। বৃষ্য, সারক, গ্রাহী, শুক্রবর্দ্ধক, ত্রিদোষনাশক, উষ্ণবীর্য্য। দাহ, জ্বর, শ্বাস, রক্তাতিসার, তৃষ্ণা ও বমিনাশক।

মাত্রা। ৵৹ তিন আনা।

ব্যবহার। মূল। কিন্তু চাকুলে সল্পমূল বলিয়া প্রায় সকল স্থানে সমগ্র লতাই ব্যবহৃত হয়।

CROCUS SATIVUS. *SAFFRON.*

N. O. IRIDEÆ. L. S. TRIANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Kumkum.. *Beng.* Jafran. *Hind.* Kasar, zafran. *Tam.* Kungumapu.

A bulbus plants native of Kashmere.

Part used. The dried stigma of the flower.

Properties and uses. The Hakeems of Punjab use it in melancholia, typhus fever, enlargement of liver, and retention of urine. The Tamil midwives adminster saffron infusion to prevent fever after dilivery. In modern practice, Saffron is considered as

stimulent and antispasmotic. It is much used as a condiment and a coloring agent. It is diuretic, astringent, aphrodisiac, deobstruent and emmenagogue.

Ball of safron is worn in Persia over the belley to hasten delivery and its pessary is used for painful disorders of uterus.

জাফরাণ ; কুঙ্কুম।

সং, কুঙ্কুম। বা, জাফ্রন। হিঃ, জাফরাণ। লাঃ, ক্রোক্‌স স্যাটাইভস। আইরিডীই জাতীয়।

পর্য্যায়শব্দ। কাশ্মীরজন্ম, অগ্নিশিখ, লোহিতচন্দন, সঙ্কোচ, পীত, অস্থক, রুধির, দীপক, শোণিত, রজ।

বিবরণ। কন্দযুক্ত গুল্মের গর্ভকেশর। পুষ্প ধূপছায়াবর্ণ। কাশ্মীরোদ্ভূত কুঙ্কুম সর্ব্বোৎকৃষ্ট। আজকাল ইউরোপ ও চিনদেশীয় কুঙ্কুমের মূল্য অপেক্ষাকৃত সুলভ হওয়ায় ইহাই অধিক পরিমাণে ব্যবহৃত হয়।

গুণ। কটু, স্নিগ্ধ, চিক্কণ, রেচক, বমনকারক, বর্ণকর ও মুখের জড়তানাশক। রজোনিঃসারক, ব্রণ, চর্ম্মরোগ ও ক্রিমিনাশক।

ব্যবহার। শুষ্ক গন্ধযুক্ত গর্ভকেশর। কুঙ্কুম আয়ুর্ব্বেদীয় ঔষধ অপেক্ষা হাকিমী ঔষধে অধিক পরিমাণে ব্যবহৃত হয়। তৈলাদি সুগন্ধ ও রং করিবার জন্য ইহা অধিকতর প্রয়োগ হয়। পারস্যদেশে নানা প্রকারে ব্যবহার হয়। নির্ব্বিঘ্নে প্রসব করিবার জন্য ও প্রসবের পর জরায়ুর বেদনা নিবারণের জন্য পারস্য দেশীয় স্ত্রীলোকেরা কেশরের গোলা তলপেটে বাঁধিয়া রাখে। হোমিওপ্যাথিক মতে রজোসম্বন্ধীয় রোগে ইহার প্রয়োগ দেখা যায়।

মাত্রা। ৪ রতি।

NARDOSTACHYS JATAMANSI: *SPIKENARD.*

N. O. VALERIANCEÆ. L. S. TRIANDRIA MONOGYNIA.

Vern. *San. Beng.* Jatamansi. *Hind.* Bali-chir. *Duk.* Jatamansi. *Can.* Jeta-mavashi. *Pers.* Bekh-i-Sumbul. *Arab.* Sambul-hindee,

চাকুলে।
URARIA LAGOPODIOIDES.

জাফরাণ।
CROCUS SATIVUS.

মিঠা।
ACONITUM FEROX.

A dwarf herbaceous plant with hairy tap root, stem perennial, very short, divided into a number of shaggy scaly crowns from which leaves proceed. Branches erect, a few inches high, leaves obovate, lanceolate, three ribbed downy. Flowers pale pink, clustered in axils of the upper leaves. Limbs of the calya five parted. It is native of the higher regions of Himalaya.

Part used. Hairy root.

Properties and uses. Root of the plant is considered by the Hindu as aromatic, bitter in taste and nervine tonic and is used in the preparation of oil and ghees and is often prescribed in leprosy. Arabs consider it as deobsruent, stimulant, diuretic and emmenagogue and prescribe it in disorders of the digestive and respiratory organs and also in hysteria, epilepsy and convulsions.

In Decan it is used for making hair wash.

Dr. Sir W. O'shaughnessey considers it as a best substitute for Valerian.

জটামাংসী।

সং বাঃ জটামাংসী। হিঃ বালচির। বাঃ জটামাংসী। কাঃ জটামভাসী। পাঃ বিক্ষী সামবল। আঃ সমবলী হিন্দি। লাঃ নারভসাচী জটামাংসী। ইং স্পাইক-নার্ড। ভেলিরিনীয়েসী জাতীয়।

পর্য্যায়। নলদ, বহ্নিনা, পেষী, মাংসী, কৃষ্ণজটা, জটী কিরাতিনী, জটিল, লোমশা, তপস্বিনী, ভূতজটা, পেশী, ক্রব্যাদি, পিশিতা, পিশী, পেশিনা, জটা, হিংস্রা, মাংসিনী, জটালা, নলদা, মেষী, তামসী, চক্রবর্ত্তিনী, মাতা, অমৃতজটা, জননী, জটাবতী, মৃগভক্ষ্যা, জড়ামাংসী, মিংসী, মিশি, মিষি, মিসী, মিষিক।

গুণ। কষায়, কটু, শীতল, বলপ্রদ, স্বাদু, কফ, দাহ, পিত্ত, কুষ্ঠ ও ত্রিদোষ নাশক। কান্তিকর। অনুলেপনে জ্বরক্লান্ততানাশক।

বিবরণ। গুল্ম, পত্রগুলি দেখিতে আয়াপানী সদৃশ। হিমালয় প্রদেশে জন্মে। ইহার মূলদেশ ধূষরবর্ণের লোমদ্বারা আবৃত। পুষ্প গোলাপী আভাযুক্ত এবং গুচ্ছাকারে জন্মিয়া থাকে।

ব্যবহার। লোমাবৃত মূল। বাজারে সচরাচর যে সমস্ত জটামাংসী বিক্রীত হয়, তাহা কীটদংষ্ট। সুতরাং ভাল করিয়া বাছিয়া ব্যবহার করা উচিত।

মাত্রা। ৪ মাষা।

জটামাংসী বহুকাল হইতে সুগন্ধি তৈলাদি প্রস্তত করিবার জন্য ব্যবহৃত হইতেছে। ওসাগনসি প্রভৃতি ইংরাজ ডাক্তারগণ ইহাকে ভেলিরিন নামক ইংরাজি ঔষধের ন্যায় সমগুণশালী বলিয়া বিবেচনা করেন। স্নায়বিক দুর্ব্বলতায় ইহা বিশেষ ফলদায়ক বলিয়া অনেক ঔষধের অনুপানে ব্যবহৃত হয়।

হাকিমী চিকিৎসকগণ উদরাময় শ্বাস, কাস, মূর্চ্ছা, রসতড়কা প্রভৃতি রোগে ব্যবহার করিয়া থাকেন। দক্ষিণাঞ্চল প্রদেশে জটামাংসী হইতে এক প্রকার তৈল প্রস্তত করিয়া কেশবিন্যাসে ব্যবহৃত হয়।

ACONITUM FEROX.

N. O. RANUNCULACEŒ. L. S. PALYANDRIA TRIGYNIA.

Vern. San. *Kat Bish.* Beng. *Mita.* Hind. *Sringi Bis. Bitch.* Pers. *Dudia Johuri. Bacha naba Bom.*

Indigenous in the Himalayas, Sirmoor, Kamaon, and Nepal.

A perennial plant, root turnip like, stalk grows erect, three to five feet heigh ; leaves are lobed, deeply cut, alternate, the upper leaves are almost sessile ; upper surface dark green, under surface whitish ; flowers termenal and in long raceme, calyces none, petal five, which include two nectaries, the upper most petal is arched over the lateral ones, so as to appear like a helmet on hood ; the colour is purplish blue, or deep violet.

Part used. Root.

Properties and uses. The root commonly sold in bazars under this name, belongs to this species. It is highly poisonous and is considered heating and stimulant. A Kind of paste is prepared for rheumatism.

অমৃত, মিঠা।

সং, বিষ, অমৃত। বাঃ, মিঠা। পাঃ, দুদিয়া জোহরি। লাঃ একোনাইট ফেরক্স, র‍্যানিন্‌কিউলাসিয়া জাতীয়।

পর্য্যায়। বিষ, বৎসনাভ, শৃঙ্গীবিষ, মিঠাবিষ, কাষ্ঠবিষ।

বিবরণ। হিমালয় প্রদেশে জন্মে। তিন ফিট হইতে ৫ ফিট পর্য্যন্ত উচ্চ হয়। পত্রগুলি বিপরীতমুখী, পত্রের উপরিভাগ ঘনসবুজবর্ণ, অধঃদেশ শ্বেতাভ। ঈষৎ নীলাভ বর্ণের পুষ্প প্রস্ফুটিত হয়।

ব্যবহার। মূল। আয়ুর্ব্বেদে মূল শোধন করিয়া ব্যবহার করিবার ব্যবস্থা আছে। অল্পমাত্রায় তাদৃশ বিষাক্ত নহে।

শোধন প্রণালী। মিঠা ভাঙ্গিলে যাহার ভিতর ঈষৎ পীতাভ কোমল পদার্থ থাকে, সেইগুলি উৎকৃষ্ট। আর যে গুলির মধ্যে কঠিন ও শ্বেতবর্ণ পদার্থ থাকে তাহা উৎকৃষ্ট নহে। উৎকৃষ্ট মিঠা বাছিয়া খণ্ড খণ্ড করিয়া তিন দিবস গোমূত্রে ভিজাইয়া রাখিতে হইবে। পরে ছাল খুলিয়া তৈলাক্ত বস্ত্রে বান্ধিয়া শুষ্ক করিয়া লইলে ব্যবহার উপযোগী হইবে।

গুণ। অতিশয় বিষাক্ত। উষ্ণ, মধুর। বাত, কফ, কণ্ঠরোগ-নাশক। পিত্তসঞ্চারক। জ্বরের ইহা একটী মহৌষধি। পূর্ব্বে ডাক্তারি মতে ইহার প্রচুর ব্যবহার ছিল কিন্তু আজকাল তাদৃশ প্রয়োগ দেখা যায় না। হোমিওপ্যাথিক মতে ইহার প্রভূত ব্যবহার দেখা যায়। ডাক্তার হিউজ বলেন যে ডাক্তার হানিমান সাহেব যদি অন্য কোন ঔষধ আবিষ্কার না করিয়া কেবলমাত্র এই ঔষধ আবিষ্কার করিতেন তাহা হইলেও তাঁহার নাম চিকিৎসকমণ্ডলির মধ্যে অমর হইত। বস্তুতঃ হোমিও-প্যাথিক মতে ইহার দ্বারা সময়ে সময়ে আশ্চর্য্য উপকার পাওয়া যায়।

মাত্রা। অৰ্দ্ধ রতি।

AQULIARIA AGALLOCHA. *EAGLEWOOD.*

N. O. THYMELÆACEÆ. L. S.

Vern. *Sans.* Aguru. *Beng.* Agar. *Hind.* Aggur. *Arb.* Ood Arob.

A large, evergreen tree flowers in April and ripen its seed in August, grows on the eastern mountainous districts of Sylhet, Assam, and also on the several Eastern parts of India. The pores of the wood are filled with a soft resinous substance, the sweetly-scented resin, which are obtained by huming the tree. This resinous substance is considered cordial by some Asiatic nations,

In Europe it is prescribed in ghout and rheumatism. The Hindus burn it in temples as an incense.

Parts used. The wood.

Properties and uses. As a tonic stimulant, and it has been used in Europe in gout and rheumatism. Its decaction is useful to allay thirst in fever.

অগুরু। অগর

সং, অগুরু। বা, অগুরু। হিঃ, অগর। লাঃ, একুইলেরিয়া এগোলোচা। আঃ, ওড্‌। থাইমিলিএসিই জাতীয়।

পর্য্যায় শব্দ। জোঙ্গক, সুগন্ধিকাষ্ঠ, প্রায়, লোহ, রাজার্হ, অনার্য্যজ, যোঙ্গজ, অনার্য্যক, বংশিক, ক্রিমিজ, ক্রিমিজগ্ধ, ধুমাই।

বিবরণ। আসাম অঞ্চলের পার্ব্বত্য প্রদেশে ও প্রশান্ত মহাসাগরের দ্বীপপুঞ্জে জন্মিয়া থাকে। বৃহদাকার বৃক্ষ। শাখাগুলি কথনই সরলভাবে জন্মে না। অগুরুকাষ্ঠ নানাজাতীয় তন্মধ্যে কৃষ্ণবর্ণের অগুরুই শ্রেষ্ঠ এবং আয়ুর্ব্বেদোক্ত ঔষধে ব্যবহৃত হয়। জল অপেক্ষা ভারি বলিয়া জলে ভাসাইলে ডুবিয়া যায়। অথচ এরূপ নরম যে দন্ত মধ্যে রাখিয়া জোরে চাপ দিলে সহজেই চেপ্টিয়া যায়। ইহা চূর্ণ করিয়া দগ্ধ করিলে বেশ সদ্গন্ধ পাওয়া যায়। অন্য প্রকার অগুরুর গন্ধ সেরূপ সুগন্ধশালী নহে।

গুণ। উষ্ণ, তিক্ত, কটু, হালকা। ব্রণ, কর্ণ, নেত্ররোগ, বাত ও কফনাশক।

ব্যবহার। কাণ্ড। নানা প্রকার তৈলে প্রয়োগ হইয়া থাকে।

বৃক্ষের নির্য্যাস বাতরোগে প্রলেপের নিমিত্ত ইউরোপে ব্যবহৃত হয়।

PICRORHIZA KURROA

N. O. SCROPHULARIACEÆ.

Vern. *Sans.* Katuki. *Beng.* Katki.

A fleshy rooted, stems perrennial short, ascending, Leaves obovate tapering to the base, serrated, nearly smooth. Flowers deep blue in dense spike. Grows in the vicinity of the Himalya.

Parts used. The root.

অগুরু।
AQULIARIA AGALLOCHA

কটুকা।
PICRORHIZA KURROA

তালীশপত্র।
ABIES WEBBIANA

Properties and uses. The root is intensely bitter, acrid and stomachic and in big dose a modarate cathartic and considered antipiriadic.

কটুকী। কট্‌কী।

সং, কটকী। বা, কট্‌কী। হিঃ, কুটকী। লাঃ, পাইক্রোরিজা করুয়া। স্ক্রফিউ-লেরিয়েসী জাতীয়।

পর্য্যায়। জননী, তিক্তা, রোহিনী, চক্রাঙ্গী, মৎস্যপিত্তা, বকুলা, শকুলাদনী, সাদনী, শতপর্ব্বা, দ্বিজাঙ্গী, মলভেদিনী, কৃষ্টা, মহৌষধী, অঞ্জনী, কাণ্ডরুহা, অরিষ্টা, পামঘ্নী।

বিবরণ। স্থূল মূলযুক্ত গুল্ম, কাণ্ড সল্প, পত্র অণ্ডাকার, নিম্নাংশ দীর্ঘ, পার্শ্ব-দেশ খণ্ডিত। পুষ্প নীলবর্ণ গুচ্ছাকার। হিমালয়ের নিকটস্থ পার্ব্বত্য প্রদেশে জন্মে।

ব্যবহার। মূল।

গুণ। অতিকটু, তিক্ত, তীক্ষ্ণ, রুক্ষ, শীতল, বিরেচক, হৃদয়ের হিতকর। কফ ও পিত্তজ্বর, প্রমেহ, শ্বাস, কাশ, দাহ, কুষ্ঠ, ক্রিমি ইত্যাদি রোগ নাশক। বলকারক।

RHEUMEMODI. *RHUBARB.*

N. O. POLYGONACEŒ. L. S. ENNEADRIA TRIGYNIA.

Vern. *Beng.* Reuchini. *Hind.* Rumund-chini.,

A herbacious plant native of Thibet, Punjab and Chinese Tartary, now cultivated in Shaharanpore Bot. garden. The leaves are roundish, cordate, upper surface green, the under pinkish.

Part used. The dried roots.

Properties and uses. Rhubarb, in any form, is a mild purgative. The purgative property of Rhubarb is distroyed by roasting or boiling the root.

রেউচিনী।

সং, বা, রেউচিনী। হিঃ, রেমন্দচিনী। লাঃ, রিয়ম। পলিগোনেসী জাতীয়। হিমালয় প্রদেশজাত গুল্ম, পত্র প্রায় গোলাকার, উপরিভাগ সবুজ, নিম্ন ঈষদ্ রক্তবর্ণ।

ব্যবহার। ত্বকহীন শুষ্ক মূল।

গুণ। সংকোচক, রেচক, বলকারক, শোষক। অতিসার, জ্বর, অজীর্ণ, আমবাত, ইত্যাদি রোগনাশক। পুরাতন ও দুষ্ট ক্ষতের উপরে ইহার চূর্ণ প্রয়োগ করিলে উপকার হয়।

ABIES WEBBIANA.

N. O. CONIFERÆ. L. S. MONŒCIA MONADELPHIA.

Vern. *Sans.* Talisapatra. *Beng.* Talispatra.

A lofty, evergreen tree, native of the Himalayas.

Part used. Leaves.

Properties and uses. It is Considered anti-catarrhal.

তালীশপত্র।

সং, তালীশম্। লাঃ, আবেশ ওয়েবিয়েনা। কোনীফেরী জাতীয়।

পর্য্যায়। গ্রন্থিকাপত্র, পাত্রাঢ্য, তুলসীচ্ছদ। অর্কবেধ, কবিপত্র, নীল, ধাত্রীপত্র, শুকোদর।

গুণ। তিক্ত, উষ্ণ, মধুর। কফ, বাত, কাশ, হিক্কা, ক্ষয় ও ছর্দ্দি নাশক।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। দেখিতে অনেকাংশে ঝাউগাছের ন্যায়। কাণ্ডদেশ এরূপ প্রকাণ্ড হয়, যে উহার তক্তা করিয়া প্যাকীং বাক্স প্রস্তুত হয়।

ব্যবহার। পত্র।

INDEX.

সূচিপত্র।

OPINIONS.

The author of this work was formerly Curator of the Hugli (Hooghly) Botanical Gardens, and is at present Lecturer to the Cossipore Practical Institution of Horti-, Flori-, and Agri-culture.

The drawings are extremely well done, giving an excellent idea of the plants represented.

The descriptions of the plants are given in simple language, and there is no lack of clearness in the statements concerning the uses of the different parts of the plants.

It will be worth the while of all merchants and medical men interested in Indian medicinal plants to obtain a copy of it on account of the practical value of the informations contained in it and the truthfulness of the illustrations.

The Pharmaceutical Journal, London. March 23, 1895.

The work is both in English and Hindustani, and when completed will be a valuable addition to Indian medical literature. The illustrations are, on the whole, accurate and the descriptions concise.

The Edinburgh Medical Journal. November 1894.

The interest that the Ayurvedic system of medicine has lately exicted in professional circles is likely to be stimulated by the publication of the book upon which Babu PURNA CHANDRA SAHA is engaged. This gentleman graduated under the eminent botanist, Dr. GEORGE WATT, whom he accompained upon many of his tours, The result of his studies is embodied in the work of which the first part is now before us. The *"Illustrated Hindu Medicinal Plants"* is intended as a text book of the Materia Medica of the Ayurveda, for the use of students or practitioners, who cannot by practical work in botanical excursions, acquaint themselves, with the appearance and characteristics of the plants they prescribe. The plan of the work is, we think, well designed to attain this end; for the plant is described, the parts of it that are used for medicinal purposes are indicated, and its therapeutic

properties are carefully stated. The exposition is aided by well executed drawings, which will familiarise the student or the practitioner with the appearance of many herbs, which, under the existing system of instruction, are to him little more than a name. Incidentally, it occurs to us that Babu PURNA CHANDRA SHAHA'S labour in this field will assist to remove the impression, that prevails among the faculty, that the Hindu system of medicine is founded on a bimetallic base of mercury and gold.

The Statesman, Sunday, 3rd June, 1894.

আয়ুর্ব্বেদীক উদ্ভিদ-সংগ্রহ নামক একখানি সচিত্র পুস্তকের প্রথম খণ্ড আমরা প্রাপ্ত হইয়াছি এবং আগ্রহের সহিত পড়িয়াছি। উদ্ভিদ-বিদ্যায় অভিজ্ঞ শ্রীযুক্ত পূর্ণ চন্দ্র সাহা এ পুস্তকের সঙ্কলন করিতেছেন। এ পুস্তকের চিত্রগুলি অতি সুন্দর। বাঙ্গালা ভাষায় কোন পুস্তকেই বোধ করি, আজি পর্য্যন্ত এমন সুন্দর সুরঞ্জিত প্রতিকৃতি মুদ্রিত হয় নাই। পুস্তকের প্রথমে উদ্ভিদের নাম, পরে ইংরাজিতে উদ্ভিদ্ সম্বন্ধে প্রধান প্রধান জ্ঞাতব্য বিষয়। পরে বাঙ্গালায় তাহার নাম, পর্য্যায় শব্দ, বিবরণ, গুণ ইত্যাদি লিখিত হইয়াছে; চিকিৎসা-শাস্ত্রে বৃক্ষ-লতাদির বহুল ব্যবহার। মানব-দেহে বৃক্ষ-লতাদির অসীম শক্তি। এ শক্তি গুপ্ত। এক একটী বৃক্ষের সামান্য ব্যবহারে যে অশেষ শুভফল লাভ করা যায়, তাহা দেখিলে, সে কথা ভাবিলে, বিস্মিত হইতে হয়। বৃক্ষলতাদি সহজে প্রাপ্য এবং সহজেই উপকারী। ইহার গুণ যতই প্রচার হয়, যতই লোকে জানিতে পারে, জগতের ততই মঙ্গল। পূর্ব্বে দেশের লোকে বৃক্ষ-লতাদির গুণ যেরূপ জানিত, এখন দুর্ভাগ্যবশতঃ সে জ্ঞান লোকে হারাইতেছে। এমন সময় যাঁহার যত্ন-চেষ্টায় এ লুপ্তপ্রায় বিদ্যার উদ্ধার সাধন হইবে, তিনি সমাজের পরম কল্যাণকারী ও সকলের কৃতজ্ঞতার পাত্র। আমরা আশা করি, দেশের লোক এ পুস্তকের সম্যক্ আদর করিয়া, আপনাদের গুণ-গ্রাহিণী শক্তিরই পরিচয় প্রদান করিবেন।

বঙ্গবাসী ৩রা আষাঢ়, ১৩০১ সাল।

এই পুস্তক সম্পূর্ণ হইলে ভাষার ও দেশের যে কি পর্য্যন্ত উপকার হইবে, তাহা বলিতে পারা যায় না। এদেশে বিজ্ঞানের চর্চ্চা নাই, ভাষায় বৈজ্ঞানিক পুস্তক নাই একথা প্রায় সকলেরই মুখে শুনা যায়। যাঁহারা এরূপ আক্ষেপ করিয়া

থাকেন, এই পুস্তক খানির প্রচলন বিষয়ে যথাসাধ্য চেষ্টা করা তাঁহাদিগের সর্ব্বতোভাবে কর্ত্তব্য। উদ্ভিদের গুণাগুণ পর্য্যালোচনায় কেবল যে বিজ্ঞানচর্চ্চা করা যায় তাহা নহে, স্বাস্থ্যরক্ষা ও রোগ-নিবারণ বিষয়েও যথেষ্ঠ ক্ষমতা জন্মে। আমাদিগের পূজ্যপাদ আর্য্য-মনীষীগণ আয়ুর্ব্বেদশাস্ত্রে যে সকল বৃক্ষলতাদির উল্লেখ করিয়া গিয়াছেন, এখন অনেকেই তৎসম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ। এই অনভিজ্ঞতানিবন্ধন আমাদিগের যে কত অনিষ্ট হইতেছে তাহা আমরা বুঝিতে চেষ্টা করি না, ইহাই পরিতাপের বিষয়। এই পুস্তকে সেই সকল উদ্ভিদের নাম, ইংরাজী ও বাঙ্গালায় তাহার প্রতিশব্দ, গুণাগুণ ও তৎসম্বন্ধে জ্ঞাতব্য অন্যান্য বিষয় প্রভৃতি বিবিধ তত্ত্ব সন্নিবেশিত হইয়াছে। ইহা ভিন্ন সুন্দর নৈসর্গিক বর্ণে চিত্রিত প্রতিকৃতি দ্বারা যাহাতে সামান্য লোকেও সকল প্রকার উদ্ভিদ্ চিনিতে পারেন তাহার সুবিধা করা হইয়াছে। এদেশে অঙ্কন এরূপ মনোহর, সুরঞ্জিত ও প্রকৃতি-প্রতিম চিত্র আর কখন দেখি নাই। বাবু পূর্ণচন্দ্র সাহা এই পুস্তকের সঙ্কলন করিয়া দেশের যে অভাব দূর করিতেছেন তজ্জন্য প্রত্যেক বঙ্গবাসী তাঁহার নিকট কৃতজ্ঞ থাকিবে। যদি উৎসাহের অভাবে এরূপ উদ্যম সম্পূর্ণ না হয়, তাহা হইলে আমাদিগের কলঙ্কের আর সীমা থাকিবে না।

হিতবাদী, ৯ই আষাঢ়, ১৩০১ সাল।

পুস্তকখানির ১ম খণ্ড পাঠ করিয়া বিশেষ আনন্দিত হইলাম। বাঙ্গালা ভাষায় আজকাল অনেক বৈজ্ঞানিক পুস্তক মুদ্রিত হইতেছে। কিন্তু সকল পুস্তকই ইংরাজী পুস্তক হইতে অনুবাদিত। যথার্থ অনুসন্ধান দ্বারা কঠিন পরিশ্রম করিয়া গ্রন্থ প্রণয়ন করা বাঙ্গালা ভাষায় বড় দেখা যায় না। পূর্ণবাবু এই পুস্তক খানি আয়ুর্ব্বেদ-শাস্ত্র আলোচন করিয়া আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ্ সকলের সুরঞ্জিত প্রতিকৃতি সহিত, তদ্বিষয়ের অনেক জ্ঞাতব্য বিবরণ প্রকাশ করিতেছেন। পূর্ণবাবু বাঙ্গালীর মধ্যে এক জন উদ্ভিদ্শাস্ত্রবিদ্। তাহার ন্যায় আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ্ বিষয়ে জ্ঞানলাভ করিবার সুযোগ অন্য কাহারও ঘটে নাই। ইণ্ডিয়ান ড্রাগস্ সাপ্লাই কোম্পানির পরিদর্শক হইয়া আয়ুর্ব্বেদোক্ত ঔষধাদির উপকরণ যেরূপ ভাবে সংগ্রহ করিয়াছেন, তাহা দেখিলে পূর্ণবাবুকে ভূয়সী প্রশংসা না করিয়া থাকা যায় না। গ্রন্থখানির প্রারম্ভে উদ্ভিদ্-বিদ্যার জ্ঞাতব্য বিষয়গুলি যেরূপ সরল ও সুললিত ভাষায় লিখিত হইয়াছে তাহা পাঠে গ্রন্থকারের উদ্ভিদ্-বিষয়ক জ্ঞান বুঝা যায়। তাং ২৮ ভাদ্র ১৩০১।

কবিরাজ—শ্রীহরিচরণ রায়।

আমি শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র সাহা কৃত সচিত্র আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ্-সংগ্রহ খানি স্থানে স্থানে পাঠ করিয়া দেখিয়াছি। ইহাতে ইংরাজী মেটিরিয়া মেডিকার আদর্শে ভেষজ-তত্ত্ব সমূহ বিবৃত হইতেছে। আয়ুর্ব্বেদোক্ত দ্রব্য সমূহের এরূপ সুবিস্তীর্ণ বিবরণ সহ বঙ্গভাষায় কোনও পুস্তক ইতিপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই। প্রকাশকগণ বহু যত্নে দ্রব্য সমূহের প্রতিকৃতি পুস্তক মধ্যে সন্নিবিষ্ট করিয়া ভেষজতত্ত্বার্থীদিগের কৌতূহল চরিতার্থের সুন্দর উপায় করিয়াছেন। ইহাদের উদ্যম প্রশংসনীয়। যেরূপ এ প্রদেশে উপন্যাস, নবন্যাস, ও আমোদ প্রমোদে প্রতিদিন অপরিমিত অর্থব্যয় হয়, তাহার যৎকিঞ্চিৎ এই সকল কার্য্যের সাহায্যার্থ পর্য্যবসিত হইলেও বোধ হয় প্রকৃত সদনুষ্ঠান হয়। জানি না, কবে সেই শুভ দিন উপস্থিত হইবে। ৩১ শে আষাঢ় ১৩০১ সাল।

শ্রীবিজয়রত্ন সেন কবিরঞ্জন।
৫ নং কুমারটুলি ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র সাহা মহাশয়ের সঙ্কলিত সচিত্র আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ্-সংগ্রহ নামক গ্রন্থখানি পাঠ করিয়া পরম প্রীতি লাভ করিলাম।

গ্রন্থকার মহাশয় ইহা সংগ্রহ করিতে বিশেষ যত্ন লইয়াছেন, এবং অনেক কষ্ট স্বীকার করিয়াছেন তৎপক্ষে কোনও সন্দেহ নাই। বিশেষতঃ এইরূপ বর্ত্তমান সময়ে একখানি গ্রন্থের নিতান্ত অভাব; সেই অভাব দূর করিবার যে উদ্যম করিয়াছেন তজ্জন্য তিনি বিশেষ ধন্য। ইহা আয়ুর্ব্বেদ-শিক্ষার্থীদিগের বিশেষ উপকারে আসিবে। যাহাতে এই গ্রন্থখানি সুসম্পন্ন হয় তজ্জন্য ঈশ্বরের নিকট আমরা কায়মনোবাক্যে সর্ব্বথা প্রার্থনা করিতেছি। ৫ই আষাঢ় ১৩০১ সাল।

কবিরাজ—শ্রীনিশিকান্ত সেন গুপ্ত।

আমি এই পুস্তকের এক খণ্ড উপহার পাইয়াছি। পুস্তক প্রকাশিত হইবার পূর্ব্বেও দেখিয়াছি। কারণ গ্রন্থকারের সহিত আমার নূতন পরিচয় নহে। কিরূপে আয়ুর্ব্বেদোক্ত উদ্ভিদ্ সমূহের বিবরণ প্রকাশ করিলে আয়ুর্ব্বেদের পাঠ ও প্রচার সুলভ হইতে পারে, আমি তদ্বিষয়ে ইহার সহিত অনেক সময় পরামর্শ করিয়াছি।

লোকে এই বলিয়া অনুযোগ করিয়া থাকেন যে, আয়ুর্ব্বেদোক্ত দ্রব্য সকলের যথেষ্ট বিবরণ না থাকাতে অনেক সময় অনেক ঔষধ চিনিতে পারা যায় না। পক্ষান্তরে ডাক্তারী ভেষজ সম্বন্ধে এরূপ অনুযোগ নাই। এই অনুযোগ দূর করিবার নিমিত্ত পূর্ণবাবু এই পুস্তক প্রকাশ করিয়াছেন। ইহার সঙ্কলন বর্ত্তমান সমাজের আবশ্যকতার অনুরূপ হইয়াছে বলিতে হইবে। এরূপ পুস্তক সমাপ্ত হইলে কেবল সাধারণ সমাজের নহে, চিকিৎসক সমাজের যথেষ্ট উপকার হইবে সন্দেহ নাই।

ইতি ১৩০২সাল, ২২শে শ্রাবণ। কবিরাজ—শ্রীযশোদানন্দন সরকার।

STRYCHNOS NUX-VOMICA—*POISON NUT.*

N. O. LOGANIACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Kupilu. *Beng. Hind. Punj.* Kunchila. *Pers.* Ezerakee. *Burm.* Khabon. *Bom.* Kajra.

A middle sized tree, about 40ft in height, common in Deccan, rare in Bengal. Its branches are strong, numerous and covered with dark grey, smooth bark. The young branches have knotted and jointed appearance. The leaves spring at the joints, in pairs, upon short petioles. They are broad, oval and pointed with three to five nerves. Flowers are in bunches, greenish white, bell-shaped. Fruits are round, pulpy, berry of yellow colour. Seeds are round, flattened, concavo-convex : from ½ an inch to an inch in diameter, tough, light or yellowish grey, extremely bitter and without any smell.

Part used. Seed and bark.

Properties and uses. It is highly poisonous and is considered cooling, bitter in taste, narcotic, aphrodisaic and useful in cough, fever, dyspepsia. Its paste with ginger and horn of antilope is very useful in rheumatism, and rat-bites. It is seldom used by Kabirajes.

কুপীলু-কুচিলা।

সং কুপীলু, বাং হিঃ, কুঁচিলা, পাঃ ইজারকি, বঃ কাজরা, ব্রঃ খাবোং, ইং পয়জন্স্ নাট, লাঃ ষ্ট্রীকন্‌স নক্সভোমিকা। লোগানিয়েসি জাতীয়।

পর্য্যায়! তিন্দুক, জলজ, দীর্ঘপত্রক, কুলক, কালতিন্দুক, কালপীলুক কাকেন্দু, বিষতিন্দু, মর্কটতিন্দুক। (ভাঃ প্রঃ) বিষমুষ্টি।

বিবরণ। বৃক্ষবিশেষ, উচ্চে ৪০ ফিট পর্য্যন্ত হইয়া থাকে। দাক্ষিণাত্যে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। বঙ্গদেশে সচরাচর দেখিতে পাওয়া যায় না। শাখাগুলি অতিশয় কঠিন ও ঈষৎ কৃষ্ণবর্ণ বল্কলাবৃত ও প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। পল্লবগুলি গাঁইটযুক্ত এবং ঐ গাঁইট হইতে দুইটী করিয়া পত্র বিকশিত হয়। পত্রগুলি ক্ষুদ্রবৃন্তক, প্রশস্ত, ডিম্বাকৃতি, তিন হইতে পাঁচটী শিরাযুক্ত। পুষ্পগুলি গুচ্ছাকারে জন্মে, দেখিতে ঈষৎ শ্বেতবর্ণাভ ও ঘণ্টাকার। ফলগুলি

গোলাকার, সরস, পীতবর্ণ। বীজগুলি গোলাকার, চেপ্টা, অর্দ্ধ ইঞ্চ হইতে ১ ইঞ্চি লম্বা, ঈষৎ পীতাভ, গন্ধহীন ও কঠিন আবরণে আবৃত।

ব্যবহার। বীজ ও বল্কল।

গুণ। শীতল, তিক্ত, বাতবর্দ্ধক, মত্তকারক, লঘু, বেদনানাশক, ধারক, বায়ু পিত্ত ও রক্তনাশক। (ভাঃ প্রঃ) বীজগুলি অতিশয় বিষাক্ত। ইহা অপেক্ষা অধিকতর বিষাক্ত বীজ আর দেখিতে পাওয়া যায় না। এলোপ্যাথিক ও হোমিওপ্যাথিক ডাক্তারগণ ইহাকে একটী বিশেষ উপকারি ঔষধ বলিয়া স্বীকার করেন। আয়ুর্ব্বেদে যদিও ইহার ব্যবহার দেখা যায় বটে, তত্রাচ ইহার বিশেষ কোন প্রয়োগ দৃষ্ট হয় না। হকিমি ঔষধে ইহার প্রয়োগ প্রায়ই নাই। ইহা অতিশয় বিষাক্ত বলিয়া ইহার প্রয়োগ বিশেষ বিবেচনা সাপেক্ষ।

কবিরাজীতে ইহা অজীর্ণ, স্নায়বীয় ও ধাতুদৌর্ব্বল্যে এবং ইহার তৈল পুরাতন বাত রোগে ব্যবহৃত হয়।

এলোপ্যাথিক মতে ইহা স্নায়বীয় রোগে, যক্ষা, শ্বাস, যকৃতের পীড়া প্রভৃতি রোগে ব্যবহৃত হয়।

হোমিওপ্যাথিক মতে সর্ব্বাপেক্ষা ইহার অধিক প্রয়োগ দেখা যায়। স্নায়বীয় রোগ, অজীর্ণ, শিররোগ ও জ্বর প্রভৃতি ব্যাধিতে ইহার প্রয়োগ অধিক।

ধাতুদৌর্ব্বল্য রোগে ইহা একটী মহৌষধি। ইন্দ্রিয়শক্তি বৃদ্ধির ইহা একটী অমোঘ ঔষধ।

ERYTHRINA INDICA—*THE INDIAN CORAL TREE.*

N. O. LEGUMINOSÆ. L. S. DIADELPHIA DECANDRIA.

Vern, *Sans.* Parivadra. *Beng.* Palida-madar. *Hind.* Pangra. *Tam.* Muraka. *Tel.* Modugu. *Burm.* Penlaykhatit.

A deciduous tree, common throughout India. In many parts it is propagated for fencing. When young its stem and branches are armed with small prickles. Leaves are ternate, leaflets are smooth, flowers are in racemes, large, dazzling scarlet. Flowering time is hot season. Fruits are legume. Seeds are oblong, smooth, blackish purple, and ripen in the rainy season.

Parts used. Barks, leaves and flowers.

HINDU MEDICINAL PLANTS

Properties and uses. It is used as febrifuge and vermifuge. The juice of the flower is used in diseases of the ear. Infusion of the leaves is considered useful in venereal buboes and in pains of the joints.

পারিভদ্র—পালদে মাদার।

সং পারিভদ্র, বাং পাল্‌দে মাদার; হিঃ, পান্‌গ্রা, তাঃ মুরাক, তৈঃ, মোগুগু, ব্রঃ, পেনলোথটিট, ইং. কোরাল, লাঃ ইর্‌থ্রিনা ইণ্ডিকা, লিগুমিনোসিয়া জাতীয়।

পর্য্যায়। নিম্বতরু, ক্রিমিঘ্ন, মন্দার, পারিজাতক, (ভাঃ প্রঃ) বহুপুষ্প, কণ্টককিংশুক, কণ্টকী, রক্তপুষ্প, রক্তকেশর, রক্তকুসুম।

বিবরণ। মধ্যমাকৃতিবৃক্ষ, ভারতবর্ষের প্রায় সমস্ত প্রদেশেই জন্মে। বাঙ্গালা প্রভৃতি দেশে বাগানের বেড়ার জন্য ব্যবহৃত হয়। প্রথম অবস্থায় শাখা ও ডালগুলি কণ্টকাবৃত থাকে। পত্রগুলি বিপরীতমুখী, এবং দীর্ঘে দুই তিন ইঞ্চি পর্য্যন্ত হইয়া থাকে। গ্রীষ্মকালে পত্রগুলি পতিত হইয়া গুচ্ছাকার রক্তবর্ণ পুষ্প প্রস্ফুটিত হয়। বর্ষার প্রথমে ফলবতী হয়।

ব্যবহার। পত্র, পুষ্প ও ছাল।

গুণ। বাত, কফ, শোথ, মেদ ও কৃমিনাশক। পুষ্প পিত্ত ও কর্ণ-রোগ নাশক। ক্রিমিঘ্ন। (ভাঃ প্রঃ) জরঘ্ন। পত্রগুলি বেদনানাশক।

CLITOREA TERNATEA.

N. O. LEGUMINOSÆ. L. S. DIADELPHIA DECANDRIA.

Vern. *Sans. Beng.* Aparájitá. *Hind.* Kalizer. *Bom.* Kajali. *Tam.* Kakkanan-kodi.

Garden flowering creeper, common throughout India. Flowers are white and blue. Fruit a legume.

Parts used. Root, seed and leaf.

Properties and uses. The root is cathartic, bitter, useful in eye diseases, dropsy and cough. Its flowers are highly valued in the Tantra. Powdered seed is also used as cathartic and useful in dog-bite. Infusion of the leaves is used in eruption.

অপরাজিতা।

সং বাঃ অপরাজিতা, হিঃ কালিজার, বোং কাজালি, তাঃ কাক্‌কানকোদি। লাঃ ক্লিটোরিয়া টার্‌নেটিয়া। লিগুমিনেসি জাতীয়।

পর্য্যায়। বিষ্ণুক্রান্তা, গিরিকর্ণী, আস্ফোটা, শ্বেতস্পন্দা, অশ্বুরী, কটভী, সিতাপুষ্প, শ্বেতা, বিষস্তী, গবাদনি। (রাঃ নিঃ)

বিবরণ। ভারতবর্ষের প্রায় সকল স্থানে উদ্যানে রক্ষিত হয়। শ্বেত ও নীলবর্ণের পুষ্প ভেদে দুই জাতীয়। শ্বেতপুষ্প লতাগুলির গুণাধিক্য বশতঃ ঔষধার্থে প্রয়োগ হইয়া থাকে। আয়ুর্ব্বেদ অপেক্ষা তন্ত্রোক্ত ঔষধে ইহা অধিকতর ব্যবহৃত হয়। তন্ত্রে ইহা ভগবতীর অতিশয় প্রিয়পুষ্প বলিয়া ইহার একটী নাম যোনিপুষ্প হইয়াছে।

ব্যবহার। মূল, বীজপত্র।

গুণ। শীতল, তিক্ত, পিত্তদোষ ও বিষদোষনাশক। ত্রিদোষের শমতাকারক। চক্ষুহিতকর, শোথ, (রাং নিং) কাসনাশক, কণ্ঠহিতকর। মূল ও বীজ বিরেচক, পত্র জলে সিদ্ধ করিয়া চর্ম্মরোগে ব্যবহৃত হয়। হস্তে ধারণ করিলে জ্বর আরোগ্য হয়। পত্র ও যষ্টিমধু কাথ পান করিলে কাসরোগ নষ্ট হয়। পুষ্প, মৌরী ও লোধের সহিত আসব করিয়া পান করিলে বাতঘ্ন ও প্রমেহ নাশক কৃষ্ণ অপরাজিতার বীজ শৃগাল, কুক্কুর ও সর্পবিষ নাশক। হরমেখলা তন্ত্র।

PLUMBAGO ROSEA—*THE RED.*
PLUMBAGO ZEYLANICA—*THE WHITE.*

N. O. PLUMBAGINEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Chitraka, *Beng.* Chita, *Burm.* Kin-khen-in, *Pers.* Shitarake.

A perennial shurb, found all over India, grows wild in many parts of Bengal. The difference in two varieties is easily detected by red petioles of its leaves and by its red flower. Kabirajes prefer the red variety.

Parts used. Root-bark and juice.

Properties and uses. It is considered as stomachic, heating, acrid after digestion. It is poisonous when taken in large dose.

Externally it is also used as a abortificent. It is prescribed in dyspepsia, leprosy, dropsy, piles, worms, cough and biles.

চিত্রক।

সাং চিত্রক। বাঃ চিতা, হিঃ চিত্রক, ব্রঃ কিনথিনি, পাঃ শিতারকী।

পর্য্যায়। অগ্নি, শার্দ্দুল, চিত্র, পাঠীকটু, শিখী, কৃশানী দহন, ব্যাল, জ্যোতিষ্ক, পালক, অনল, দারুণ, বহ্নি, পাবক, শম্বর, প্রাচী, দ্বীপী, চিত্রাঙ্গ, শূর।

বিবরণ। গুল্মবিশেষ। ভারতবর্ষের প্রায় সকল স্থানে দেখিতে পাওয়া যায়। বাঙ্গালাদেশে প্রচুর পরিমাণে জন্মে। চিত্রকপুষ্প দুই প্রকার, শ্বেত ও রক্ত। যাহার পুষ্পগুলি শ্বেতবর্ণ তাহাকে শ্বেত, যাহার পুষ্প লোহিতবর্ণ তাহাকে রক্ত-চিত্রক কহে। দুই প্রকার চিতাই আয়ুর্ব্বেদে ব্যবহৃত হয়। রক্তচিতা অপেক্ষাকৃত ফলপ্রদ। পুষ্প ব্যতীত রক্তচিতা সহজে চিনিতে হইলে রক্তবর্ণ পত্রগ্রন্থিগুলির দ্বারা বেশ স্পষ্টই বুঝিতে পারা যায় এবং ইহার গ্রন্থিগুলি অপেক্ষাকৃত অন্তরে জন্মে।

ব্যবহার। রস ও মূলের ছাল।

গুণ। পাকে কটু, অগ্নিকর, পাচন, লঘু, রুক্ষ, উষ্ণগ্রাহী। গ্রহিনী, কুষ্ঠ, শোথ, অর্শ, কৃমি, বায়ু, পিত্ত ও কফনাশক। (ভাঃ প্রঃ) এই সকল গুণ ব্যতীত ভারতবর্ষে গর্ভপাত ও ফোস্কা করিবার জন্ম চিতার প্রয়োগ দেখিতে পাওয়া যায়। এলোপ্যাথিকমতে কেনথারইড দিয়া যে স্থলে ফোস্কা করা হয় সেই স্থলে চিতার রস প্রয়োগে বেশ ফল পাওয়া যায়।

দাক্ষিণাত্যে ফিরিঙ্গিরোগে শুষ্ক মূলের প্রলেপ দিতে দেখা যায়। শিশুদিগের বক্ষদেশের হাড় বাড়িলে চিতার রস দিয়া ফোস্কা করা হয়।

PAPAVER SOMNIFERUM—*POPPY.*

N. O. PAPAVERACEÆ.—L. S. POLYANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Posta. *Beng. Hind.* Posta. *Tam.* Postahachidi, *Arab* Nobatul-khash-khash *Pers.* Koknar, *Burm*, Bhinbin.

A large, single white-flowered and white-seeded variety culti-

শ্বেত এরণ্ড। কটু, তিক্ত, উষ্ম, কফ, জ্বর, বায়ু ও কাসনাশক। (রাঃ নিঃ)

মূল। শূল, বায়ু, কফনাশক। শুক্রকারী। (রাজবল্লভ)।

বাতরোগে মূল প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। স্ফীতস্থানে বাঁধিয়া পত্র রাখিলে বিশেষ ফল পাওয়া যায়। স্তনে বাঁধিয়া রাখিলে দুগ্ধের সঞ্চার হয়। তৈল মৃদু বিরেচক। শীতল। সচরাচর রেচনার্থে ডাক্তারগণও ইহার প্রচুর পরিমাণে প্রয়োগ করেন। কোনস্থানে আঘাত লাগিয়া মোথাল হইলে ইহার তৈল প্রয়োগে বিশেষ ফল পাওয়া যায়।

TRAPA BISPINOSA.

N. O. ONAGRACEÆ. L. S. TETRANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Sringataka, *Beng.* Paniphal. *Hind.* Singhara. *Tel.* Parikegadda.

It is cultivated in tanks for fruits, which are eaten both raw, cooked and floured.

Parts used. Fruit.

Properties and uses. It is cooling, sweet, useful in bilious affection. The flour of the dried and ripe fruit is used with much success in diarrhœa. It can be safely substituted for barley or arrowroot.

শৃঙ্গাট—সিংয়াড়া—পানিফল।

সং শৃঙ্গাটক, বাঃ পানিফল, হিং সিংগারা, তাঃ পারিকিগদ্দা, লাঃ ট্রাপা বিশ-পিনোসা, অনাগ্রেসী জাতীয়।

পর্য্যায়। জলবল্লী, ক্ষুদ্রকন্দ, জলকণ্টক, জলসূচ, জলফল, ত্রিকোণফল, শৃঙ্খাটিকা, বারিকণ্টক, শৃঙ্গাট, ক্ষীরিশুক্ল, শৃঙ্গরুহ, শৃঙ্গকন্দ, বিষাণী। (রাং নিঃ)

বিবরণ। ভারতবর্ষের প্রায় সকল স্থানের পুষ্করিণীতে ইহার চাষ হয়। ইহা জলগুল্ম বিশেষ, জলের উপরিভাগে ভাসমান থাকে, পত্রগুলি করাতাকার এবং পানের ন্যায়। প্রত্যেক পত্রের নিম্নে একটী করিয়া বয়ার ন্যায় গ্রন্থি থাকে। এই গ্রন্থিগুলির মধ্যে বায়ু থাকাতে গুল্মগুলি সহজেই জলের উপর ভাসিতে পারে। পুষ্পগুলি শ্বেতবর্ণ এবং প্রায়ই পত্রনিম্নে গ্রন্থিস্থলে জন্মিয়া থাকে। শরৎকালেই অধিক পরিমাণে জন্মিয়া থাকে।

ব্যবহার। ফল ওফলের পালো ও পত্র।

পানিফল

TRAPA BISPINOSA.

RICINUS COMMUNIS.

TRIBULUS TERRESTRIS

ACORUS CALAMUS.

গুণ। শীতবীর্য্য, কষায়, মধুর, গুরু, বৃষ্য, গ্রাহি; শুক্র, বায়ু ও কফকর; পিত্ত রক্তদোষ ও দাহনাশক। (ভাঃ প্রঃ)।

উদরাময়, মন্দাগ্নি, অজীর্ণরোগে পানিফলের পালো, এরারুট ও বার্লীর ন্যায় কার্য্যকারী। অনেকে উহার রুটী প্রস্তুত করিয়া আহার করেন। জ্বর ও উদরাময় রোগে উহার ফল অল্প পরিমাণে আহার করিতে দেওয়া হয়। পত্রও আমাশয় রোগে কখন কখন ব্যবহৃত হয়।

TRIBULUS TERRESTRIS. *BEAN CAPERS.*

N. O. ZYGOPHYLLACEÆ. L. S. DECANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Gokshura. *Beng.* Gokhri, *Hind.* Gokkru. *Tam.* Nerunji. *Tel.* Palleru-mullu. *Pers.* Khare-Kha-sak.

A trailing annual plant, found amongst grass in many places of India. Leaves 4 to 6 pairs ; flowers yellow ; fruits have five coccus, each with two long and two short prickles.

Parts used. The whole plant, specially the fruits.

Properties and uses. The whole plant is cooling, diuretic, tonic, carminative, aphrodisiac and is used in calculus and other urinary and cardial disorders, cough, asthma, and piles.

A decoction of the fruits is often prescribed with *yavakshar* and sometimes with *Silajit* and honey in painful micturition.

গোক্ষুর।

সং গোক্ষুর, বাং গোখরি, হিং গোক্ষুরু, পাং খিয়ার-খা-শাক, তাং নিরুন্‌জি, তৈং পালিরুমুল্‌। লাং ট্রিবুলাস্ টেরেসষ্ট্রীস্, জাইগোফিল্লেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। ক্ষুরক, ত্রিকণ্টক, স্বাদুকণ্টক, গোকণ্টক, ভক্ষটক, বনশৃঙ্গাট, পলঙ্কষা, অশ্বদংষ্ট্রা, ইক্ষুগন্ধিকা। (ভাঃ প্রঃ)।

বিবরণ। ক্ষুদ্র লতাবিশেষ। ভারতবর্ষের অনেক স্থানে দেখিতে পাওয়া যায়। বর্ষান্তে ঘাসের মধ্যে জন্মিয়া থাকে। পাতাগুলি ক্ষুদ্র ও ঈষৎ গোলাকার। একটী শাখায় ৪ হইতে ৬ জোড়া বিপরীতমুখী পত্র জন্মে এবং অগ্রভাগে হরিদ্রাবর্ণ ক্ষুদ্র পুষ্প

প্রস্ফুটিত হয়। ফলগুলি কণ্টকাবৃত। পরিপক্ক হইলে তিন চারি খণ্ডে বিভক্ত হয়। বিহার ও উত্তর পশ্চিমাংশে এত অধিক জন্মে যে মাঠে পদার্পণ করা কঠিন হইয়া উঠে।

ব্যবহার। সমগ্র লতা ও ফল।

গুণ। শীতল, বলপ্রদ, বস্তিশোধক, মধুর, দীপন, বৃষ্য, পুষ্টিকর, অশ্মরীহর। (ভাঃ প্রঃ)। কামোদ্দীপক ও রসায়ন।

অশ্মরী, প্রমেহ, শ্বাস, কাস, অর্শ, মূত্রকৃচ্ছ্র, হৃদ্‌রোগ ও বায়ুনাশক। (ভাঃ প্রঃ)। প্রমেহ প্রভৃতি রোগে গোক্ষুরবীজ একটী প্রধান ঔষধ। মূত্রকৃচ্ছ্রে ইহার কাথ যবক্ষার বা শিলাজতু ও মধুসহ ব্যবহৃত হয়। (চক্রদত্ত)।

ACORUS CALAMUS. *SWEET FLAG.*

N. O. AROIDEÆ. L. S. HEXANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Vacha. *Beng. Hind.* Bacha. *Tam.* Vashambu. *Tel.* Vadaja. *Burm.* Linhe.

A semi-aquatic a perennial plant, common in marshy places in Manipur, the Naga Hills, and some parts of the N. W. Provinces. The dried rhizome is very common in the bazars of India. It is flattened, spongy, with numerous ringed appendages.

Part used. Rhizome, or root stock.

Properties and uses. It is of a peculiar strong odour, of bitterish and acrid taste, heating, emetic in large doses, and nervine, carminative, stomachic in small doses, and is useful in hysteria, cough and worms. The natives often use it in fever, dyspepsia, flatulence, and also in loss of appetite. Dr. Evers speaks highly of its action in dysentery, diarrhœa, and bronchial affections of children. Dr. Waring says that the fresh root is very useful in driving away fleas and insects. It is also useful in clearing the throat before singing.

বচ।

সং বচ, বাংত্ত হিং বচ, তাং ভাষাম্বু, তৈং ভাদাজাব্রং লিংহি, লাং একোরাস ক্যালেমাস, ইং স্বুইট ফ্লাগ, অরোইডি জাতীয়।

পর্য্যায় শব্দ। উগ্রগন্ধা, ষড়গ্রন্থা, গোলোমী, শতপর্ব্বিকা, ক্ষুদ্রপত্রী, মঙ্গল্যা, জটিলা, উগ্রা, লোমশ, ভাপ্ন, রক্ষোঘ্নী, বিজয়া। (রাং নিং) সিতা, হৈমবতী, জটীলা।

বিবরণ। উত্তর পশ্চিমাংশে ও মণিপুর প্রভৃতি স্থানের জলা জমিতে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। পত্রগুলি পুরু, প্রশস্ত এবং বচের গন্ধবিশিষ্ট। কন্দ দেখিতে পাটল বর্ণ, অন্তঃভাগ শ্বেতবর্ণ। বচ কয়েক জাতীয়, তাহার মধ্যে বচ ও ঘোড়বচ এই দুইটী এতদঞ্চলে দেখিতে পাওয়া যায়। ঘোড়বচ অপেক্ষাকৃত গন্ধ-বিশিষ্ট বলিয়া তৈলাদির সুগন্ধ নিমিত্ত ব্যবহৃত হয়। ভাবমিশ্র খুরাসানী, মহাভরী নামে দুই প্রকার বচের উল্লেখ করিয়াছেন। মহাভরী ঘোড়বচের নামান্তর বলিয়া বোধ হয়।

ব্যবহার। কন্দ।

গুণ। উগ্রগন্ধ, কটু-তিক্তরস, উষ্ণবীর্য্য, বমিজনক, অগ্নিবৃদ্ধিকর, মলমূত্র শোধক, বিবন্ধ, আধ্মান, শূল, অপস্মার, কফ, উন্মাদ, ভূতদোষ, ক্রিমি ও বায়ুনাশক। (ভাঃ প্রঃ)।

খুরাসানী বচ দেখিতে শ্বেতবর্ণ। পারস্য দেশে জন্মে। ইহার অপর নাম হৈমবতী। অপর জাতীয় বচ অপেক্ষা অধিক বায়ুনাশক।

মহাভরী বচের অপর নাম কুলিঞ্জন ও সুগন্ধা। পশ্চিমাঞ্চলের চিকিৎসকগণ মহাভরী বচের বিশেষ প্রশংসা করেন। সুগন্ধা বচ উগ্রগন্ধবিশিষ্ট, কফ ও কাস-নাশক, স্বরপ্রসাদক, রুচিজনক। হৃদয়, কণ্ঠ ও মুখরোগনাশক। সুগন্ধা বচের মধ্যে যে সকল বচ স্থূলগ্রন্থি বিশিষ্ট তাহাকে মহাভরী বচ কহে। সুগন্ধা বচ অপেক্ষাকৃত গুণযুক্ত।

TERMINALIA TOMENTOSA.

N. O. COMBRETACEÆ. L. S. DECANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Asan, *Beng.* Piyasal, *Tel.* Maddi, *Burm.* Toukkyan.

A large evergreen tree, common in Bengal, Central India and Burma. Flowering time, April and May. The seeds ripen in the winter season.

Part used.—Root-bark.

Properties and uses.—Useful in bilious and catarrhal affections, bitter, and heating. A weak decoction is externally used on indolent ulcers.

অসন, পিয়াশাল।

সং অসন, বাং পিয়াশাল, তৈং মাদি, ব্রং টকিয়ান্, লাং টার্‌মিনেলিয়া টোমেণ্টসা, কম্‌ব্রীটেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। মহাগর্জ্জ, শৌরি, বধূকপুষ্প, প্রিয়ক, বীজবৃক্ষ, নালক, প্রিয়নালক। (রাং নি)। অজকর্ণ। (রত্নমালা)।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। বাঙ্গালা, মধ্যভারত ও ব্রহ্মদেশের উচ্চ ভূমিতে জন্মে।

ব্যবহার। মূলের ছাল।

গুণ। কটু, উষ্ণ, বাত ও গলদোষনাশক। (রাং নিং)। কফ ও পিত্তনাশক। (রাজবল্লভ)।

ঈষৎ উষ্ণ কাথের দ্বারা ক্ষতস্থান ধৌত করিলে ক্ষত সত্বর আরোগ্য হয়।

আয়ুর্ব্বেদে ইহার ব্যবহার অতিশয় বিরল।

MELIA AZEDARACH.

N. O. MELIACEÆ. L. S. DECANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Mahanimba. *Beng.* Ghoranim. *Arb.* Ha-bul-bah. *Tam.* Malai Veppam. *Burm.* Simbo-tama-bin.

A large erect tree, common in many places of India. The leaves are bipinnate ; the flowers appear in bunches, of lilac colour, and the fruits, when ripe, are of yellow colour, and sub-globose.

Parts used. Fowers, leaves, fruits and bark.

Properties and uses. The bark is bitter, acrid, useful in cough, worms, bilious affections, leprosy and piles. The flowers and leaves are used as poultice in nervous head-ache.

EDARACH.
TOMENTO
RMINELIA

মহানিম্ব—ঘোড়ানিম্।

সং মহানিম্ব, বাং ঘোড়ানিম্, আং হাবুলবা, তাং মালাই ভনাম, ব্রঃ শিম্ব-তামবিন্ লাং মিলিয়া অজিডারক্, মিলিয়েসি জাতীয়।

পর্য্যায় শব্দ। কেটথ্য, পবনেষ্ট, পর্ব্বত। (রত্নমালা)।

বিবরণ। বৃহদাকার সরল বৃক্ষ। ত্বক্ পাশুটে বর্ণ ও মসৃণ। ভারতবর্ষের নানা স্থানে দৃষ্ট হয়। ফাল্গুনমাসে পুষ্পবতী হইয়া থাকে।

ব্যবহার। ত্বক্, ফল, ফুল ও পত্র।

গুণ। ফল অধিক মাত্রায় বিষাক্ত। পত্র ও ফুলের ফুলটিস দ্বারা বাতজ শিরঃশূল আরোগ্য হয়। কষায়, অম্ল, গ্রাহি, শীতল। (রাজবল্লভ)। কফ, বাত, পিত্ত, ক্রিমি, বমন, প্রমেহ, শ্বাস, অর্শ্, গুল্ম, মূষিকবিষ ও কুষ্ঠনাশক। (ভাঃ প্রঃ)।

PTEROCARPUS SANTALINUS. *SANDER'S RED TREE.*

N. O. LEGUMINOSÆ. L. S. DIADELPHIA DECANDRIA.

Vern. *Sans. Beng.* Rakta-chandan. *Arb.* Sandale ahmar. *Pers.* Sandale Surkh. *Tam.* Shenshandanum. *Burm.* Nasarni.

A small tree common in the Deccan. The leaves bipinnate leaflets smooth, racemes axillary.

Part used. Wood.

Properties and uses. It is astringent, tonic and cooling. It is often used in bilious affections and thirst, and is also applied in nervous headache.

রক্তচন্দন।

সং রক্তচন্দন, বাঃ লালচন্দন, আং সাণ্ডেল আহমার, পাং সাণ্ডেল সুরুক্, তাং সানসানডানম, ব্রং নাসার্ণি, লাং টেরোকার্পাস সেণ্টালিনাস, লিগুমিনেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। তিলপর্ণী, পত্রাঙ্গ, রঞ্জন, কুচন্দন, তাম্রসার, তাম্রবৃক্ষ, চন্দন, লোহিত, শোণিতচন্দন, রক্তসার, ত্রামসায়ক, ক্ষুদ্রচন্দন, অর্কচন্দন (রাং নিং) রক্তাঙ্গ, তিলপর্ণ, প্রবলফল। (ভা: প্র:)।

বিবরণ। দাক্ষিণাত্য প্রদেশে প্রচুর পরিমাণে জন্মে। কলিকাতার নিকটে

সাধারণত যে রক্তচন্দনবৃক্ষ দেখা যায় তাহা প্রকৃত নহে। বৃহদাকার বৃক্ষ, পত্রগুলি গোল ও মধ্যমাকৃতি।

গুণ। শীতল, তিক্ত, স্বাদু, গুরু, নেত্রের হিতকর, বৃষ্য। বমন, পিপাসা, রক্তপিত্ত, পিত্ত, জ্বর, ব্রণ, বিষনাশক। (ভাঃ প্রঃ)।

পিত্তঘ্ন বলিয়া পিত্তজ জ্বর, পিপাসা ও উদরাময় নিবারণের জন্য সচরাচর ব্যবহৃত হয়।

ডাক্তারগণও ইহা পিত্তঘ্ন বলিয়া বিবেচনা করেন।

TERMINALIA BELLERICA. *BELLERIC MYROBALAN.*

N. O. COMBRETACEÆ. L. S. POLYGAMIA MONŒCIA.

Vern. *Sans.* Bivitaki. *Beng.* Baheda. *Hind.* Bhaira. *Tam.* Tani. *Burm.* Thitsein. *Pers.* Babela.

A large tree, very common throughout India. Flowering time—April and May.

Part used. The fruits.

Properties and uses. It is astringent, laxative and is useful in cough, hoarseness and eye diseases. The kernel of the fruit is said to be narcotic. It is also used externally in inflammation.

বিভীতকী—বহেড়া।

সং বিভীতকী, বাং হিং বহেড়া। তাং তানি, ব্রং থিটসিন, পাং বাবিলা, লাং টারমিনেলিয়া বেলারিকা, কোমব্রিটেসিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। অথতুষ, কর্ষল, ভুতকস, কলিদ্রুম। (অমর)। কল্পবৃক্ষ, সম্বর্ত্ত। (রত্নমালা)। তৈলফল, সম্বর্ত্তক, বাসন্ত, কলিবৃক্ষ, বহেড়ুক, হার্য্য, বিষঘ্ন, অনিলঘ্ন, কাসঘ্ন (রাং নি)।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। ভারতবর্ষের নানা স্থানে জন্মে। বর্ষাকালের প্রারম্ভেই ফলবতী হয়।

ব্যবহার। ফল ও বীজমজ্জা।

গুণ। কটু, তিক্ত, কষায়, উষ্ণ, কফঘ্ন, চক্ষু ও কেশের হিতকর, বিপাকে

মধুর। (রাং নি)। হিমস্পর্শ, ভেদক, কাসঘ্ন, ক্রিমিনাশক বিস্বরতা নাশক। (ভা: প্র:)।

বীজ মজ্জা। লঘু, মধুর, মত্তকারি, তৃষ্ণা, ছর্দ্দি, কফ্ ও বাতনাশক। (রাং নিং)

তৈল। স্বাদু, শীতল, গুরু, পিত্ত ও কফনাশক। কেশের হিতকর। (রাং নি)।

LEPIDIUM SATIVUM.

N. O. CRUCIFERÆ. L. S. TETRADYNAMIA SILICULOSA.

Vern. *Sans.* Chandrasura. *Beng. Hind.* Halim. *Arb.* Farjir. *Pers.* Turrah-tizkah. *Tam.* Ali-verai.

An annual plant cultivated in the gardens as a winter vegetable.

Part used. seeds.

Properties and uses. The seeds are tonic, alterative, mucilaginous, and are used in hiccup, diarrhœa and skin diseases. They are also carminative and diuretic and are applied on local inflammation with ime juice. Dr. Steward used it as a lactagogue.

চন্দ্রশূর—হালিম।

সং চন্দ্রশূর, বাং ও হিং হালিম, আং ফারজীর, পাং টারাটিজিক্, তাং আলিভের। লাং লিপিডিয়াম্ সেটিভাম্। ক্রুসিফারি জাতীয়।

পর্য্যায় শব্দ। চন্দ্রিকা, চর্ম্মহন্ত্রী, পশুমেহনকারিকা, নন্দিনী, কারবী, ভদ্রা, বাস্তপুষ্পা, সুবাসরা। (ভা: প্র:)।

বিবরণ। ক্ষুদ্রগুল্ম বিশেষ। উদ্যানে সবজির ন্যায় শীতকালে রোপিত হয়, এবং পুষ্করিণীর ধারে অধিকতর পরিবর্দ্ধিত হইয়া থাকে।

ব্যবহার। বীজ।

গুণ। বৃষ্য, পুষ্টিকারক, হিক্কা, বাতশ্লেষ্মা, অতিসারে উপকারী। (ভা: প্র:)। ইহার কাথ পুনঃ পুন পান করাইলে হিক্কা প্রশমিত হয়। বায়ুনাশক, মূত্র ও স্তন্যকারক। লেবুর রসের সহিত বীজচূর্ণ প্রলেপ দিলে বেদনা নিবারিত হয়।

SAPINDUS TRIFOLIATUS.

N. O. SAPINDACEÆ. L. S. OCTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Arishta. *Beng.*. Rita. *Arb.* Findaque. *Burm.* Miavmen-sue-khe-si.

A tree found in Bengal and Southern India.

Part used. The fruit.

Properties and uses. It is hot, dry, tonic, alexipharmic, fumigatory, and is useful in hysteria and melancholy. The kernel of the seed is used as a febrifuge.

The Kavirajes seldom use it in their practice. It is the best substitute for soap.

অরিষ্ট—রিঠা ।

সং অরিষ্টফল, বাং·রিটা, আং ফ্রিন্ডাক, ব্রঃ মিয়াঙ্মেন-সু-খিসি । লাং সেপিণ্ডাস ট্রাইফোলিএটাস, সেপিণ্ডেসি জাতীয় ।

পর্য্যায় শব্দ । মাঙ্গল্য, কৃষ্ণবর্ণ, অর্থসাধন, রক্তবীজ, পীতফেন, ফেনিল । (শং বং)

বিবরণ । বৃহদাকার বৃক্ষ । বাঙ্গালা ও দাক্ষিণাত্যে প্রচুর জন্মে । পত্রগুলি বিপরীতমুখী । সুপারির ন্যায় ফল জন্মে । গোলাকার, মসৃণ ও রসাল ।

ব্যবহার । ফল ।

গুণ । কবিরাজীমতে প্রায়ই ব্যবহার দেখা যায় না। বাঙ্গালা দেশে সাবানের পরিবর্ত্তে উহার ফেণা দিয়া কাপড় পরিষ্কার করা হয় । ইউনানিমতে ইহা উষ্ণ, বৃষ্য, গর্ভপতনকর । মৃগী, অপস্মার, ও বাতনাশক । বীজের শস্য জ্বরনাশক । মূল বায়ুনাশক । ফলচূর্ণ সর্পবিষনাশক ।

NYMPHÆA RUBRA.

N. O. NYMPHÆACEÆ. L. S. POLYANDRIA MONOGYNIA

Vern. *Sans.* Rakta Kambala. *Beng.* Lal Saluka. Halaphul.

An aquatic plant, common in the tanks of Bengal, flowerings time rainy season.

Parts used. Root-stocks and flowers.

Properties and uses. The root of the plant is used in menstrual irregularities. It is refrigerent and antiscorbutic.

LA PH SATI
NDUS DETERG
NYMPHÆA
TAMARIX DIOICA

রক্তোৎপল—লাল শালুক।*

সং রক্তোৎপল, বাং লাল শালুক, রক্তকম্বল, হেলাফুল, লাং নিম্ফিয়া রুব্রা, নিম্ফীয়েসি জাতীয়।

ইহার পর্য্যায় শব্দ রক্তপদ্মের পর্য্যায়ে লিখিত হইয়াছে।

বিবরণ। জলজ উদ্ভিদ্। ভারতবর্ষের প্রায় সর্ব্বত্র পুষ্করিণীতে ও জলা জমিতে জন্মে। বর্ষা ও শরৎকালে পুষ্পিত হয়।

ব্যবহার। ফুল ও কন্দ।

গুণ। রক্তবর্ণ উৎপলের মূল রক্তরোধক, রক্তপিত্ত নিবারক, শীতবীর্য্য, মেহ, বায়ু ও পিত্তনাশক।

উৎপল তিন জাতীয়, শ্বেত, রক্ত ও নীল। শ্বেতবর্ণকে কুমুদ কহে। ঔষধে নীলবর্ণের পুষ্প ব্যবহৃত হয়। রক্তবর্ণের পুষ্পের কন্দ রজদোষ নাশক।

TAMARIX INDICA.

N. O. TAMARISCINEÆ. L. S. PENTANDRIA TRIGYNIA.

Vern. *Sans.* Jabuk. *Beng.* Lal Jau. *Hind.* Jhau.

A common plant of lower Bengal; grows wild on river banks. Flowers are of rosy colour and small.

Parts used. The twigs.

Properties and uses. It is a stringent and diuretic. Its ashes are used as soda.

ঝাবুক—ঝাউ।

সং ঝাবুক, বাং লাল ঝাউ, হিঃ ঝাউ, লাং টামেরিক্স ইণ্ডিকা, টামারেসিনিয়া জাতীয়।

বিবরণ। বাঙ্গালা দেশের ও নদীসঙ্গম স্থানে জন্মে। ইহার পুষ্পগুলি লোহিতবর্ণ।

ব্যবহার। শাখাগ্র।

---

*রক্তোৎপল বলিলে লাল শালুককেই বুঝায়। উৎপল শব্দে পদ্ম না বুঝাইয়া আয়ুর্ব্বেদে শালুককেই বুঝাইয়া থাকে। এ সম্বন্ধে আমরা প্রকৃত সিদ্ধান্তে উপনীত হইতে পারি নাই।

গুণ। কষায়, রক্তরোধক ও মূত্রল। মূত্রকৃচ্ছ্র রোগে ইহা জলে সিদ্ধ করিয়া সিদ্ধজল সেবন করিতে দেওয়া হয়। আয়ুর্ব্বেদে ইহার ব্যবহার বড় দেখা যায় না। ইউনানি গ্রন্থে ইহার ব্যবহার বহুল।

MICHELIA CHAMPACA.

N. O. MAGNOLIACEÆ. L. S. POLYANDRIA POLYGYNIA.

Vern. *Sans.* Champaka. *Beng.* Champa. *Hind.* Champa. *Tam.* Shimbu. *Burm.* Saga. *Bom.* Pivalachapa.

A large tree, common in Bengal, Assam and Nepal. Flowers are yellow, sweet-scented and highly valued by the Hindus as offerings to their deities.

Parts used. Flower and bark.

Properties and uses. The bark is bitter and aromatic, and is used in low intermittent fever and in skin diseases.

চম্পক। চাঁপা।

সং চম্পক, বাঃ চাঁপা, হিঃ চম্পা, তাঃ সিম্বু, ব্রঃ সাগা, বোঃ পিভালা-চাপা, লাং মিচেলিয়া চম্পকা, মেগনোলিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। চাম্পেয়, হেমপুষ্পক। (অমর)। স্বর্ণপুষ্প, শীতলচ্ছদ, সুভগ, ভৃঙ্গমোহী, শীতল, ভ্রমরতিথি, সুরভি, দীপপুষ্প, স্থিরগন্ধ, অতিগন্ধক, স্থিরপুষ্প, পীতপুষ্প, হেমাহ্ব, সুকুমার, বনদীপ। (রাং নিং)। চাম্পেয়, চম্পক, হেমপুষ্প। (ভাঃ প্রঃ)।

বিবরণ। বাঙ্গালা, আসাম, নেপাল অঞ্চলে প্রচুর পরিমাণে জন্মে। ভারতবর্ষের প্রায় সর্ব্বপ্রদেশে ইহা সযত্নে উদ্যান মধ্যে রোপিত হয়। বৃক্ষগুলি মধ্যমাকৃতি, পত্রগুলি অম্রপত্র অপেক্ষা কিছু প্রশস্ত। গ্রীষ্মকালে অধিক পরিমাণে পুষ্প প্রস্ফুটিত হয়, অন্যান্য ঋতুতেও সামান্য দেখিতে পাওয়া যায়। পুষ্প স্বর্ণবর্ণ ও সদ্‌গন্ধযুক্ত। গ্রীষ্মকালে বীজ জন্মে।

চম্পক কলিকার পর্য্যায় শব্দ। গন্ধফলী, বহুগন্ধা, গন্ধমোদিনী। (রাঃ নিং)।

ICHELIA CHAMPA
শিমুল
BOMBAX MALABARICA.
আদা
ARGEMONE MEXICANA.

গুণ। কটু, তিক্ত ও শীতল। দাহ, কুষ্ঠ, কণ্ডু, ব্রণনাশক। (রাঃ নিং)। কষায় মধুর। বিষ, কৃমি, কফ, বাত ও পিত্তনাশক। রক্তশোধক। (ভাঃ প্রঃ)। ইহার বল্কল সিদ্ধ করিয়া সবিরাম জ্বরে সেবন করিলে বিশেষ উপকার পাওয়া যায়।

BOMBAX MALABARICUM.

N. O. MALVACEÆ. L. S. MONDELPHIA POLYNDRA.

Vern. *Sans.* Salmali. *Beng. Hind.* Simula. *Burm.* Letpan.

A very large tree, common all over India. Leafless in March, blossoms in April.

Parts used. Root, gum and flower.

Properties and uses. Its gum, known as Mocharasa, is often used by the native physicians in diarrhœa and dysentery. The flowers are astringent, and cooling and are often prescribed with ghee and salt in menstrual irregularities. The root is also astringent, aphrodisiac, cooling and is used in gonorrhœa and impotence.

শাল্মলী, শিমূল।

সং শাল্মলী, বাঃ শিমূল, হিঃ শিমুল, ব্রঃ লেপটান্, লাং বোমবেস মেলাবেরিকাম, মেলভেসিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। কপীতন, ভণ্ডিক, স্বর্ণ-পুষ্পক, ভণ্ডীর, ভণ্ডীল, মৃদপুষ্পক, শুষ্কতরু, বিষনাশন, শীতপুষ্প, ভণ্ডিক, শুকেষ্ট, বর্হিপুষ্প, বিষহন্তা, সুপুষ্পক, উদ্দালক, শুক্রতরু, লোমশপুষ্পক, কপীতক, কলিঙ্গ, শ্যামল, শঙ্খিণীফল, মধুপুষ্প, বৃত্তপুষ্প, শিখিনাফল। (রাং নিং)। শাল্মলি, মোচা, পিচ্ছলা, পূরণী, রক্তপুষ্পা, স্থিরায়ু, কণ্টকার্য্যা, তুলিনী। (ভাঃ প্রঃ)।

নির্য্যাসের পর্য্যায় শব্দ। মোচরস, পিচ্ছা, শাল্মলীবেষ্টক, মোচাস্রাব, মোচনির্য্যাস। (ভাঃ প্রঃ)। মোচস্রুৎ, মোচস্রাব, মোচানির্য্যাস, পিচ্ছিলসার, সুরস, শাল্মলীবেষ্ট, মোচসার। (রাং নিং)।

বিবরণ। বৃহতাকার বৃক্ষ। ভারতবর্ষে সর্ব্বত্র দেখিতে পাওয়া যায়। সমতল, পার্ব্বতীয় ও সমুদ্রতট প্রভৃতি সকল স্থানেই জন্মে। ফাল্গুনমাসে ইহার পত্রগুলি

বৃন্তচ্যুত হয়। তখন বৃক্ষটী কেবল মাত্র শাখাশেষ হইয়া থাকে। চৈত্রমাসে পুষ্পিত এবং বৈশাখমাসে ফলবতী হয়। ইহার ফল পরিপক্ক হইলে ফাটিয়া তুলা বাহির হয়। এই বৃক্ষ হইতে যে নির্য্যাস বর্হিগত হয় তাহাকে মোচরস কহে। মূল ভূগর্ভ ভেদ করিয়া সরল ভাবে বহুদুর প্রবিষ্ট হইয়া থাকে। শিমূলপুষ্প তিন জাতীয় দেখা যায়। শ্বেতবর্ণ পুষ্প অতি বিরল, রক্তবর্ণ প্রচুর পরিমাণে জন্মে, পীতবর্ণ পুষ্প কোন কোন স্থলে দৃষ্ট হয়। ইহার তুলা কখন কখন ঔষধার্থেও ব্যবহৃত হয়।

ব্যবহার। মূল, নির্য্যাস ও পুষ্প।

গুণ। কটু, শীতল। বিষ, বাত, রক্তপিত্ত, কুষ্ঠ ও কুণ্ডনাশক। (রাং নিং)। শীতবীর্য্য, মধুররস, মধুরবিপাক, রাসায়ন, কফ্‌কারক। পিত্ত, বাতরক্ত ও রক্তপিত্ত নাশক। (ভাঃ প্রঃ)।

নির্য্যাস। শীতবীর্য্য, ধারক, স্নিগ্ধ, শুক্রবর্দ্ধক, কষায়রস। প্রবাহিকা, অতিসার, আমদোষ, কফ্‌, পিত্ত, রক্ত ও দাহনাশক। (ভাঃ প্রঃ)। বল,পুষ্টি, বর্ণ, ও বীর্য্য-কারক, আয়ুবর্দ্ধক, গ্রাহি। (রাং নিং)।

পুষ্প। মধুররস, মধুর বিপাক, কষায়, শীতল ও গুরু। কফ্‌, পিত্ত ও রক্ত-দোষ নাশক। গ্রাহি ও বায়ু-বর্দ্ধক।

মূলের রস গণোরিয়া, ধ্বজভঙ্গ প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। নির্য্যাস উদরাময়, স্রাব ও অতিসারে প্রযুজ্য। পুষ্পশাক ঘৃত ও সৈন্ধবসংযোগে পাক করিয়া প্রদর রোগে সেবন করিতে দেওয়া হয়।

ZINGIBER OFFICINALE. *GINGER.*

N. O. SCITAMINEÆ. L. S. MONANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Ardraka. *Beng.* Ada. *Hind.* Adrak. *Burm.* Ginsin.

The dried root. *Sans.* Sonti. *Beng.* Sunta. *Mal.* Chukka. *Tam.* Shukku. *Burm.* Ginsi-khiav.

The plant is cultivated all over India. The ginger of the Rungpur district is considered the best.

Part used. The rhizome.

Properties and uses. It is aromatic, stomachic, errhine, sialagogue, pungent acrid, carminative, and rubefacient. Bhavamisra says it is a valuable remedy for dyspepsia, if taken with a little salt every morning before taking meal. One ounce of the juice of the fresh root with a little quantity of hot milk and ghee is a very efficacious remedy in catarrh.

আর্দ্রক—আদা।

সং আর্দ্রক, বাঃ আদা, হিঃ আদ্‌ক, ব্র: জানসি।

শুষ্ককন্দ। সং শুণ্ঠী, বাঃ শুঠ, মা: চুক, তাঃ শুকু, ব্র: জিনসি থিয়াব, ইং জিন্‌জার, লাং জিঞ্জিবার অফিসিয়ানেলি, সিটামিনেইয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। আদা, শৃঙ্গবের, কটুভদ্র, কটু, কট, গুল্মমূল, মূলজ, কন্দর, বরমহীজ, অনূপজ, চন্দ্রাখ্যা, বাহুচ্ছত্র, সুশাকক, শাঙ্গী, অগ্রশাক। (রাং নিং)।

শুষ্ক। শুণ্ঠী, বিশ্ব, নাগর, কফারি, চান্দ্রক, শোষণ, বিশ্বা, মহৌষধী, ইন্দ্রভেষজ, বিশ্বৌষধি। (রাং নিং)।

বিবরণ। তৃণবৃক্ষ, দেখিতে হরিদ্রাগাছের ন্যায় কিন্তু পত্রগুলি অপেক্ষা কৃত সরু। কন্দগুলি আর্দ্রক নামে খ্যাত। শুষ্ক হইলে শুঁঠ হয়। ভারতবর্ষের প্রায় সর্ব্বত্রেই ইহার চাষ হইয়া থাকে। রঙ্গপুর জেলার শুঁঠই উৎকৃষ্ট। ভারতবর্ষ ব্যতীত এসিয়া মহাদেশের অনেক স্থানে আদার চাষ হয়।

এলোপেথিক ঔষধে যে শুঁঠচূর্ণ ব্যবহৃত হয় তাহা জেমেকা দেশোদ্ভুত। কোচিন দেশীয় শুঁঠ মধ্যম।

ব্যবহার। কন্দ।

গুণ। ভেদক, গুরু, তীক্ষ্ণ, উষ্ণ, দীপন, কটু, পাকে মধুর, রূক্ষ, বাত ও কফনাশক। (ভাঃ প্রঃ)।

শুঁঠ। রুচ্য, পাচন, কটু, স্নিগ্ধ, উষ্ণ, লঘু, গরম, পাকে মধুর, স্বরের হিতকর। আমবাত, কফ, বাত, বিবন্ধ, শ্বাস, কাশ, শূল, হৃদ্রোগ, শ্লীপদ, আনাহ, উদরী, আম, বমন, শোথ, অর্শ ও বেদনানাশক। (রাং নিং)।

আয়ুর্ব্বেদে নানা প্রকার রোগে শুঁঠের ব্যবহার দেখিতে পাওয়া যায়। আহারের পূর্ব্বে একখণ্ড আদা সৈন্ধব লবণ সংযোগে সেবন করিলে খাদ্য সহজে পরিপাক

হয়, ক্ষুধা বৃদ্ধি করে এবং নানা প্রকার মুখরোগনাশ করে। স্বরভঙ্গ ও সর্দ্দিতে আদার রস উষ্ণ দুগ্ধ ও ঘৃতের সহিত পান করিলে বিশেষ ফল পাওয়া যায়। আদা খণ্ড খণ্ড করিয়া লেবুর রসে ফেলিয়া ১০।১৫ দিবস রৌদ্রে রাখিয়া ব্যবহার করিলে ক্ষুধামান্দ্য প্রভৃতি রোগ আরোগ্য হয়। বিসূচিকা রোগে রোগীর শারীরিক উত্তাপ রাখিবার জন্য শুঁঠচূর্ণ মর্দ্দনে বিশেষ ফল পাওয়া যায়।

শুঁঠচূর্ণ অল্প জলের সহিত পেষণ করিয়া রগে প্রলেপ দিলে শিরঃবেদনা নষ্ট হয়। দন্তরোগে যাতনা নিবারণের জন্য একখণ্ড আদা চর্ব্বণ করিলে বিশেষ উপকার হয়।

শুঁঠচূর্ণ, সোহাগা ও হিং সজিনারসের ভাবনা দিয়া বটিকা করিয়া সেবন করিলে শূলবেদনা আরোগ্য হয়। আদার রসের নস্য গ্রহণ করিলে শিরঃপীড়া প্রশমিত হয়।

ARGEMONE MEXICANA.

N. O. PAPAVERCEÆ. L. S. POLYANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Brahma-dandi. *Beng.* Sialkanta. *Hind.* Fariagee datura. *Bom.* Pinvala-dhotra.

An annual plant, common all over India. The stems are armed with prickles, the flowers are yellow, and the seeds are black, round and numerous.

Parts used. The juice and seeds.

Properties and uses. The juice is applied on whitlow and indolent ulcers, and in very small doses it is efficacious in dropsy and jaundice. The seeds are considered narcotic. The oil, produced from them, is also used in cutaneous eruptions.

ব্রহ্মদণ্ডী—শিয়াল কাঁটা।

সং ব্রহ্মদণ্ডী, বাঃ শিয়াল কাঁটা, হিঃ ফিরিঙ্গী ধুতরা, বোঃ পিনভলা ধুতরা, লাঃ আর্‌জিমোনি মেকসিকেনা, পাপেভারেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। অজদণ্ডী, কণ্টকপত্রফলা।

বিবরণ। ক্ষুদ্র গুল্মবিশেষ। বসন্তকালে জন্মে এবং শীতকালে মরিয়া যায়। কাণ্ড ও পত্রগুলি কণ্টকাবৃত। পুষ্প পীতবর্ণ, একদল ও তিনটী পত্রবিশিষ্ট। বীজ কৃষ্ণবর্ণ, গোল এবং বহুসঙ্খ্যক।

ব্যবহার। রস ও বীজ।

গুণ। কটু, উষ্ণ। কফ্ ও বায়ুনাশক। রস আসাধ্য ব্রণে এবং অতি অল্প মাত্রায় কামল ও উদরী রোগে ব্যবহৃত হয়। বীজ মত্ততাকারক। বীজ হইতে সরিষার ন্যায় এক প্রকার তৈল বাহির হয়, তাহা অনেক স্থলে প্রদীপে পোড়ান হয় এবং দুষ্ট ব্রণ, কুষ্ঠ প্রভৃতি চর্ম্ম রোগে প্রয়োগ করা হইয়া থাকে। তৈল ১ড্রাম্ মাত্রায় সেবন করাইলে অনেক স্থলে সামান্য রেচন কার্য্য সাধিত হইয়া থাকে।

SARACA INDICA. (JONESIA ASOCA.)

N. O. LEGUMINOSÆ. L. S. HEPTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Asoka. *Beng.* Asoka. *Burm.* Thawka-hpo.

A tree, cultivated in Bengal, Deccan and Arracan. It flowers in April.

Parts used. Bark, Root and Flower.

Properties & uses. The bark is tonic and astringent. The infusion of the bark is highly recommended in menorrhagia and diseases of the uterus.

অশোক।

সং অশোক, বাঃ, হিঃ অশোক, ব্রঃ থাকাপো, লাঃ সারাকা ইণ্ডিকা, লিগোমিনেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। শোকনাশ, বিশোক, বঞ্জুলদ্রুম, বঞ্জুল, মধুপুষ্প, অপশোক, কঙ্কেল্লি, কেলিক, রক্তপল্লব, চিত্র, বিচিত্র, কর্ণপূর, সুভগ, দোহলী, তাম্রপল্লব, রোগিতক, হেমপুষ্প, রামা, বামাঙ্ঘ্রিঘাতন, পিণ্ডীপুষ্প, নট, পল্লবদ্রুম। (রাং নিং)। গন্ধপুষ্প। (ভাঃ প্রঃ)।

বিবরণ। মধ্যমাকৃতি বৃক্ষ। বাঙ্গালা, দাক্ষিণাত্যে, 'আরাকান প্রভৃতি স্থানে উদ্যান মধ্যে রোপিত হয়। ফাল্গুনমাসে রক্তবর্ণ ও গুচ্ছাকার ক্ষুদ্র ক্ষুদ্র পুষ্প প্রস্ফুটিত হইয়া থাকে। ফল সীম্ জাতীয়।

ব্যবহার। ছাল ও পুষ্প।

গুণ। শীতল ও হৃদ্য। পিত্ত, দাহ, শ্রম, গুল্ম, শূল, উদরী ও আধ্মান নাশক। কৃমিকারক। (রাং নিং)। তিক্ত, গ্রাহি, কষায়। তৃষ্ণা ও রক্তস্রাব নাশক। বর্ণকারক ত্রিদোষঘ্ন। (ভাঃ প্রঃ)।

রক্ত আধিক্য প্রভৃতি জরায়ুজ ব্যাধি নিবারণ জন্য অশোকফুল দুগ্ধ ও জলে সিদ্ধ করিয়া দেওয়া হয়। মৃতবৎসা দোষও অনেক সময় ইহা দ্বারা আরোগ্য হয়।

ALOE VERA. *THE INDIAN ALOE.*

N. O. LILIACEÆ. L. S. HEXANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Ghritakumari. *Beng.* Ghritakumari. *Arab.* Sibr. *Pers.* Bole-siyah. *Burm.* Mok. *Tam.* Kharia-polam.

The plant is very common all over India. Two varieties, namely, the red and the white, are found. The Aloe Soctrina, from which Aloes of the British Pharmacopœia are taken, is not found in India.

Parts used. Juice and root.

Properties and uses. The juice is cathartic, cooling, nutritious, and is used in fever, diseases of the spleen and eyes. It is also used in scalding, carbuncle, boils and other skin diseases. The juice of the Soctrina variety is used with hot water by the native practitioners to remove pain of wounds and also in diseases of the female generative system.

ঘৃতকুমারী।

সং ঘৃতকুমারী, বাঃ ঘৃতকুমারী, আং সিবার, পাঃ বোলীসিয়া, ব্রঃ মক্, তাঃ খারিয়াপোলাম, ইং এলোজ, লাং এলো ভেরা, লিলিয়েসি জাতীয়।

পর্য্যায় শব্দ। কুমারী, তরণি, সহা। (শঃ রঃ)। কন্যকা, বহুপত্রা, অমরা, অজরা, কণ্টকপ্রাবৃতা, বীরা, ভৃঙ্গেষ্টা, বিপুলস্রবা, ব্রহ্মঘ্না, রামা, কপিলা, অম্বুধিস্রবা, স্থূলকণ্টকা, স্থূলদলা, গৃহকন্যা, দীর্ঘপত্রিকা। (রাং নিং)।

Saraca Indica.
অশোক
Aloe Vera.
ঘৃতকুমারী
Cyperaus Rotundus,
মুতো
Cassia Lanceolata.
সোণামুখী

বিবরণ। ভারতবর্ষের প্রায় সকল স্থানেই ইহা দেখা যায়। কিন্তু সামান্য পরিমাণে জন্মিয়া থাকে। পত্রগুলি সরস, স্থূল ও পার্শ্বদ্বয় কন্টকাবৃত কতকগুলির পুষ্প শ্বেতবর্ণ ও কতকগুলির রক্তাভ। যে গুলির পুষ্প রক্তবর্ণ তাহাকে রক্ত ঘৃতকুমারী বলে। পত্রগুলি সরস বলিয়া সহজে শুষ্ক হয় না।

ব্যবহার। পত্রের রস ও মূল।

গুণ। ভেদক, শীতল, তিক্তমধুর, বলকারক, শুক্রবর্দ্ধক, রসায়ন ও ও চক্ষুর হিতকর। গুল্ম, প্লীহা, যকৃৎ বৃদ্ধি, কফ, জ্বর, গ্রন্থি, অগ্নিদগ্ধ, বিস্ফোটক, রক্তপিত্ত ও চর্ম্মরোগনাশক। (ভাঃ প্রঃ)।

বাজারে মুসর্ব্বর বলিয়া যে দ্রব্য বিক্রীত হয়, তাহা শকট্রা দ্বীপস্থ ঘৃতকুমারীর রস। ইহা নিতান্ত অপরিষ্কার। শোধন করিতে হইলে গরম জলে দ্রব করিয়া ১২ ঘন্টা রাখিয়া ধীরে ধীরে জল ফেলিয়া দিয়া রৌদ্রে শুষ্ক করিলে ব্যবহারোপযোগী হয়। ডাক্তারগণ বালক, গর্ভবতী ও অর্শরোগী ব্যতীত অপর সকলের রেচনার্থে উহা প্রয়োগ করিয়া থাকেন। রজোদোষ নিবারণের ইহা একটি প্রধান ঔষধ। কোনস্থানে আঘাত লাগিয়া বেদনা হইলে, গরম জলে মুসর্ব্বর দ্রব করিয়া প্রলেপ দিলে বেদনার উপশম হইয়া থাকে।

ইহার পত্রের ত্বক্ তুলিলে যে আটাযুক্ত রসাল পদার্থ দেখিতে পাওয়া যায়, তাহাই ঘৃতকুমারীর রস বলিয়া ব্যবহৃত হয়। কোন স্থান পুড়িয়া গেলে এই রস লেপন করিলে বিশেষ ফল পাওয়া যায়। সহজেই জ্বালা নিবারিত হয়।

CYPERUS ROTUNDUS.

N. O. CYPERACEÆ. L. S. TRIANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Mustaka. *Beng.* Mutha. *Dec.* Kare ki-Jhar. *Tam.* Koray.

Common grass of moist places throughout India. The root-tubers are spongy with slight aromatic odor.

Part used. Root-tubers.

Properties and uses. It is bitter, resinous, balsamic, stimulant, diaphoretic, diuretic, astringent, vermifuge, tonic, and is very useful in fever, diarrhœa and other diseases of the digestive system.

মুস্তক—মুথা।

সং মুস্তক, বাং মুথা, দাঃ কোরি-কি-জড়, তাঃ কোরাই, লাঃ সাইপিরাস রোটানডাস, সাইপিরিসিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। কুরুবিন্দ, মেঘনামা, মুস্তা, মুস্ত, রাজকসেরু, মেঘাখ্য, গাঙ্গেয়, ভদ্রমুস্তক, অভ্রনামক, শ্রীভদ্রা, ভদ্রক, ভদ্রা। (রাং নিং)। কোর, কসেরুক, গুন্দ্রা। (ভাঃ প্রঃ)।

বিবরণ। তৃণবিশেষ। ভারতবর্ষের জলা জমিতে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। অনুপদেশজাত মুথাই সর্ব্বোৎকৃষ্ট। কাহার কাহার মতে, নাগর মুথাই শ্রেষ্ঠ। সচরাচর দুই জাতীয় মুথা দেখিতে পাওয়া যায়। কতকগুলি ক্ষুদ্র ও গোল। অপরগুলি লম্বা, মূলের ন্যায় এবং অধিক সুগন্ধ বিশিষ্ট। উদরাময় প্রভৃতি রোগে প্রথমোক্ত মুথাই ব্যবহৃত হইয়া থাকে।

ব্যবহার। কন্দ।

গুণ। কটু, শীতল, গ্রাহি, তিক্ত, দীপন ও পাচন। কষায় রস। কফ, পিত্ত, রক্তদোষ, তৃষ্ণা, জ্বর ও অরুচি ও ক্রিমি নাশক। (ভাঃ প্রঃ)।

উদরাময় প্রভৃতি রোগে মুথা ও মুথার রস প্রচুর পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে। পিপাসা নিবারণের ইহা একটী বিশেষ ঔষধ। পিত্তজ্বরে ইহা প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। মূত্রকৃচ্ছ্ররোগে ইহার দ্বারা অনেক সময় ফল পাওয়া যায়। ধ্বজভঙ্গ, রাসায়ন, ও বাজীকরণ অধিকারে নাগর মুথাই প্রশস্ত।

CASSIA LANCEOLATA—*SENNA.*

N. O. LEGUMINOSÆ. L. S. DECANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Hemapatri. *Beng.* Sonamukhi. *Hind.* Sona-kapat. *Arab.* Satal Hindi. *Tam.* Nila-virai. *Burm.* Puve-kain yoe.

A tree about 2 or 3 feet high, thickly covered with leaves. It is cultivated in the Punjub and the Deccan for its leaves which are alternate, apinnate and lanceolate.

Part used. The leaves.

Properties and uses. The Rajnirgunt says it is cooling. bitter, cathartic, antibilious and is useful in worms, stricture, gravels, fever, and cattarh.

M SANCTUM
তুলসী।
NYCTANTHES ARBOR-TRISTIS
শেফালিকা। শিউলি
EUPHORBIA NERIIFOLIA
স্নুহী। মনসা
P.C. SAHA
COLIUS AROMATICUS
যাজা। পাথরকুঁচি

হেমপত্রী—সোনাপাতা।

সং হেমপত্রী, বাং সোণামুখী, হিঃ সোণাপাতা, তাঃ নিলাভিরাই, ব্রঃ পিভিকো ইউ, ইং সেনা, লাঃ কেসিয়া লেনসিয়োলেটা, লেগুমেনিসী জাতীয়।

পর্য্যায় শব্দ। কল্যাণী, হেমপত্রী, রেচনী, স্বর্ণপত্রিকা। (রাং নিং)

বিবরণ। বর্ষার প্রারম্ভে পঞ্জাব ও দাক্ষিণাত্য অঞ্চলে ইহার চাষ হয়। গাছগুলি ২ বা ৩ ফিট উচ্চ ও বহুপত্রে আবৃত। পত্রগুলি বিপরীতমুখী, ক্ষুদ্রবৃন্তক, অগ্রভাগ শলাকার ন্যায়, মসৃণ, দেখিতে ঈষৎ ধূসরবর্ণ। শুষ্ক হইলে হরিদ্রাবর্ণ হয়। শুটিগুলিতে পাঁচ হইতে আটটি পর্য্যন্ত বীজ থাকে।

ব্যবহার। পত্র।

পত্রগুলি পুরাতন বা কৃষ্ণবর্ণ হইলে ব্যবহারের অনুপযোগী হইয়া পড়ে।

গুণ। শীতল, রেচক ও তিক্ত। কৃমি, পিত্ত ও কফনাশক। মূত্রকৃচ্ছ, অশ্মরী, শোথ, দাহ, ও জ্বরে প্রযোজ্য। (রাং নিং)।

সোণামুখী ভেদক গুণের জন্য সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। কেহ কেহ আরগ্বধাদিপাচনের সহিতও ইহা প্রয়োগ করিয়া থাকেন।

OCIMUM SANCTUM.

N. O. LABIATÆ. L. S. DIDYNAMIA GYMAOSPERMIA.

Vern. *Sans.* Tulasi, *Beng.* Tulsi. *Burm.* Lun. *Bom.* Tulaser.

A shrub, cultivated in every house by the Hindus. It is considered sacred and is used in the worship of the god Vishnu. It is of two varieties, namely that with the white and that with the black leaves.

Parts used. The whole plant.

Properties and uses. The living plant gives a disinfectant smell, which is considered as anti-malarious. The juice of the leaves is expectorant and is prescribed in infantile fever with or whithout other medicine. The powdered leaves are used as snuff in nasal disease. The whole plant is bitter, stimulant, and is used in cattarh, rheumatism and pain in the sides. Both varieties have equal properties.

তুলসী।

সং ও বা, তুলসী, হিং তুলসী, ব্রং লুন, লাং ওসিমাম্ সেন্‌কটম্, লেবিয়েটি জাতীয়।

বিবরণ। ক্ষুদ্রগুল্ম বিশেষ, পত্রগুলি বাদামে ও ক্ষুদ্র। বর্ষার পর মুঞ্জরিত হয়। সমস্ত গুল্ম সদ্গন্ধযুক্ত। তুলসীপত্রের গন্ধবিশেষে ইহার বিভিন্ন প্রকার নামকরণ হইয়াছে। ইহার পত্রের শ্বেত ও কৃষ্ণবর্ণ হইতে ইহা দুই শ্রেণীতে বিভক্ত।

শ্বেত তুলসীর পর্য্যায় শব্দ। অর্জ্জক, শ্বেতপর্ণাস, গন্ধপত্র, কুঠেরক, অপ্রার্জ্জক, তীক্ষ্ণ, তীক্ষ্ণগন্ধ ও সিতার্জ্জক। (রত্ন)।

কৃষ্ণতুলসীর পর্য্যায় শব্দ। কৃষ্ণার্জ্জক, কৃষ্ণবর্ণী, কালমান, করালক, কালপর্ণী, সুরভি, মানক, কালমালক। (রত্ন)।

সাধারণ পর্য্যায়। সুভগা, তীব্রা, পাবনী, বিষ্ণুবল্লভা, সুরেজ্যা, সুরসা, কায়স্থা, সুরদুন্দুভি, সুরভি, বহুপত্রী, মঞ্জরী, হরিপ্রিয়া, অপেতরাক্ষসী, শ্যামা, গৌরী, ত্রিদশমঞ্জরী, ভূতঘ্নী, ভূতপত্রী,। (রাং নিং)। পর্ণাস, বৃন্দ, কটিঞ্জর, কুঠেরক। (শঃ রঃ)। সুরবল্লী, প্রেতরাক্ষসী, সুবহা, গ্রাম্যা, সুলভা, বহুমঞ্জরী, দেবদুন্দুভি, গৌরী, ভূতঘ্নী। (ভাঃ প্রঃ)।

ব্যবহার। পত্র ও মঞ্জরী ও সমগ্র গুল্ম।

গুণ। কটু, তিক্ত, উষ্ণ ও সুরভি। বাতশ্লেষ্ম, কৃমিগতদোষনাশক ও রুচিকারক। (রাং নিং)। পিত্তকর, দাহজনক ও দীপন। কুষ্ঠ, মূত্রকৃচ্ছ্র, রক্তদোষ পার্শ্বশূল, কফ ও বায়ুনাশক। শ্বেত ও কৃষ্ণ উভয় জাতীয় তুলসী সমগুণশালী। (ভাঃ প্রঃ)।

মেলেরিয়া প্রভৃতি রোগ নিবারণার্থ তুলসী রোপণ দ্বারা বিশেষ ফল পাওয়া যায়। মরিচচূর্ণ ও তুলসীপত্রের রস একত্র সেবন করিলে বিষম জ্বর নষ্ট হয়। পিনাস রোগে পত্রচূর্ণের নাস গৃহিত হয়। পত্রের রস শিশুদিগের সর্দ্দি ও সামান্য জ্বরে ব্যবহৃত হয়। তুলসী গাছে একরূপ কীট বাসা নির্ম্মাণ করিয়া থাকে; ঐ বাসা ও কীট একত্রে মাদুলিমধ্যে গলদেশে ধারণ করিলে হাঁপানি রোগ প্রশমিত হয়। তুলসীপত্রের রস নানাপ্রকার ঔষধের অনুপানেও ব্যবহৃত হয়।

NYCTANTHES ARBOR-TRISTIS.

N. O. OLEACEÆ. L. S. DIANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Shephalica. *Beng.* Shewoli. *Hind.* Harsinghar. *Punj.* Pakara. *Tam.* Manga-pa *Burm.* Tsaybeeloo.

A small tree, cultivated in all parts of India. It flowers at the end of the rainy season.

Parts used. Leaves, flowers, and seeds.

Properties and use. The leaves are bitter, heating, stimuant, and are used in fever cough and rheumatism. The fresh juic is very efficacious in chronic fever.

শেফালিকা—সিউলি।

সং শেফালিকা, বাং শিউলি, হিং হরশিঙ্গার, পাং পাকারা, তাং মাঙ্গাপা, ব্রং সইবিলু, লাং নিকৃটান্থিস্ আবরট্রিষ্টিস্, ওলিয়েসি জাতীয়।

পর্য্যায় শব্দ। সুবহা, নিগুণ্ডী, নীলিকা। (অমর)। মসিকা, রজনীহাস, নিশিপুষ্পিকা, শ্বেতসুরসা, ভূতবেশী। (শঃ রঃ)। শুক্লাঙ্গী, শীতমঞ্জরী, বিজয়া, বাতারি, ভূতকেশী। (রাং নিং)।

বিবরণ। মধ্যমাকৃতি বৃক্ষ, ভারতবর্ষের প্রায় সর্ব্বস্থানে দেখিতে পাওয়া যায়। বর্ষার শেষ ভাগে পুষ্পিত হয়। পুষ্পগুলি এক দলবিশিষ্ট শ্বেতবর্ণ ও বৃন্ত রক্তবর্ণ। হেমন্তে ফলবতী হয়, ফলগুলি চেপ্টা।

ব্যবহার। পত্র, বীজ ও পুষ্প।

গুণ। কটু, তিক্ত, উষ্ণ ও রূক্ষ। বাত, কফ, অঙ্গসন্ধিবাত ও বাতজনিত ব্যাধিনাশক। (রাং নিং)। পত্রের রস মধু সহযোগে পুরাতন জ্বরে ব্যবহৃত হয়। পত্র আদা সহযোগে ঘুসরা করিয়া ঔষধের অনুপানে ব্যবহৃত হয়।

EUPHORBIA NERIIFOLIA.

N. O. EUPHORBIACEÆ. L. S. DODECANDRIA TRIYNIA.

Vern. *Sans.* Snuhi. *Beng.* Manasa. *Hindi.* Sij. *Bom,* Thor. *Punj* Gangichu. *Burm.* Shasoung.

A small tree generally 4 to 6 feet high. Branches round, scatterred, covered with prickles; leaves alternate, short petioled, oblong, smooth and entire. It is common in India.

Parts used. Leaf, bark and milky juice.

Properties and uses. It is purgative, acrid and diuretic. The juice is stimulant, acrid and is locally used on bad ulcers and fistula. The juice of the leaves is used in fever, ear ache and cough. The lamp, black taken on the leaf is used on swollen eye-lids.

The root-bark is said to be efficacious, when used with black pepper in snake bite.

স্নুহী, সিজ—মনষা।

সং স্নুহী, বাঃ মনসা, হিঃ সিজ, বঃথর, ব্রঃ সাস্থস, পাঃ গান্‌জিলচু, লাঃ ইউফর্‌বিয়া নিরিফোলিয়া, ইউফর্‌বিয়াসি জাতীয়।

পর্য্যায় শব্দ। শীহুণ্ড, বজ্রদ্রু, স্নুহী, গুড়ী, সমন্তদুগ্ধা। (অমর)। সিংহতুণ্ড, বজ্রী, বজ্রদ্রুম, সুধা, স্নুহী, গুড়া। (ভাঃ প্রঃ)। বজ্রকণ্টক, কৃষ্ণসার। (জটাধর)।

বিবরণ। মধ্যমাকৃতি বৃক্ষ, উচ্চে ৩।৪ হাত। শাখাগুলি কণ্টকাবৃত। পত্র দীর্ঘ ও বিপরীতমুখী। ভারতবর্ষের সকল স্থানে দেখিতে পাওয়া যায়।

ব্যবহার। পত্র, বল্কল ও ক্ষীর।

গুণ। বিরেচক, তীক্ষ্ণ, অগ্নিপ্রদীপক, কটু, ও গুরু। শূল, উদরি, আধ্মান, কফ, গুল্ম, বায়ু, উন্মাদ, মোহ, কুষ্ঠ, অর্শ, শোথ, মেদ, অশ্মরী, পাণ্ডু ব্রণ, জ্বর প্লীহা ও বিষনাশক। (ভাঃ প্রঃ)।

ক্ষীর। উষ্ণবীর্য্য, স্নিগ্ধ, কটু ও লঘু। গুল্ম, কুষ্ঠ, উদরীরোগের পক্ষে হিতকর ও বিরেচক। (ভাঃ প্রঃ)।

পত্রের রস জ্বর, কফ ও কর্ণবেদনায় উপকারী। পত্রের কজ্জল চক্ষু রোগের হিতকর। ক্ষীর ভগন্দর, দুষ্টব্রণ ও নালীঘার পক্ষে বিশেষ ফলপ্রদ।

মূলের ত্বক্ মরিচসহ বাটিয়া আভ্যন্তরিক ও বাহ্যিক প্রয়োগ দ্বারা সর্পবিষ নষ্ট করা হয়। মাত্রা ২ রতি।

COLEUS AROMATICUS.

N. O. LABIATÆ. L. S. DIDYNAMIA GYMNOSPERMIA.

Vern. *Sans.* Bala, *Beng.* Patharkuchi.

A shrub, cultivated in the gardens in many places of India for its aromatic odour and pungent taste.

Part used. Leaf.

Properties and uses. It is cooling, stomachic, and is used in indigestion, dysenteryahd colic of children.

বালা—পাথরকুচি ।

সঃ বালা, বাঃ পাথরকুচি, হিঃ চন্দ্রবালা, লাঃ কোলিয়াস এরোমেটিকাস। লিবিটিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। বালক, বাল, হ্রীবের, বর্হিষ্ঠ, উদীচ্য, কেশ, অম্বু (ভাঃ প্রঃ)।

বিবরণ। ভারতবর্ষের নানা স্থানে উদ্যান মধ্যে রোপিত হয়। পত্রগুলি পুরু ও সদ্গন্ধযুক্ত।

ব্যবহার। পত্র।

গুণ। শীতবীর্য্য, রূক্ষ, লঘু, অগ্নিপ্রদীপক ও পাচক। অরুচি, হৃদ্রোগ, আমদোষ ও অতিসার নাশক। (ভাঃ প্রঃ)। বায়ুনাশক। শিশুদিগের অজীর্ণ রোগে দুগ্ধের সহিত সিদ্ধ করিয়া সেবন করিতে দেওয়া হয়।

OXALIS CORNICULATA.

N. O. GERANIACEÆ. L. S. DECANDRIA PENTAGYNIA.

Vern. *Sans.* Amlalonika. *Beng.* Amrul. *Hind.* Ambati. *Tam.* Paliakiri.

A common weed, which grows wild in warmer parts of India and some parts of the Himalayas. The leaves are ternate.

Parts used. Whole plant.

---

* কেহ কেহ ইহাকে বালা বলেন না। ১২৯৯ সালে কাশীপুর কৃষি-বিদ্যালয়ের বাৎসরিক প্রদর্শনীতে কলিকাতার প্রসিদ্ধ বৈদ্যগণ ইহাকেই বালা বলিয়া স্থির করেন। অনেকেই ইহা ব্যবহার করেন। উদরাময় প্রভৃতি রোগে ইহা দ্বারা বিশেষ ফল পাওয়া যায়।

Properties and uses. The leaves are stomachic and are used in cough. Dr. Dutt says they are cooling. The fresh juice expressed from it is said to relieve intoxication from Dhutura. It is prescribed with sugar to allay thirst in fever and is also useful in dysentery and prolapsus of the rectum. It is also used to remove the mark of ink from cloths.

অম্ললোণিকা—আমরুল।

সং অম্ললোণিকা, বাং আমরুল, হিং আমবাতি, তাঃ পালিয়াকিরি, লাঃ অক্‌জিলিস্ কর্নিকিউলেটা। জিরেনেসী জাতীয়।

পর্য্যায় শব্দ। চাঙ্গেরী, চুক্রিকা, দন্তশঠা, অম্বষ্ঠা। (অমর)। চুক্রাম্ল লোণাম্লা, চতুষ্পত্রী, লোণা, বোটা, অম্লপত্রিকা, অম্লবতী, অম্লা, শাখাম্ল। (রাং নিং)।

বিবরণ। অতি ক্ষুদ্র লতা বিশেষ। ভারতবর্ষের প্রায় সকল প্রদেশে দেখিতে পাওয়া যায়।

ব্যবহার। সমগ্র লতা।

গুণ। গ্রাহি ও কফকর। (রাং নিং)। রুচিকারক, অম্লরস, উষ্ণ ও বাতাতিসারনাশক। (ভাঃ প্রঃ)। শীতল, লঘু, বাতঘ্ন, পিপাসা, গ্রহনী ও অর্শ নাশক। জ্বরে পিপাসা নিবারণের জন্য ব্যবহৃত হয়। কালির দাগ তুলিবার জন্য ধৌত করিবার পূর্ব্বে আমরুলের রস বস্ত্রে লেপন করা হয়। পত্রের রস ধুতুরার মত্ততা নিবারক। রক্ত, আমাশয় ও গুদভ্রংশ রোগে ইহার রস ব্যবহৃত হয়।

OLDENLANDIA CORYMBOSA.

N. O. RUBIACEÆ. L. S. TETRANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Parpata. *Beng.* Khetpapra. *Hind.* Pitpapra Davanpapra.

A shurb, found in fields in many places. It springs up in the begining of the rains and dies in the winter season.

Parts used. Whole plant.

Properties and used. It is cooling, bitter and is used in cough, fever and bilious affections. It is used with other medicines in fever.

OXALIS CORNICULATA
অম্ললোণিকা। আমরুল
OLDENLANDIA CORYMBOSA
ক্ষেত্রপর্পটী। ক্ষেৎপাপড়া
OROXYLUM INDICUM
ACHYRANTHES ASPERA
অপামার্গ। আপাঙ্
PC.SAHA

পর্পট—ক্ষেতপাপড়া।

সং পর্পট, বাং ক্ষেতপাপড়া, হিং পিতপাপড়া, দাবনপাপড়া। লাং সাড়িয়া কোরিম্বাসা। রুবেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। ত্রিষষ্টি, তিক্ত। (রত্ন)। চকর, রেণু, তৃষ্ণারি, বরক, অরক, শীত, শীতপ্রিয়, পাংশু, কল্পাঙ্গ, কর্ম্মকণ্টক, কৃশশাখ, প্রগন্ধ, সুতিক্ত, রক্তপুষ্পক, পিত্তারি, কটুপত্র, বক্র। (রাং নিং)।

বিবরণ। লতান গুল্ম বিশেষ, বর্ষাকালে মাঠে জমিতে দেখা যায়। জলাজমির মধ্যে যে সকল ক্ষেতপাপড়া জন্মে তাহা ঔষধার্থে ব্যবহৃত হয় না। শীতের প্রারম্ভে মরিয়া যায়।

ব্যবহার। সমগ্র গুল্ম।

গুণ। শীতল ও তিক্ত। পিত্ত, শ্লেষ্মা, জ্বর, রক্ত, দাহ, অরুচি, গ্লানি, মদ ও ভ্রমনাশক। (রাং নিং)। লঘু ও বাতজ। (ভাঃ প্রঃ)। পিত্তাধিক নবজ্বর ও জীর্ণজ্বরে অনেক ঔষধের সহিত ইহা ব্যবহৃত হয়।

OROXYLUM INDICUM.—*BIGONNIA INDICA.*

N. O. BIGNONIACEÆ. L. S. DIDYNAMIA ANGIOSPERMIA.

Vern. *Sans.* Syonaka, *Beng.* Sona, *Hind.* Arlu.

A small tree, leaves opposite, decusstate, supra-dicompound, very large; flowers red, open in the rainy season; fruits are silique, very large; seeds flat like scales of fishes.

Parts used. Root-bark and seed.

Properties and uses. The root bark is one of the ten compounds of *Dasamula.* It is stomachic, bitter, carminative, and is used in cough, fever, piles and worms.

শ্যোণ—শোণা।

সং শোণাক, বাঃ শোণা, হিঃ আর্‌লু। লাঃ অরক্সাইলাম ইণ্ডিকা, বিগোনিয়েসি জাতীয়।

পর্য্যায় শব্দ। মণ্ডুকপর্ণ, পত্রোর্ণ, নট, কটুঙ্গ, টুণ্টুক, শুক্রনাগ, ঋক্ষ, দীর্ঘবৃন্ত, কুটন্নট, শোণক, অরলু। (অমর)। শ্যোণক। (ভারত) শোণ। অলুটু, দীর্ঘবৃন্তক। (শব্দরত্ন)। পৃথুশৃঙ্গী, শল্লভ। (জটাধর)! কটম্বর, ময়ুরজঙ্ঘ, অরলুক, প্রিয়জীব। (রাং নিং)।

বিবরণ। মধ্যমাকৃতি বৃক্ষ। ভারতবর্ষের নানা স্থানে দেখিতে পাওয়া যায়। পত্রগুলি দীর্ঘ বৃন্তক, খণ্ডিত ও বিপরীতমুখী। পুষ্পগুলি বৃহদাকার ও নানা বর্ণের। গাছ হইতে একটী দণ্ড বাহির হয়, তাহাতে পুষ্পগুলি প্রস্ফুটিত হয় এবং ক্রমে তাহাতে শ্রেণীবদ্ধ হইয়া ফল সকল ঝুলিতে থাকে। ফলগুলি বৃহত্তাকার ও চেপ্টা, দেখিতে তরবালের ন্যায়। বর্ষাকালে ফলবতী হয়। ফলের মধ্যে শঙ্খের ন্যায় শ্বেতবর্ণ বীজ থাকে।

ব্যবহার। মূলের ছাল ও বীজ।

গুণ। দীপন, কটুবিপাক, কষায়তিক্তরস, শীতবীর্য্য ও ধারক। বায়ু, কফ ও কাশনাশক। (ভাঃ প্রঃ)।

অপক্ক ফল। রূক্ষ, বাতঘ্ন, মধুর, রুচিকারক। অর্শ ও ক্রিমিনাশক। (ভাঃ প্রঃ)
পক্ক ফল। গুরু ও বায়ুপ্রকোপক। (ভাঃ প্রঃ)।
বীজ। শিশুদিগের ঘুষ্‌নি রোগে ব্যবহৃত হয়।

ACHYRANTHES ASPERA.

N. O. AMARANTACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Apamarga, *Beng.* Apang, *Hind.* Chirchira, *Arab.* Atkhumah, *Pers.* Khâre-vazhun.

A common wild plant of the gardens of India. It grows vigorously in the rainy season. 4 or 6 feet high. Leaves opposite, short, by-petioled, flowers numorous in rough spikes.

Parts used. Whole plant.

Properties and uses. The white variety is considered to possess more medicinal properties than the red one. It is stomachic, bitter, digestive, and is used in cough, heart diseases and piles. Crystals of its ashes are diuretic and are often prescribed by Ayurvedic

পাঠা । নিমুখা ।
STEPHANIA HERNANDIFOLIA.
আলকুশি ।
MUCUNA PRURIENS.
গুঞ্জা । কুঁচ ।
ABRUS PRECATORIUS.
ঘোড়ালেবু ।
CITRUS LIMONUM.

P. C. SAHA.

practitioners in Calculus. It is a highly esteemed stomachic. Its ashes are externally used on ulcers. In some places its flowering spikes are externally used in bites of insects.

অপামার্গ—অপাং।

সং অপামার্গ, বাং আপাং, হিং চিরচিরা, মাং আত্কুমা, পাং খারি ভাজুম, লাং এচিরেন্থাস এসপিরা। এমারিন্টিসিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। শৈখরিক, ধামার্গব, ময়ূরক, প্রত্যকপর্ণী, কীশপর্ণী, কিণিহী, খরমঞ্জরী। (অমর)। শৈখরেয়, অধামার্গব, কেশপর্ণী। (অমর-টীকা)। স্থূলমঞ্জরী, প্রত্যকপুষ্পী, ক্ষারমধ্য, অধোঘণ্টা, শিখরী। (রত্ন)। দুর্গ্রহ, অধ্বশল্য, কাণ্ডীরক, মর্কটী, দুরভিগ্রহ, বাশির, পরাকপুষ্পী, কণ্টী, মর্কট-পিপ্পলী, কটুমঞ্জরিকা, অঘাট, ক্ষরক, পাণ্ডুকণ্টক, নালাকণ্ট, কুব্জ। (রাঃ নিঃ)।

বিবরণ। বর্ষাকালে বাগানে প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। পত্রগুলি বিপরীতমুখী। পুষ্পগুলির অগ্রভাগ সূচাল, গাত্রাদিতে লাগিয়া যায়। গাছগুলি সচরাচর ৩।৪ ফুট উচ্চ হয়। অপামার্গ দুই জাতীয়, শ্বেত ও রক্তবর্ণ। যাহার দন্তগুলি রক্তাভ তাহাকে রক্তাপামার্গ এবং অন্য জাতিকে শ্বেতাপামার্গ কহে। শ্বেত অপামার্গ ঔষধার্থে প্রয়োগ হয়। বর্ষান্তে ফলবতী হয়।

ব্যবহার। সমগ্র গাছ ও বীজ।

গুণ। সারক, তীক্ষ্ণ, অগ্নিপ্রদীপক, তিক্তকটুরস, পাচক ও রুচিকারক। বমি, কফ, মেদ, বায়ু, হৃদ্রোগ, আধ্মান, অর্শ, কুষ্ঠ, শূল ও উদরাময়নাশক। (ভাঃ প্রঃ)।

বীজের গুণ। মধুররস, মধুরবিপাক, দুষ্পাচ্য, বিষ্টম্ভী, বায়ুবর্দ্ধক, রূক্ষ, রক্তপিত্তনাশক। (ভাঃ প্রঃ)।

সমগ্র গাছের ক্ষার মূত্রকারক ও পাচক। ব্রণের উপর প্রলেপ দিলে ক্ষত আরোগ্য হয়। বীজ কীট-দংশনজনিত যাতনানাশক। কেহ কেহ উহা সর্পাঘাতের ঔষধ বলিয়াও বিবেচনা করেন।

STEPHANIA HERNANDIFOLIA.

N. O. MENISPERMACEÆ. —

Vern. *Sans.* Patha, *Beng.* Aknada, Nemukha.

A creeping plant common in Bengal, Singapur and Behar.

Parts used, Root and stem.

Properties and uses. It is bitter and astringent. It is used in colic, fever, nausea, dysentery and diarrhœa.

Dr. Kanai Lal Day says "it is diuretic, tonic and is used in gravelly complaints, chronic inflamation, ulceration of kidneys and bladder."

Native Kabirajes often prescribe it in diarrhœa and dysentery with great success. In bilious fever it is used to allay burning sensation of the body. The Baidyaka says it is very useful in mitigating pain of the wounded parts of the body.

পাঠা—বিমুখ।

সং পাঠা, বাঃ আকনাদ, নিমুখ, হিং পাঠা, লাং ষ্টীফেনিয়া হারনেণ্ডিফোলিয়া, মেনিস্‌ পার্মেসি জাতীয়।

পর্য্যায় নাম। অম্বষ্ঠা, অম্বষ্ঠিকা, প্রাচীনা, পাপচেলিকা, যুথিকা, স্থাপনী, শ্রেয়সী, বিদ্ধকর্ণিকা, একাষ্ঠিলা, কুচেলী, দীপনী, বনতিক্তিকা, তিক্তপুষ্পা, বৃহতিক্তা, শিশিরা, বৃকী, মালতী, বরা, দেবী, বৃত্তপর্ণী। (বৈদ্যক)। বালিকা, বালা, শঠম্বা, মাচিকা, দৃঢ়বল্কা, ময়ুরিকা, গন্ধপর্ণী, চিত্রপুষ্পী, স্থথ্যবাচিকা, ছিন্নপত্রী, ভূরিমল্লি। (রাঃ নিঃ)!

বিবরণ। লতা বিশেষ। বাঙ্গালা, বেহার, সিঙ্গাপুর, প্রভৃতি স্থানে প্রচুর পরিমাণে জন্মে। পত্রগুলি দেখিতে পানের আকার, কিন্তু ইহার বৃন্ত পত্রের নিম্নদেশে থাকে। উহা অনেকটা ছত্রের দণ্ডের ন্যায় দেখায়। লতাটী পলযুক্ত।

গুণ। তিক্ত, গুরু ও উষ্ণ। বাত, পিত্ত জ্বর, পিত্ত, দাহ, অতিসার ও শূলনাশক, ভগ্নসন্ধানকারী। (বৈদ্যক)। কষায়, অম্লরস। কফ, কর্ণরোগ, ও অরুচি নাশক। (রাঃ নিঃ)। কটু, তীক্ষ্ণ ও উষ্ণ, বাত, শ্লেষ্মাহর, লঘু। শূল, জ্বর, ছর্দ্দি, কুষ্ঠ, অতিসার ও হৃদ্‌রোগ নাশক। দাহ, কুণ্ড, বিষ, শ্বাস, কৃমি, গুল্ম, গলব্রণহর। (ভাঃ প্রঃ)।

ডাক্তার কানাইলাল দে বলেন যে ইহা মূত্রল, হৃদ্য ও ঈষদ্‌রেচক এবং ইহা অশ্মরী, মুত্রাশয়ের পুরাতন প্রদাহ ও ক্ষত প্রভৃতি রোগের বিশেষ উপকারী।

কেহ কেহ বলেন যে ক্ষতস্থানে ইহার পত্র বাঁধিয়া রাখিলে বিশেষ ফল পাওয়া যায়।

MUCUNA PRURIENS.

N. O. LEGUMINOSÆ. L. S. DIADELPHIA DECANDRIA.

Vern. *Sans.* Kapikuchchoo, *Beng.* Alkusi, *Hind.* Keuach.

An annual climbing plant, common throughout India. Its legumes are shaped like the italic letter *f*, covered over with irritating hairs.

Parts used. Root and seed.

Properties and uses. The root is antispasmodic, carminative and tonic. It is, therefore, used in tetanus. The seed is a powerful aphrodisiac. The hairs of the pod are often used with honey in destroying round worms. If the hairs are brought into contact with the skin, they produce a very intolerable itching.

কপিকুচ্ছু—আলকুশি।

সং কপিকুচ্ছু, বাঃ আলকুশি, হিঃ কেওয়াচ, লাঃ মিউকানা প্রুরিএন, লেগুমিনোসি জাতীয়।

পর্য্যায় নাম। আত্মগুপ্তা, জড়া, অধ্যণ্ডা, কণ্ডূরা, প্রাবৃষায়ণী, ঋষ্যপ্রোক্তা, শূকশিম্বি, মর্কটী। (অমর)। স্বগুপ্তা, অজহা, কণ্ডুরা, প্রাবৃষায়িণী, প্রাবৃষা, শূকশিম্বী। (ভরত)। স্বয়ংগুপ্তা, মহর্ষভী, লাঙ্গলী, কুণ্ডলী, চণ্ডা, দুরভিগ্রহা' কপিরোমফলা, গুপ্তা, দুস্পর্শা, অজড়া, প্রাবৃষেণ্যা, বদরী, গুরু, আর্ষভী, শিম্বী, বরাহিকা, তীক্ষ্ণা, রোমালু, বনশূকরী, কীশরোমা। রোমবল্লী, বানরী, কপীকচ্ছু, শুকপিণ্ডী, কপিপ্রভা। (শঃ রঃ)। অজরা, কণ্ডরা, অধ্যণ্ডা। (ভাঃ প্রঃ)।

বিবরণ। লতা বিশেষ, দেখিতে সিম-লতার ন্যায়। বর্ষার প্রারম্ভে প্রায় সকল স্থানের জঙ্গলমধ্যে দেখিতে পাওয়া যায়। ফলগুলি লোমশ ও সীমের

ন্যায় আকৃতিবিশিষ্ট। পক্ক ফলের উপরি ভাগ লোমে আবৃত; ইহা গাত্রে লাগিলে অতিশয় চুলকাইতে থাকে। বীজ দেখিতে কৃষ্ণবর্ণ, অন্তর্দ্দেশ শ্বেতবর্ণ।

ব্যবহার। মূল ও বীজ।

গুণ। স্বাদু ও শুক্রবৃদ্ধিকর। বাত, যক্ষ্মা, পিত্ত রক্তদোষ, ব্রণনাশক ও শীতল। বীজ। বাতনাশক ও পরম বাজীকর। (রাং নিং)। শুক্রবৃদ্ধিকর, মধুর তিক্তরস, মাংসবর্দ্ধক, জ্বর ও বায়ুনাশক এবং বলকারক। কফ, পিত্ত ও রক্তদোষ নাশক। (ভাঃ প্রঃ)।

মূল আক্ষেপনাশক; এই নিমিত্ত পক্ষাঘাত প্রভৃতি রোগে ইহা বিশেষ ফলপ্রদ। ফলের লোম মধুসংযোগে অতি অল্প মাত্রায় সেবন করিলে ক্রিমি নষ্ট হয়। ইহা সেবনের পর রেচক ঔষধ প্রদান করা কর্ত্তব্য।

ABRUS PRECATORIUS.

N. O. LEGUMINOSÆ. L. S. DIADELPHIA DECANDRIA.

Vern. *Sans.* Goonja, *Beng.* Kunch, *Hind.* Rat, *Arb.* Ainuldduk, *Pers.* Chashmekhuros.

A common twining plant; calyx four-lobed; stigma, blunt; root ramous; stem twining; flowers, numerous; seeds subglobose, generally four or five, spherical and smooth.

The varieties that are met with are 1st. the white, 2nd. the yellowish, and 3rd. the scarlet, all with black eyes.

Parts used. Root and seed.

Properties and uses The root is emetic and can safely be substituded for liquorice. The seeds are used in weighing jewelley. The kernel of the seed is poisonous. Three grains are said quite enough to kill a cat.' It is a stimulting dressing and is used in white leprosy with the root of Plumbago rosea. Its paste is also used to remove baldness.

গুঞ্জা—কুঁচ।

সং গুঞ্জা, বাং কুঁচ, হিঃ রতি, আঃ আইনুদ্দুক, পাঃ চসমেখুরু, লাং এব্রাস প্রিকেটোরিয়াস, লিগুমিনোসি জাতীয়।

পর্য্যায় শব্দ। কাকচিঞ্চী, কৃষ্ণলা। (অমরঃ)। সাঙ্গুষ্ঠা, রক্তিকা, কাকণন্তিকা, কাকাদনী, কাকতিক্তা, কাকজঙ্ঘা, শিখণ্ডিনী। (রত্নমালা)। চূড়ামণি, সৌম্যা, শিখণ্ডী, অরুণা, তাম্রিকা, শীতপাকী, উচ্চটা, কৃষ্ণচূড়িকা, রক্তা, কাম্বোজী, ভিল্লভূষণা, বন্যা, শ্যামলচূড়া, কাকচিঞ্চিকা। (রাং নিং)।

বিবরণ। ক্ষুদ্র লতা বিশেষ। একত্র বহুসংখ্যক পুষ্প প্রস্ফুটিত হয়। বীজ গুলি প্রায় গোলাকার ও মসৃণ। কতকগুলি শ্বেতবর্ণ। ইহাদের পুষ্পও শ্বেতবর্ণ হইয়া থাকে। রক্তবর্ণ পুষ্পের বীজ রক্তবর্ণ জন্মিয়া থাকে। কৃষ্ণবর্ণ পুষ্পের কৃষ্ণবর্ণ বীজ হইয়া থাকে। প্রত্যেক বীজের অগ্রভাগে কৃষ্ণবর্ণ দাগ থাকে। কিন্তু কৃষ্ণবর্ণ বীজের শ্বেতবর্ণ চোকও দেখিতে পাওয়া যায়। প্রত্যেক শুটীতে ৪।৫ টী করিয়া বীজ হইয়া থাকে।

ব্যবহার। বীজগুলি সচরাচর স্বর্ণ ও হীরকাদির ওজন করিবার জন্য ব্যবহৃত হয়। প্রত্যেকের ওজন ২ গ্রেণ। ৬ কুঁচে এক আনা হইয়া থাকে।

গুণ। বীজ—তীক্ষ্ণ ও উষ্ণ। (রাং নিং)। কুষ্ঠ ও ব্রণ নাশক। (রাজ বল্লভ) মূল—বমনকারক। শূল ও বিষ নাশক। (রাং নিং)। তন্ত্রোক্ত প্রক্রিয়ায় শ্বেতবর্ণ বীজ ব্যবহৃত হইয়া থাকে। বীজের ত্বক্ বিষাক্ত। একটা বীজের অৰ্দ্ধাংশ ত্বক্ জলের সহিত মিশ্রিত করিয়া বিড়ালের রক্তে মিশ্রিত করিলে উহা মরিয়া যায়। মূল অনেক সময় যষ্টিমধুর পরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ডাইমক প্রভৃতি ডাক্তারগণ বলেন যে উভয়ে অনেক প্রভেদ দৃষ্ট হয়। শ্বেতকুঁচ ও রক্তচিতামূল বাটিয়া শ্বেত কুষ্ঠে প্রলেপ দেওয়া হয়। টাকে কুঁচ ঘসিয়া প্রলেপ দিলে উপকার দৃষ্ট হয়।

CITRUS LIMONUM.

N. O.—RUTACEŒ,

Vern. *Sans.* Jambir, *Beng.* Ghora labu. *Hind.* Jambir, *Arb.* Qulambak. *Pers.* Kalanbak. *Burm.* Kigi Samyasi.

The tree is one of the smallest size but very ramous and armed. Petiolets less winged than in the other varieties. Fruit, oval with a protuberant base. Skin rather thick, and rougher ; the vertical diameter about three inches and the circum ference from six to eight inches. It ripens in September and is then yellow. (Roxburgh).

Parts used. Juice of the fruit and root.

Properties and uses. The lemon juice is cooling, refrigerant, stomachic and useful in indigestion, dyspepsia, vomiting after meals, thirst, burning of the body and after intoxication. Chakradatta recommends fresh lemon juice in dyspepsia, specially when it causes vomiting after meals. It is very useful in rheumatism with a little quantity of salt. It should be taken every morning before meals. The fresh juice is also prescribed in scurvy. In Ayurveda Jambira is more used than any other varieties.

জম্বীর—ঘোড়ালেবু।*

সং জম্বীর, বাঃ ঘোড়ালেবু, হিঃ বড়ালেবু, পাঃ খালাম্‌বক, আঃ কালামবাক, ত্রঃ কিজিশামসি, লাঃ সাইটস লিমোনাম, ইং লিমন। রুটেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। দন্তশঠ, জম্ভ, জম্ভীর, জম্ভল। (অমর)। জম্ভী, রোচনক, মুখশোধী, শাড্যারি, দন্তহর্ষণ, দন্তকর্ষণ। (শঃ রঃ)। রেবত, বক্ত্রশোধী, দন্তহর্ষক। (জটাধর)।

বিবরণ। ক্ষুদ্র বৃক্ষ বিশেষ। সচরাচর যে কয়েক জাতীয় লেবু গাছ দেখিতে পাওয়া যায় তাহার মধ্যে এই জাতিটী অপেক্ষাকৃত খর্ব্ব, বহুশাখাবিশিষ্ট ও কণ্টকাবৃত। পত্রবৃন্ত সরস। ফল গোলাকার, উপরিভাগ কর্কশ। খোসা অপেক্ষাকৃত পুরু। ব্যাস তিন ইঞ্চি পর্য্যন্ত দেখিতে পাওয়া যায়। ভাদ্রমাসে ফলগুলি পরিপক্ক হইয়া থাকে। তখন ইহা পীত বর্ণ হয়।

ব্যবহার। ফলের রস ও মূল।

গুণ। অম্ল মধুর, বাতনাশক, পথ্য, পাচন, রোচক, পিত্ত, বল ও অগ্নিবৃদ্ধিকর (রাঃ নিঃ)। অতি অম্ল, গুরু, সুগন্ধি, দুর্জ্জর, অগ্নি, কফ, বাত ও বিবন্ধনাশক। (রাজবল্লভ)।

পক্ক ফল। মধুর, কফ, পিত্ত ও রক্তস্রাব নাশক। বর্ণ, বীর্য্য, অতিশয় পুষ্টি ও তৃপ্তি কারক। (রাঃ নিঃ)।

---

* জম্বীর লেবুকে গোঁড়ালেবু বলে কিনা তদ্বিষয়ে মত ভেদ দৃষ্ট হয়। তবে অনেকে ইহার দ্বারা গোঁড়াকেই বুঝিয়া থাকেন। এ বিষয়ে ভারতের নানা স্থানে এক মত দৃষ্ট হয়। সুতরাং আমরাও ইহাকে জম্বীর বলিতে বাধ্য হইলাম।

উষ্ণবীর্য্য, গুরু ও অম্লরস। বায়ু, কফ, বিবন্ধ, শূল, কাশ, বমি, পিপাসা, আমদোষ, মুখের বিরসতা, হৃদ্‌পীড়া, মন্দাগ্নি ও ক্রিমিনাশক। ডাক্তারগণ স্কার্ভি নামক রোগে ইহার রস ব্যবহার করেন।

ডাক্তারি মতে ফলের ত্বক্‌ ও ত্বকের তৈলও ব্যবহৃত হইয়া থাকে।

মত্ততা নিবারণের জন্য অনেক সময় ইহার রস ব্যবহৃত হয়। যে স্থলে আহারের পরেই বমন হয় সেখানে ইহার রস বিশেষ উপকারী। (চক্রদত্ত)। বাতব্যাধিগ্রস্ত ব্যক্তি প্রত্যহ জম্বীর-রস লবণ মিশ্রিত করিয়া সেবন করিলে উপকার প্রাপ্ত হইয়া থাকেন। জ্বরে পিপাসা নিবারণের জন্য অনেক স্থলে ইহা প্রয়োগ হইয়া থাকে।

BLUMEA LACERA.

N. O. COMPOSITÆ. L. S. SYNGENESIA ÆQUALIS.

Vern. *Sans.* Kulahal, *Beng.* Kuksima.

An annual plant, common in dry parts of India, appearing during the rains, flowers in winter, dries up in the hot season. It is erect, ramous, downy, lower leaves lyrate, superior ones simply oval and many times smaller; all are sharp-toothed, and pale-green.

Parts used. Juice.

Properties and uses. It is astringent, and bitter, and is useful in dysentery and in stopping the flow of blood from a wound,

কুলাহল—কুক্‌সিম।

সং কুলাহল, বাঃ কুক্‌সিম, লাঃ ব্লুমিয়া লেসিরা, কম্পোজিটা জাতীয়।

পর্য্যায় শব্দ। অলম্বু, গোচ্ছাল, ভূকদম্ব। (রত্নমালা)।

বিবরণ। ক্ষুদ্র ক্ষুদ্র বাৎসরিক উদ্ভিদ্‌। বর্ষার প্রারম্ভে জন্মিয়া থাকে। শীতকালে পুষ্পবতী হয় এবং গ্রীষ্মের প্রারম্ভে মরিয়া যায়। পত্রগুলির মধ্য হইতে একটী সরল দণ্ড উদ্ভূত হইয়া থাকে, তাহাতেই পুষ্প প্রস্ফুটিত হয়। পত্রগুলি ৩ অঙ্গুলি পর্য্যন্ত প্রশস্ত এবং দীর্ঘ ৬ অঙ্গুলি পর্য্যন্ত হয় ও পার্শ্ব করাতাকার।

ব্যবহার। পত্রের রস।

গুণ। কষায় ও তিক্তরস। আমাশানাশক ও রক্তরোধক।

রক্তামাশা প্রভৃতি রোগে ইহার রস বিশেষ উপকারী।

ANDROGRAPHIS PANICULATA.

N. O. ACANTHACEÆ. L. S. DIDYNAMIA ANGIUSPERMIA.

Vern. *Sans.* Mahatikta, *Beng.* Kalmeg.

An annual shrub, grows wild in Bengal, Sind, and many parts of India, in the rainy season.

Parts used. Whole plant.

Properties and uses. The expressed juice of the leaves is highly bitter. It is febrifuge and is successfully used in dysentery and diarrhœa and is often prescribed in indigestion, colic, flatulence, and other gastric disorders of the infant; it is also highly valued in malarious fever of Bengal.

মহাতিক্তা—কালমেঘ।

সং মহাতিক্তা, বাং কালমেঘ, লাঃ এণ্ড্রোগ্রাফ পেনিকিউলেটা। একান্থেসী জাতীয়।

পর্য্যায় শব্দ। যবতিক্তা, মহাতিক্তা। (রাং নিং)।

বিবরণ। বাঙ্গালা, সিন্ধু প্রভৃতি দেশে বর্ষার প্রারম্ভে প্রচুর পরিমাণে জন্মে।

ব্যবহার। সমগ্র গাছ।

গুণ। তিক্ত ও জ্বরঘ্ন। অতিসার ও অজীর্ণ নাশক। (রাং নিং)। শিশুদিগের জ্বর ও অজীর্ণ প্রভৃতি রোগে যে আলুই নামক ঔষধ ব্যবহৃত হয়, তাহা ইহার রসে প্রস্তুত হইয়া থাকে। ইহা বলকারক এবং রক্তামাশা, পেট ফাঁপা প্রভৃতি রোগের উপকারী। মেলিরিয়া জ্বরে ইহার ক্বাথ ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়া যায়। পাশ্চাত্য পরীক্ষায় ইহা মেলেরিয়া জ্বরের বিশেষ ফলপ্রদ ঔষধ বলিয়া স্বিরাকৃত হইয়াছে।

HIBISCUS ESCULENTUS.

N O. MALVACEÆ. L. S. MONADELPHIA POLYANDRIA.

Vern. *Sans.* Dindisa, *Beng.* Darasa, *Hind.* Vindi, *Burm.* Younpadi-si.

A herbaceous annual plant, about 3 feet in height cultivated in the rainy season in the gardens in many parts of India for its fruits, which are cooked as food.

কুকসিম।
BLUMEA LACERA.
মহাতিক্তা
কালমেঘ।
ANDROGRAPHIS PANICULATA
টিঁড়িশ ঢেঁড়শ।
HIBISCUS ESCULENTUS.
কালজাম।
EUGENIA JAMBOLANA
J. C. SAHA.

Parts used. The juice of the whole plant, specially of the capsules.

Properties and uses. It is purgative, demulcent, emollient, mucilagious, diuretic and is useful in cough, calculus, gonorrhœa and irritation of the genito-urinary system. The leaves are used in preparing poultice.

ডিণ্ডিশ—ভেড়শ।

সং ডিণ্ডিশ, বাঃ ভেড়শ, হিঃ ভিণ্ডি, ব্রঃ ইয়ংপাডিশি। লাঃ হাবিসকাস্ ক্রাবি-উলেটাস্। মেলভেসিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। রোমশফল, তিন্দিশ, মুনিনির্ম্মিত। (রাঃ নিঃ)। ডিণ্ডিশ (ভাঃ প্রঃ)।

বিবরণ। গুল্মবিশেষ। বর্ষাকালে উদ্যানে রোপিত হয়। গাছগুলি উচ্চে ৩ ফিট। পত্রগুলি ছত্রাকার ও দীর্ঘবৃন্তক। পুষ্প হরিদ্রাবর্ণ। ফল শিঙ্গার ন্যায়।

ব্যবহার। সমগ্র গাছ। ভোজনে ফল।

গুণ। রুচিকারক, ভেদক, শীতল, বাতবর্দ্ধক, রূক্ষ ও মূত্রকারক। পিত্ত, শ্লেষ্মা, অশ্মরীনাশক। (ভাঃ প্রঃ)। গণোরিয়া রোগে বিশেষ ফলপ্রদ। বৃষ্য। ফল সুস্বাদু। পত্রের ফুলটিসও ব্যবহৃত হয়।

EUGENIA JAMBOLANA.

N. O. MYRTACEÆ. L. S. ICOSANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Jambu. *Beng.* Kalajam, *Tam.* Naga, Tel, Nasodu, *Burm.* Phabyai.

A moderate-sized tree, cultivated all over India for its fruit.

Parts used. Bark, seed and fruit.

Properties and uses. It is refrigerant, stomachic, and carminative. The decoction of the bark and leaves is prescribed with goat's milk in dysentery and as gargle in toothache. Vinegar of the fruit is very efficacious in dyspepsia. The powder of the seed is useful in diabetes.

জম্বু—জাম।

সং জম্বু, বাঃ কালজাম, হিঃ জাম, তাঃ নাগা, তৈ নাসোঙ্, ব্রঃ কাবে, ইজিনিয়া জামবোলানা। মিরটেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। সুরভিপত্রা, নীলফলা, শ্যামলা, মহাস্কন্ধা, রাজার্হা, রাজবালা, শুকপ্রিয়া, মদমোদিনী। (রাঃ নিঃ)।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। ভারতবর্ষের নানাস্থানের উদ্যানে ফলের জন্য রোপিত হয়। ফলভেদে ইহা দুই জাতীয়। কতকগুলির ফল অপেক্ষাকৃত বৃহৎ।

ব্যবহার। ছাল, পত্র ও বীজ।

গুণ। গুরু, স্বাদু, শীতল, অগ্নিসন্দুক্ষণ, রূক্ষ ও বাতকর। (রাঃ বঃ)

ফলের গুণ। গ্রাহী ও রূক্ষ। পিত্ত, কফ, রক্তামাশা ও দাহনাশক। (ভাঃ প্রঃ)। ছাল সিদ্ধ করিয়া দন্তশূলে ব্যবহৃত হয় এবং ছাগ দুগ্ধ সহ উদরাময় ও রক্তামাশায় সেবনীয়। বীজচূর্ণ বহুমূত্র রোগে উপকারী।

FICUS GLOMERATA.

N. O. URTICACEÆ. L. S. MONOECIA MONANDRIA.

Vern. *Sans.* Udumbara, *Beng.* Yajnadumur, *Hind.* Gular, *Tam.* Atli, *Burm.* Ye-tha-pan.

A large tree, common in Bengal, Central and Southern India and Burma. Leaves alternate, petioled, oblong, tapering equally towards each end, entire, smooth on both sides, fruit pedicelled.

Parts used. The leaves, bark and fruit.

Properties and uses. The bark is cooling, and astringent, and is used as a wash for wounds and also in suspected abortion. It promotes secretion of milk. (*Rajanirghant*). The ripe fruit is sweet, cooling and is used in thirst and hysteria. The raw fruit is stomachic and carminative and is used in menorrhagia and hemoptysis. The milky juice is used in piles and diarrhœa. The root is useful in dysentery. The fresh juice is prescribed in diabetes and other urinary diseases.

Fious Glomerata
যজ্ঞডম্বুর

Hypocoxis Orchioidis.
তালমূলী

Laurus Camphora.
কর্পূর

Solanum Jacquini.
কণ্টকারী

উডুম্বর—যজ্ঞডুম্বুর।

সং উডুম্বর, বাঃ যজ্ঞডুম্বুর, হিঃ গুল্লার, তাঃ আতলি, ব্রঃ ইথাপান, লাঃ ফাইকাস গ্লমারেটা, আর্টিকেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। ক্ষীরবৃক্ষ, হেমদুগ্ধ, সদাফল, কালস্কন্ধ, যজ্ঞযোগ্য, যাজ্ঞীয়, সুপ্রতিষ্ঠিত, শীতবল্ক, জন্তুফল, পুষ্পশূন্য, পবিত্রক, সৌম্য, শীতফল (রাঃ নিঃ)। যজ্ঞাঙ্গ, হেমদুগ্ধক। (ভাঃ প্রঃ)।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। বাঙ্গালা, মধ্যপ্রদেশ, দাক্ষিণাত্য ও ব্রহ্মদেশে প্রচুর পরিমাণে পাওয়া যায়। পত্র সকল বিপরীতমুখী, পত্রের উপরিভাগ গোলাকার ও অপেক্ষাকৃত প্রশস্ত, পার্শ্ব করাতাকার। ফল গুচ্ছাকারে জন্মে, ঈষৎ লম্বা, গোলাকার। গ্রীষ্মকালে ফলবতী হয়।

গুণ। পক্ক ফল—মধুর, শীতল, ক্রিমিকারী। রক্তপিত্ত, তৃষ্ণা, মূর্চ্ছা ও দাহনাশক। (রাঃ নিঃ)। অপক্ক ফল—কষায়, অগ্নিদীপন, রুচিকারী ও মাংসবর্দ্ধক। রক্তবিকারকারী। (রাঃ নিঃ)। ত্বক্—শীতল, কষায়, ব্রণনাশক, গর্ভ-সংরক্ষক, স্তনদুগ্ধবর্দ্ধক। (রাঃ নিঃ)। শীতবীর্য্য, রূক্ষ, গুরু, পিত্তঘ্ন, কফ ও রক্তনাশক, মধুর কষায় রস, বর্ণ প্রসাদক। ব্রণ শোধক এবং ব্রণ রোপক। (ভাঃ প্রঃ)। মূল রক্তামাশায় ব্যবহৃত হয়। বৃক্ষের রস অর্শ ও উদরাময়ে প্রয়োগ হয়। বহুমূত্র রোগে ডুম্বুরের রসের অভাবে বীজচূর্ণ অনুপান স্বরূপ ব্যবহৃত হয়। ইহা পঞ্চ বল্কলের একতম।

HYPOXIS ORCHIOIDES.

Curculigs orchivides. (*Roxb.*)

N. O. AMARYLLIDÆ. L. S. HEXANDRIA MONOGYNIA

Vern. *Sans.* Musuli. *Beng.* Talmuli. *Hind.* Musli.

A grassy plant, common in shady places, specially in places covered over by bamboo groves in Bengal, N. W. P. and the Deccan. Root perenial, and tuberous with many fleshy fibres in all directions. Stem none. Leaves numerous, radical, petioled, narrow, lanceolar, nerved, from six to eighteen inches long. Flowers pretty large, yellow.

Parts used. The tuberous root.

Properties and uses. It is sweet, cooling, tonic, alterative, mucilaginous and is useful in piles and debility. The white variety, mentioned in Rajanirghunt, is not found in the bazar.

মূষলী—তালমূলী।

সং মূষলীকন্দ, বাঃ তালমূলী, হিঃ মুসলী। লাঃ হাইপক্সিস্ অরকাইটিস্। আমারিলিডিসি জাতীয়।

পর্য্যায় শব্দ। অশ্রৌঘ্নী, তালী, খলিনী। (রত্নমালা)। সুবহা, তালপত্রিকা, গোধাপদী, হেমপুষ্পী, ভূতালী, দীর্ঘকন্দিকা। (রাং নিঃ)।

বিবরণ। তৃণবৃক্ষ। কন্দ—দীর্ঘ, দেখিতে ক্ষুদ্র খেজুর গাছ বলিয়া বোধ হয়। বল্কলাবৃত। পত্র বহুসংখ্যক, কন্দ মধ্যে সংযুক্ত, দীর্ঘবৃন্তক, ক্ষুদ্র ক্ষুদ্র শিরাযুক্ত, দীর্ঘে ছয় হইতে ১৮ ইঞ্চি পর্য্যন্ত হইয়া থাকে। পুষ্প ক্ষুদ্রাকার, পীতবর্ণ, কোন প্রকার গন্ধযুক্ত নহে।

ব্যবহার। কন্দ।

গুণ। মধুর, শীতল, বৃষ্য, পুষ্টিকর, কফপ্রদ, পিচ্ছল, পিত্ত, দাহ ও শ্রমহর। (রাং নিঃ)। মধুর, তিক্ত, বৃষ্য, উষ্ণবীর্য্য, বৃংহণ, গুরু, রাসায়নী, গুহ্যদেশজাত রোগ ও বাত নাশক। (ভাঃ প্রঃ)। ইহা দুই প্রকার। শ্বেতবর্ণ কন্দ আজকাল দেখিতে পাওয়া যায় না। শ্বেত হীনতেজা, অপরটী রাসায়নী। (রাং নিঃ)।

CINNAMOMUM CAMPHORA.

N. O. LAURINEÆ. L. S. ENNENDRIA MONOGYNIA.

Vern. *Sans.*, *Beng.*, *Hind.* Karpura. *Pers.* Kafur. *Tam.* Karuppuram. *Burm.* Paroparaku.

A tall tree, grows in great abundance in the forests of Japan. Leaves ovate, lance-shaped, entire, smooth, nerved; on the upper side, of a pale yellowish green; on the under, glaucous, standing upon long foot-stalks. The flowers are small, white, on long foot-stalks. Every part of the tree smells strongly of camphor, which is obtained from the trunk, branches and root by distillation.

Parts used. The gum resin.

Properties and uses. It is stimulant, aphrodisiac, and is used in cough, thirst, fever, asthma, diarrhœa, impotence and eye-diseases.

কর্পূর।

সং কর্পূর, বাঃ কর্পূর, হিঃ কর্পূর, পাঃ কফুর, তাঃ করুপুরাম, ব্রঃ পাইরুপারাকু। লাঃ সিনামোম ক্যাম্ফোরা। লুরেনিসি জাতীয়।

পর্য্যায় শব্দ। ঘনসার, চন্দ্রসংজ্ঞ, শীতাভ্র, হিমবালুকা। (অমর)। ঘনসারক, শীতকর, শীত, শশাঙ্ক, শিলা, শীতাংশু, হিমপুস্পক, হিমকর, শীতপ্রভ, কারমহিকা, তারাভ্র, চন্দ্রার্দ্ধক, চন্দ্র, লোক, তুষার, গৌর, কুমুদ, হনু, হিমাবয়ব, চন্দ্রভস্ম, বেধক, রেণুসারক। (শঃ রঃ)।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। জাপান দ্বীপে প্রচুর পরিমাণে দেখিতে পাওয়া যায়। পত্রগুলি প্রশস্ত, অগ্রভাগ সূক্ষ্ম, মসৃণ, পত্রের উর্দ্ধভাগ পীতাভ ও সবুজবর্ণ। পত্র দীর্ঘবৃন্তক। পুষ্প ক্ষুদ্র, শ্বেতবর্ণ ও দীর্ঘবৃন্তক। মুল হইতে পত্র পর্য্যন্ত সমুদয়ই কর্পূরের গন্ধবিশিষ্ট।

নির্ম্মাণ-প্রণালী। বৃক্ষকে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড করিয়া পাতাল যন্ত্রে জল দিয়া সিদ্ধ করা হয়। দুই দিবস সিদ্ধ হইলে উহার আবরণস্থ তৃণের মধ্যে শ্বেতবর্ণ নির্য্যাস জন্মিতে থাকে। এই নির্য্যাসই কর্পূর। ইহা নির্ম্মল নহে। নির্ম্মল করিতে হইলে কর্পূরকে পাত্র মধ্যে বন্ধ করিয়া পুনর্ব্বার অগ্নিতাপে রাখিয়া উপরের আবরণে জলসেক করিতে হইবে। ইহাতে কর্পূর পুনর্ব্বার দ্রব হইয়া শীত সংযোগে উপরের আবরণের তলদেশে জমিয়া থালার আকার ধারণ করে।

ব্যবহার। নির্য্যাস।

গুণ। ভাবমিশ্র দুই জাতীয় কর্পূরের কথা উল্লেখ করিয়াছেন। পক্ক কর্পূর উপরি উক্ত প্রাণালীতে নির্ম্মিত হয়। আর এক প্রকার কর্পূর অগ্নি সংযোগ না করিয়া নির্য্যাস হইতে নির্ম্মিত হয়, তাহা অপক্ক। অপক্ক কর্পূরের গুণাধিক্য বশতঃ ইহাই ব্যবহার হইয়া থাকে। কিন্তু বাজারে এরূপ কর্পূরের আমদানি দেখা যায় না। রাজনির্ঘণ্টে আরও ১৩ প্রকার কর্পূরের উল্লেখ আছে। তাহার মধ্যে ভীমসেন কর্পূর ভিন্ন অন্য জাতীয় কর্পূর দেখা যায় না। ভীমসেন কর্পূর কলিকাতায় বড় বিক্রীত হয় না। বোম্বাই নগরে সামান্য পাওয়া যায়।

গুণ। শীতল, বৃষ্য, চক্ষুর হিতকর, লঘু, সুরভি, মধুরতিক্ত রস। কফ, পিত্ত, বিষ, দাহ, পিপাসা ও দুর্গন্ধ নাশক। মেদনাশক। (ভাঃ প্রঃ)। শ্বাসকৃচ্ছ্র, জ্বর ও উদরাময় রোগে ইহা ব্যবহৃত হয়।

কর্পূর হইতে একরূপ তৈল প্রস্তুত হয়। রাজনির্ঘণ্টকার বলেন যে ইহা বাত

রোগে বিশেষ উপকারী, কিন্তু পাশ্চাত্য পরীক্ষায় তাদৃশ কার্য্যকারী বলিয়া অনুমিত হয় নাই।

অধিকমাত্রা সেবন করিলে কর্পূর দ্বারা প্রাণনষ্ট হয়।

SOLANUM XANTHOCARPUM.

(*Solanum Jacquini Rox.*)

N. O. SOLANACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Kantikari. *Beng.* Kantikari. *Hind.* Vatktaia, Rangni. *Tel.* Van-kuda.

A procumbent, diffuse, prickly plant. Leaves frequently in pairs, oblong laciniate, armed on both sides with straight spines, calix prickly, flowers bluish purple, berries spherical, smooth, drooping when unripe, marked with green and white, ripe berries yellow. (Dr. Murray).

Parts used. Whole plant and fruit.

Properties and uses. It is acrid, stimulant, promotes appetite and is used in cough, asthma, catarrhal fever and thirst. The root is one of the ten ingredients of *Dasamula.* The decoction of the root is considered an antidote of small pox and other blood diseases.

কণ্টকারী।

সং কণ্টকারী, বাঃ কণ্টিকারী, হিঃ ভটকটিয়া, রেঙ্গ্নি, তৈঃ ভানকুডা লাঃ সোলিনাম্ জেক্বোকাপার, সোলেনেসিসিয়া জাতীয়।

বিবরণ। ক্ষুদ্র গুল্ম। পত্র দুইটী করিয়া বিপরীত মুখে জন্মে। ইহার অগ্র ভাগ ঈষদ্ গোলাকার, পত্রগুলি দীর্ঘে ৩ ইঞ্চি পর্য্যন্ত হয় এবং ইহার উভয় ভাগ কণ্টকাবৃত। মূল ব্যতীত ইহার সর্ব্ব-গাত্রই দীর্ঘ কণ্টকযুক্ত। পুষ্প প্রায়ই নীলবর্ণ। শ্বেতবর্ণ পুষ্প সহজে দেখা যায় না। ফল অপক্ব অবস্থায় হরিৎবর্ণ হয়। পাকিলে হরিদ্রাবর্ণ হয়।

পর্য্যায় শব্দ। নিদিগ্ধিকা, স্পৃশী, ব্যাঘ্রী, প্রচোদনী, কুলী, ক্ষুদ্রা, দুস্পর্শা, রাষ্ট্রিকা। (অমর)। অনাক্রন্তা, ভণ্টাকী, সিংহী, ধাবনিকা। (রত্নমালা)। কণ্টকারী, কণ্টকিনী, দুস্প্রধর্ষিণী, নিদিগ্ধা, ধাবনী, ক্ষুদ্র কণ্টিকা, বহুকণ্টা, ক্ষুদ্রফলা, কণ্টালিকা, চিত্রফলা। (রাঃ নিঃ)।

SIDA CORDIFOLIA.

N. O. MALVACEÆ. L. S. MONODELPHIA POLYANDRIA.

Vern. *Sans.* Bala; *Beng.* Berela; *Hind.* Bijband; *Punj.* Kharenti.

A herbaceous, downy and hairy plant. *Leaves,* oblong, cordate, obtuse. *Pendunceles,* solitary one-flowered. *Flowers,* yellow. Common throughout India.

Parts used. The whole plant, especially the root.

Properties and uses. It is sweet, cooling, tonic, astringent, and is useful in nervous and urinary diseases and disorders of the blood and the bile. It is also used to improve the complexion. The seed is called Bijband and is used in gonorrhœa, colic and tenesmus.

বলা—বেড়েলা।

সং বলা, বাট্যালিকা ; বাঃ বেড়েলা ; হিঃ বীজবন্দ্ পাঃ খারেন্টি ; লাঃ সাইডা করডিফোলিয়া, মেলভেশী জাতীয়।

পর্য্যায় শব্দ। বাট্যালক। (অমর)। সমঙ্গা, ঔদনিকা, ভদ্রা, ভদ্রোদনী, খরকাষ্ঠিকা, কল্যানিনী, ভদ্রবলা, মোটা, পাটী, বলাদ্যা। (রাঃ নিঃ)। শীতপাকী, বাট্যা, বাটী, বিনয়া, বাট্যালী, বাটিকা। (শঃ রঃ)। বাট্যালক, বাট্যপুষ্পী, সমাংশা, বিলনস। (রাঃ বঃ)।

বিবরণ। ক্ষুদ্র গুল্ম বিশেষ। পত্র পানের মত, কিন্তু ক্ষুদ্র ; অগ্রভাগ তত সূক্ষ্ম নহে ; সূক্ষ্ম সূক্ষ্ম কোমল রেণু দ্বারা উভয় দিকই আবৃত। পুষ্প পীতবর্ণ; ভারতবর্ষের সর্ব্বত্র দেখা যায়।

ব্যবহার। সমগ্র গুল্ম। বিশেষতঃ মূল।

গুণ। মধুর। পিত্ত ও অতিসার নাশক। বলবীর্য্যপ্রদ। পুষ্টিকর। কফ-রোধক। (রাঃ নিঃ)। শীতবীর্য্য, মধুর, বলবর্দ্ধক, স্নিগ্ধ ও গ্রাহি। বায়ু, রক্তদোষ পিত্ত, রক্তপিত্ত ও ক্ষত নাশক। (ভাঃ প্রঃ)। বাতঘ্ন বলিয়া পক্ষাঘাত ও নানাবিধ বাতজ ব্যাধিতে প্রয়োগ করা হয়। এতদ্ব্যতীত মূত্রাশয়, রক্তদোষ এবং পিত্তজ ব্যাধিতে ও ব্যবহৃত হয়। বিষম জ্বরে শুণ্ঠি সহ প্রয়োগ করা হইয়া থাকে। (ভাঃ প্রঃ)। আয়ুর্ব্বেদে বাজিকর ঔষধ মাত্রেই ইহার ব্যবহার দেখা যায়।

ইহার বীজকে হিন্দি ভাষায় বীজবন্দ্ বলে। বীজবন্দ্ গণোরিয়া, পেটের বেদনা প্রভৃতি রোগের বিশেষ উপকারী।

VALLARIS HEYNEI.

N. O. APOCYNACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Bhadraballi; *Beng.* Haparmalli.

A large, twining shrub, common in lower Bengal and Central India. Flowering time, hot season. *Branches,* numerons and twining. *Leaves,* opposite and short petioled, from oblong to lanceolar, acute, recurved, entire and smooth, from 2 to 3 inches long and one to one and a half inches broad. *Seeds,* numerous.

Part used. Milky juice.

Properties & uses. It is successfully used in wounds and sores.

ভদ্রবল্লী—হাপরমালি।

সং ভদ্রবল্লী, বাঃ হাপরমালি। লাঃ ভ্যালারিস হাইনি। এপোসিনেসি জাতীয়

পর্য্যায় শব্দ। শাতভীরু, ভূমিমণ্ডা, অষ্টপাদিকা। (রত্নমালা)।

বিবরণ। লতা। বাঙ্গালা, দাক্ষিণাত্য ও মধ্য ভারতবর্ষে প্রচুর পরিমাণে জন্মে। পত্রগুলি বিপরীতমুখী, ক্ষুদ্রবৃন্তক, অগ্রভাগ শলাকার ন্যায় ও মসৃণ। দীর্ঘে ২।৩ ইঞ্চি, প্রস্থে ১ বা ১॥০ ইঞ্চি। বহুসংখ্যক পল্লববিশিষ্ট। পুষ্প গ্রীষ্মকালে জন্মে। বীজ বহুসংখ্যক জন্মিয়া থাকে।

ব্যবহার। শ্বেতবর্ণ রস।

গুণ। কষায়। ক্ষতনাশক। কোনস্থানে আঘাত লাগিয়া রক্তস্রাব হইলে ইহার রস প্রয়োগে বিশেষ ফল পাওয়া যায়। কিন্তু ইহাতে কিঞ্চিৎ জ্বালা বোধ হয়।

HEMIDESMUS INDICUS.

N. O. ASCLEPIADEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Sariba; *Beng.* Anantamul; *Hind.* Magrbba; *Arb.* Zaiyan; *Pers.* Aushbahe-hindi.

CALOTROPIS GIGANTEA

আকন্দ।

WITHANIA SOMNIFERA

অশ্বগন্ধা।

PIPER BETLE

পান।

PIPER LONGUM

পিপুল।

A climbing shrub, common in Bengal, Madras, and the Central Provinces of India.

The Sanskrit name, Sariba, includes both Hemidesmus Indica and Ichnocarpus frutescens. The latter is distinguished as Krishna-Sariba, *i.e.* the black one.

Parts used. The root.

Properties & uses. It is considered sweet, demulcent, tonic, and is useful in loss of appetite, fever, cough, skin diseases, syphilis, leuchorrhœa and nervous headache,

সারিবা—অনন্তমূল।

সং সারিবা, বাঃ অনন্তমূল, হিঃ মাগ্রিবা, আঃ জিয়ান, পাঃ আমভি হিন্দ্, লাঃ হেমিডেস্মস ইণ্ডিকা, এস্ক্লিপিডিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। শরদা, গোপী, গোপকন্যা, গোপবল্লী, প্রতানিকা, লতা, আস্ফোতা, কাষ্ঠ শারিবা। (রাং নিঃ)। গোপা, উৎপল সারিবা, অনন্তা, শারিবা, শ্যামা। (শঃ রঃ)।

বিবরণ। ক্ষুদ্র লতা বিশেষ। পত্রের অগ্রভাগ সূচাল, দীর্ঘবৃন্তক, মধ্যভাগে শ্বেতবর্ণ রেখাযুক্ত। মূল সদ্গন্ধযুক্ত। বাঙ্গালা, মান্দ্রাজ মধ্যভারত প্রভৃতি নানা স্থানে দেখিতে পাওয়া যায়। মধুপুর প্রভৃতি পার্ব্বতীয় স্থানের মূলগুলি অধিক গুণশালী।

ব্যবহার। মূল।

গুণ। মধুর, স্নিগ্ধ, বৃষ্য, পিত্তনাশক। কুষ্ঠ, কুষ্ঠ, জ্বর, ও দেহের দুর্গন্ধ নাশক। (রাং নিঃ)। স্বাদু, স্নিগ্ধ, শুক্রকর ও গুরু। অগ্নিমান্দ্য, অরুচি, শ্বাস, কাস, বিষ নাশক। ত্রিদোষজ প্রদর ও জ্বরাতিসারের নাশক। (ভাঃ প্রঃ)। শিরঃশূল নাশক।

TERMINALIA ARJUNA,

PENTAPTERA ARJUNA.

N. O. COMBRETACEÆ. L. S. DECANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Arjuna; *Beng.* Arjuna; *Tel.* Yermadi; *Burm.* Taukkyau.

A stout-growing tree, common in Sub-Himalayan tracts, Oudh, Bengal and Southern India. *Bark,* of a deep red colour. It breaks easily. *Stem,* dry. *Leaves,* sub-opposite and smooth. *Flowers* in April and May. *Seeds* ripen about December.

Parts used. The bark and the fruit.

Properties and uses. The bark is very useful in palpitation of the heart. It is astringent, heating, and is useful in ulcers and strictures. It is also used as paste on wounds for removing pain. The seeds are kept on the waist by means of a string to remove pain of orchitis.

অর্জ্জুন।

সং অর্জ্জুন; বাঃ অর্জ্জুন, তাঃ ইর্‌মাডি, ব্রঃ টোকাং। লাঃ টারমিনেলিয়া অর্জ্জুনা। কম্বে্‌টিশিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। নদীসর্জ্জ, বীরতরু, ইন্দ্রদ্রু, ককুভ। (অমর)। শম্বর, পার্থ, চিত্রযোধী, ধনঞ্জয়, বৈরান্তক, কিরীটী, গাণ্ডীবী, শিবমল্লক, সব্যসাচী, কর্ণারি, করবীরক, কৌন্তেয়, ইন্দ্রসূনু, বীরদ্রু, কৃষ্ণসারথি, পৃথাজ, ফাল্গুন, ধন্বী। (রাং নিঃ)।

বিবরণ। বৃহদাকার বৃক্ষ। হিমালয়, অযোধ্যা, বাঙ্গালা ও দক্ষিণাত্যে প্রচুর পরিমাণে জন্মে। পত্রগুলি মসৃণ, দীর্ঘ, অগ্রভাগ সামান্য গোলাকার। ত্বক্ তাদৃশ পুরু নহে। ছেদন করিলে অন্তর্ভাগ রক্তবর্ণ। শুষ্ক হইলে সহজেই ভাঙ্গিয়া যায়। বৈশাখ জ্যৈষ্ঠ মাসে পুষ্পবতী হয়, এবং শীতকালে ফল পরিপক্ব হয়। ইহার ফল দেখিতে অনেকটা কামরাঙ্গার ন্যায়।

ব্যবহার। ত্বক্ ও ফল।

গুণ। ক্ষতনাশক ও রক্তস্তম্ভনকারক। মূত্রকৃচ্ছ্র নাশক। (রাং বঃ)। কষায়, উষ্ণ, ব্রণশোধক। কফ, পিত্ত, শ্রম ও তৃষ্ণা নাশক। বায়ু প্রকোপকারী। (রাং নিঃ)।

হৃদ্‌রোগে ইহা বিশেষ ফলপ্রদ। ভগ্ন স্থানের বেদনা নাশক। বাতশিরা রোগে ইহার ফল কোমরে ধারণ করিলে বিশেষ উপকারী।

ক্ষত স্থানের উপর ইহার ত্বকের প্রলেপ দিলে বিশেষ উপকার হইয়া থাকে।

CALATROPIS GIGANTEA.

N. O. ASCLEPIADEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Arka; *Hind.* Madar; *Arb.* Ushar; *Pers.* Khank; *Nepal.* Auk; *Burm.* Mayo-beng.

One of the most common, large and ramous shrubs of India. It flowers all the year round. *Stem,* as thick as a man's leg. *Bark,* ash-coloured. *Leaves,* opposite, broad and smooth. *Flowers,* white and rose-coloured.

Parts used. Root, bark, milky juice and leaf.

Properties and uses. The root bark is considered acrid, stimulant, and is useful in rheumatism, enlargement of abdominal viscera, leprosy and intestinal worms. The milky juice is very useful in leprosy and bad ulcers. The roasted leaves are applied with little rock-salt and castor oil to remove rheumatic pain.

অর্ক, আকন্দ।

সং অর্ক, বাঃ আকন্দ, হিঃ মাদার, আঃ উসার, পাঃ খাঙ্ক, নেঃ অউক, ব্রঃ মায়োবেং। লাঃ কেলেটে্রাপিস জাইগেনটিয়া। এসক্লিপেডিয়া জাতীয়।

পর্য্যায় শব্দ। ক্ষীরদল, পুচ্ছী, প্রতাপ, ক্ষীরকাণ্ডক, বিক্ষীর, ক্ষারী, খর্জ্জুঘ্ন, শীতপুষ্পক, জম্ভন, ক্ষীরপর্ণী, বিকীরণ, সদাপুষ্প, সূর্য্যাহব, অস্ফোতক তুলফল, শুকফল। (রাং নিঃ)। বসুক, আস্ফোত, গণরূপ, মন্দার, অর্কপর্ণ। (অমর)।

শ্বেতার্ক পর্য্যায়। অলর্ক, রাজার্ক, প্রতাপন, গণরূপী। (রত্নমালা)।

রক্তার্ক পর্য্যায়। বিশ্বেশ্বর, সদাপুষ্পী, রূপিকা, আদিত্যপুষ্পিকা, দিব্য-, পুষ্পিকা, অর্ক। (রত্নমালা)।

বিবরণ। গুল্ম বিশেষ। ভারতবর্ষের সকল স্থানেরই পতিত জমিতে প্রচুর পরিমাণে জন্মে। কাণ্ড মনুষ্যের পদের অপেক্ষা মোটা হয় না। পত্র প্রশস্ত, বিপরীত মুখী ও মসৃণ, একরূপ সূক্ষ্ম সূক্ষ্ম লোমের দ্বারা আবৃত। গুল্মের কোন স্থানে আঘাত করিলেই শ্বেতবর্ণ ক্ষীর নিঃসৃত হয়। বার মাসেই ফুল দেখিতে পাওয়া যায়। জাতিভেদে পুষ্প শ্বেত বর্ণ, ও রক্তবর্ণ। ফলের অন্তর্ভাগে একরূপ তুলা থাকে। ফল পাকিলে ফাটিয়া তুলা উড়িতে থাকে। ইহা হিন্দুদিগের পবিত্র বৃক্ষ। দাক্ষিণাত্যে ইহার পত্র সংগ্রহ করিতে উৎসব হয়। শিব পূজায় ইহার ফুল প্রশস্ত।

ব্যবহার। মূলের ত্বক্, পত্র, ক্ষীর ও পুষ্প।

গুণ। কটু, উষ্ণ, অগ্নিকারক। বাত, শোথ, ব্রণ, অর্শ, কুষ্ঠ ও ক্রিমি নাশক। (রাং নিঃ)। কফ্‌দোষ নাশক, তীক্ষ্ণ। (রাঃ বঃ)।

ক্ষীর। ক্রিমিদোষ ও ব্রণ নাশক। কুষ্ঠ, অর্শ ও গুল্মোদর রোগে হিতকর (রাং বঃ)।

ক্ষীর। তিক্ত, লবণ, উষ্ণবীর্য্য, স্নিগ্ধ, ও লঘু, এবং কুষ্ঠ, ও গুল্মোদর নাশক। শ্রেষ্ঠ বিরেচক। (ভাঃ প্রঃ)।

শ্বেত ও রক্ত উভয়বিধ আকন্দই সারক। বায়ু, কুষ্ঠ, কুণ্ড, বিষ, ব্রণ, প্লীহা, গুল্ম, অর্শ, কফ্ ও ক্রিমি নাশক।

শ্বেতপুষ্প। শুক্রজনক, লঘু, অগ্নিপ্রদীপক, পাচক, এবং অরুচি, অর্শ, কাশ ও শ্বাস নিবারক।

রক্তপুষ্প। মধুর-তিক্ত, ধারক, এবং কুষ্ঠ, ক্রিমি, কফ্, অর্শ, ও রক্তপিত্ত নাশক। গুল্ম ও শোথের হিতকর।

ইহার পত্র অল্প উত্তপ্ত করিয়া এরণ্ড তৈল ও সৈন্ধব লবণ সংযোগে বাতশোথে ব্যবহৃত হয়।

পাশ্চাত্য পরীক্ষায় আকন্দের আরও অনেক গুণ প্রকাশিত হইয়াছে। পাশ্চাত্য চিকিৎসকগণ একবাক্যে ইহাকে ইপিকাকের ন্যায় কার্য্যকর ঔষধ বলিয়া স্বীকার করেন, এবং ইহার সকল অংশই ঔষধার্থে ব্যবহার করেন। ইহার ছাল বলকারক ও ঘর্ম্মকারক; অধিক মাত্রায় প্রয়োগ করিলে বমনকারক হইয়া থাকে। কুষ্ঠ ও ব্রণ রোগে ইহা যে বিশেষ কার্য্যকর তাহা অনেকবার পরীক্ষা দ্বারাই সপ্রমাণিত হইয়াছে। উপদংশ জনিত দোষ অনেক সময় ইহা দ্বারা প্রশমিত হইতে দেখা গিয়াছে। কেহ কেহ সর্পাঘাতে ইহার শুষ্ক ক্ষীর ব্যবহার করিয়া দেখিয়াছেন যে স্থল বিশেষে ফলপ্রদ হইয়া থাকে। রক্ত আমাশা রোগেও ইহা বিশেষ ফলপ্রদ। নালি ক্ষতের উপর ইহার নির্য্যাস দিয়া ও পাতা বাঁধিয়া অনেক স্থলে বিশেষ ফল দেখা গিয়াছে। পাশ্চাত্য চিকিৎসকগণ ইহার গুণ আবিষ্কার করিবার জন্য এখনও বিশেষ চেষ্টা করিতেছেন ও টিংচার ও চূর্ণ প্রভৃতি আকারে ইহার প্রয়োগ করিয়া থাকেন।

SIDA CORDIFOLIA
বেড়েলা।
ECHITES DICHOTOMA
হাপরমালী।
HEMIDESMUS IN ICUS
অনন্তমূল।
TERMINALIA ARJUNA
অর্জ্জুন।

WITHANIA SOMNIFERA.

N. O. SOLANACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans. Beng.* Asvagandha, *Hind.* Asgand.

This perennial species is to be found in almost every soil and situation. Flowers all the year round. *Stem* several, erect, shrubby, flexuose, two-forked, round and downy. *Leaves* : double, short-petioled, ovate, a little scolloped, downy, from two to four inches long. *Berry*, red, smooth, of the size of a pea. (*Roxb.*)

Parts used. Whole plant.

Properties and uses. It is tonic, alterative, bitter, heating, aphrodisiac, and is useful in nervous debility, cough, dropsy and debility caused by old age. It has the highest reputation for curing debility from age and from nervous weakness.

অশ্বগন্ধা—আশগন্দ্ ।

সং বাঃ অশ্বগন্ধা, হিঃ আশগন্দ্, লাঃ উথেনিয়া সোমনিফেরা, সোলেনেসী জাতীয়।

পর্য্যায়শব্দ। হয়গন্ধা, বাজিগন্ধা, অশ্বগন্ধিকা, বল্যা, তুরগগন্ধা, কম্বুকা অশ্বাবরোহিকা, কম্বুকাষ্ঠা, অবরোহিকা, বারাহকর্ণী, তুরগা, বনজা, বাজিনী, হয়া, পুষ্টিদা, বলদা, পুষ্টি, পীবরা, পলাশপর্ণী, বাতঘ্নী, শ্যামলা, কামরূপিণী, কালা, প্রিয়ঙ্করী, গন্ধপত্রা, হয়প্রিয়া, বারাহপত্রী। (রত্নমালা, রাং নিঃ, রাজবল্লভ)।

বিবরণ। মধ্যমাকার গুল্ম বিশেষ। বাঙ্গালা দেশের নানা স্থানে দেখিতে পাওয়া যায়। পত্র প্রশস্ত, মসৃণ, দীর্ঘে ২ ইঞ্চি হইতে ৪ ইঞ্চি পর্য্যন্ত হইয়া থাকে। গুল্ম সরস। কাণ্ডগুলি অন্তঃসার শূন্য। মূল সারযুক্ত। সমস্ত গাছ একরূপ তীব্রগন্ধ যুক্ত। বাজারে আশগন্ধ বলিয়া যে শুষ্কমূল বিক্রীত হয় তাহা প্রকৃত অশ্বগন্ধা কি না তদ্বিষয়ে অনেকের মতভেদ দেখা যায়। বস্তুত উহা একজাতীয় বৃক্ষ, তদ্বিষয়ে সন্দেহ নাই। চূর্ণ রূপে ব্যবহার করিবার জন্য আশগন্ধই প্রশস্ত। ক্বাথ বা কল্কে এদেশীয় অশ্বগন্ধাই প্রশস্ত। বীজ রক্তবর্ণ।

ব্যবহার। সমস্ত গুল্ম।

গুণ। কটু, উষ্ণ, তিক্ত, মদগন্ধি, বলকারক, শুক্রল। বায়ু, কাশ, শ্বাস, ক্ষয়, ব্রণ, জরা নাশক। (রত্নমালা, রাং নিঃ)। ইহা প্রদর ও বাতব্যাধিতে বিশেষ ফলপ্রদ।

PIPER BETLE.

N. O. PIPERACEÆ. L. S. DIANDRIA TRIGYNIA.

Vern. *Sans.* Tambula, Nagballi; *Beng.* Pan; *Hind.* Pan; *Pers.* Barge-tambol; *Tam.* Vettile; *Burm.* Kun-yœ.

A creeping plant cultivated throughout India for its leaves. *Root*, woody, ramous; *stem*, woody, creeping on the earth or rising up trees, poles &c, smooth on every part. *Leaves*, alternate petioled, bifarious from broad-cordate to obliquely ovate-oblong, somewhat pointed, from five to seven nerved, entire, smooth, from four to six inches long, and from two to four inches broad. (*Roxb.*)

Parts used. The leaves and the juice of the leaves.

Properties and uses. It is aromatic, carminative, stimulant, astringent and sweet. The juice of the leaves is stomachic and is useful in fever and cough.

The leaves are often applied on ulcers, glandular swellings, and on the breast to arrest the secretion of milk.

The Indians are very fond of the leaves, which are chewed with some spices, after meals.

তাম্বূল—পান।

সং তাম্বূল, নাগবল্লী, বাং ও হিঃ পান, পাঃ বর্জ্জি-তাম্বূল, তাঃ ভিটিলি, ব্রঃ কানটুই। লাঃ পাইপার বিটেল, পাইপারেসী জাতীয়।

পর্য্যায় শব্দ। তাম্বূলী, নাগবল্লী। (অমর)। পর্ণলতা, সপ্তশিরা, সর্পলতা, ফণীবল্লী, ভুজগলতা, ভক্ষ্যপত্রা। (রাং নিঃ)। তাম্বূল, বল্লিকা, পর্ণবল্লী, তাম্বূলি। (শঃ র)। নাগিনী, নাগবল্লরী। (ভাঃ প্রঃ)।

বিবরণ। লতাবিশেষ। ভারতবর্ষের সর্ব্বত্রই ইহার চাষ হইয়া থাকে। ইহা নানা জাতীয়। শুভ্র ও কৃষ্ণ বর্ণ হিসাবে ইহা দুই শ্রেণীতে বিভক্ত। পান নিতান্ত সাধারণ লতা বলিয়া এই স্থলে ইহার কোন বিশেষ বিবরণ লিখিত হইল না।

ব্যবহার। পত্র ও পত্রের রস।

গুণ। কৃষ্ণ পর্ণ। তিক্ত, উষ্ণ, কষায়। (রাঃ নিঃ)। শুভ্রপর্ণ।

পথ্য, রুচিকারক, দীপন, পাচক, শ্লেষ্মা, বাত-নাশক। (রাং নিঃ)।

পর্ণমূল ব্যাধিজনক, পর্ণের অগ্রভাগ পাপসঞ্চায়ক, পর্ণচূর্ণ আয়ু-নাশক, পর্ণ শিরা বুদ্ধি-নাশক। এই নিমিত্ত মূল, অগ্র ও শিরা ছিঁড়িয়া পান খাইবার বিধি আছে। দুর্ব্বল ও রুগ্ন দেহে তাম্বূল চর্ব্বণ নিষিদ্ধ। জ্বর কালে, পিপাসায়, পিত্তাধিক্যে ও মূর্চ্ছাদি রোগেও তাম্বূল চর্ব্বণ নিষিদ্ধ। (রাঃ বঃ)।

PIPER LONGUM.

N. O. PIPERACEÆ. L. S. DIANDRIA TRIGYNIA.

Vern. *Sans.* Pipali; *Beng.* Pipul; *Hind.* Pipli, *Tam.* Pipili, *Burm.* Pei-khyen; *Pers.* Dar-filfil.

A perennial shrub, common in Bengal, Nepal, Malabar and some parts of the N. W. Provinces. *Root*, woody, perennial. *Stem*, many, creeping, jointed, round; joints swelling; young shoots being downy. *Leaves*, on the creeping branches largest, petioled, broad-cordate, seven-nerved; on the fruit-bearing branchlets, stem-clasping, oblong cordate, five nerved; all smooth.

Parts used. Root and fruit.

Properties and uses. Both the root and the fruit are valuable stimulants, carminative, alterative and laxative, and are prescribed in chest diseases, dyspepsia, enlargement of spleen and liver, and other abdominal viscera.

পিপ্পলী—পিপুল।

সং পিপ্পলী, বাং পিপুল, হিঃ পিপলি, তাঃ পিপিলি, ব্রঃ পাইখিয়েন, পাঃ ডারফিলফিল, লাঃ পাইপার লঙ্গাম, পাইপরিসি জাতীয়।

পর্য্যায় শব্দ। কৃষ্ণা, উপকুল্যা, বৈদেহী, মাগধী, চপলা, কণা, উষণা, শৌণ্ডী, কোলা। (অমর)। উষণা, পিপুলি। (ভরত)। কৃকলা, কটু-বীজা, কোরঙ্গী, তিক্ত-তণ্ডুলা, শ্যামা, দন্তফলা, মগধোদ্ভবা। (রাঃ নিঃ)।

মূল। গ্রন্থিক, চটিকা, শির। (অমর)। ষড়্গ্রন্থি। (রত্ন)। মূল, কোলমূল, কটু-গ্রন্থি, কটুমূল, কটুষণ, সর্ব্বগ্রন্থি, পত্রাঢ্য, বিরূপ, শোষসম্ভব, সুগন্ধি, গ্রন্থিল। (রাঃ নিঃ)।

বিবরণ। লতা বিশেষ। বাঙ্গালা, বিহার, উত্তর পশ্চিম প্রদেশ, নেপাল ও মালাবার প্রভৃতি স্থানে জন্মে। কাণ্ড ক্ষুদ্র ক্ষুদ্র। উহাদের সংযোগ স্থান

হইতে সূক্ষ্ম সূক্ষ্ম মূল বহির্গত হয়। ইহাই পিপুল মূল।* গ্রন্থিস্থল স্থূল। যে সকল কাণ্ডে ফল থাকে না তাহার পত্র অপেক্ষাকৃত বৃহৎ। পত্র পানের আকার। সাতটী শিরাযুক্ত ও মসৃণ। বর্ষাকালে জন্মে ও শীতের শেষভাগে মরিয়া যায়। পরে কেবল মাত্র মূল মৃত্তিকা মধ্যে থাকে।

ব্যবহার। ফল ও মূল।†

গুণ। ফল। জ্বরনাশক, বৃষ্য, স্নিগ্ধ, উষ্ণ, কটু, তিক্ত ও দীপন। বায়ু, শ্বাস, কাশ, শ্লেষ্মা ও ক্ষয় নাশক। (রাং নিঃ)।

রসায়ন, লঘু, স্বাদু, পিচ্ছল ও রেচক। কুষ্ঠ, প্রমেহ, গুল্ম, অর্শ, প্লীহা ও শূল-নাশক। (রাং বঃ)। মধু ও গুড় প্রভৃতির সহযোগে সেবন করিলে ফলপ্রদ হইয়া থাকে।

পিপুল মূল। দীপন, কটু, পাচন, লঘু, রূক্ষ, পিত্তকর ও ভেদক। কফ, বাত, আনাহ, প্লীহা, গুল্ম, ক্রিমি, শ্বাস ও ক্ষয় নাশক। (ভাঃ প্রঃ)।

ENHYDRA FLUCTUANS.

N. O. COMPOSITÆ. L. S. SYNGENESIA SEGREGATA.

Vern. *Sans.* Hilamochika; *Beng.* Hingcha; *Hind.* Harhuch.

A creeping plant, common in Bengal, Assam and Sylhet, often extends considerably over the surface of water. *Stems,* creeping, ramous, round. *Leaves,* opposite, from one to two inches long. *Flowers,* solitary. Flowering time, the winter and summer seasons.

Parts used. The whole plant.

Properties and uses. It is bitter and antibilious, and is useful in leprosy, dropsy and cough. The root is highly spoken of in curing bad ulcers.

হিলমোচিকা—হিংচা।

সং হিলমোচিকা, বাঃ হিংচা, হিঃ হরহুচ্, লাঃ এনহাইড্রা ফ্লাক্টুয়ানস্, কম্পোজিটি জাতীয়।

---

* কিন্তু কেহ কেহ গ্রন্থি স্থলকে পিপুল মূল বলিয়া ব্যবহার করেন।

† পশ্চিম দেশে ফল জলে সিদ্ধ করিয়া শুষ্ক করা হয় বলিয়া, এদেশের ফল অধিকতর উপকারী।

ENHYDRA FLUCTCANS
হিংচা।
ACALYPHA INDICA
মুক্তবর্ষি।
RHAAVIA DIFFUSA
পুনর্ণবা।
IPŒMEA DIGITTA
ভুঁইকুমড়া।

পর্য্যায় শব্দ। হিলমোচি, হিলমোচী, রোচী। (শঃ রঃ)। মস্বী, বিষঘ্নী, মৎস্যাক্ষী, চক্রাঙ্গী, মোচী। (রত্ন)। ব্রাহ্মী, শঙ্খধরা, আচারী। (ভাঃ প্রঃ)।

বিবরণ। লতা বিশেষ। বাঙ্গালা, আসাম প্রভৃতি স্থানের জলা জমিতে প্রচুর পরিমাণে দেখা যায়। সচরাচর উহা জলের উপর বহুদূর পর্য্যন্ত বিস্তৃত থাকে। কাণ্ডগুলি গোলাকার, গ্রন্থিস্থান ক্ষুদ্র ক্ষুদ্র শিরাদ্বারা আবৃত। পত্র বিপরীতমুখী, দুই ইঞ্চি পর্য্যন্ত লম্বা হয়। সামান্য পরিমাণে ফুলপ্রস্ফুটিত হয়। প্রায় বার মাসই ফুল দেখিতে পাওয়া যায়।

ব্যবহার। সমগ্র লতা।

গুণ। শোথ, কুষ্ঠ, কফ ও পিত্তনাশক। (ভাঃ প্রঃ)। তিক্ত। পিত্ত ও কফ নাশক। (রাঃ বঃ)। মূল দূষিত ক্ষতের উপর প্রলেপ দিলে ক্ষত সত্বর আরোগ্য হইয়া থাকে। অপরাহ্নে চক্ষু ও হস্তপদাদির জ্বালা হইলে ইহার রস সেবনে বিশেষ ফল পাওয়া যায়।

ACALYPHA INDICA.

N. O. Euphorbiaceæ. L. S. Monoecia Monodelphia.

Vern. *Sans.* Muktabarcha; *Beng.* Muktabarsi; *Hind.* Kupi; *Burm.* Khokli; *Pers.* Koopamaynee.

A common annual weed of the gardens of India. *Leaves,* ovate and serrate. *Spikes,* longer than the petioles. *Involucre,* cowled and notched, containing from two to four female flowers. *Stem,* erect, from one to two feet high.

Parts used. Leaves and root.

Properties and uses. It is laxative, emetic, expectorant, and is useful in cough, asthma, fever and constipation.

The root is prescribed with sugar in Asthma. A ball made of the paste of the fresh leaves is often inserted into the rectum of children for the evacuation of hard stools.

The juice of the leaves is often prescribed by the natives in cough and congestion of the lungs of children. But care must be taken to give a small dose. A big dose proves fatal.

মুক্তাবর্চ্চা—মুক্তাবর্ষী।

সং মুক্তবর্চ্চা, বাং মুক্তবর্ষী, হিং কুপি, বং খোক্‌লি, পাঃ কুপামাইনী।

পর্য্যায়শব্দ। মুক্তাবর্চ্চা, রুদ্রা। (আঃ সং)।

বিবরণ। ক্ষুপ বিশেষ। উচ্চে ১ ফুট হইতে ২ ফুট পর্য্যন্ত হয়। ভারতবর্ষের প্রায় সর্ব্বত্র সকল ঋতুতে দেখিতে পাওয়া যায়। বর্ষাকালে প্রচুর পরিমাণে জন্মে। কাণ্ড শীর্ণ ও সরল। পত্র ঈষদ্ লম্বা,অগ্রভাগ গোলাকার, পার্শ্ব করাতের মত, ও দীর্ঘবৃন্তক। পত্রের কিঞ্চিৎ নিম্নে একটী করিয়া সূত্রাকার দণ্ড জন্মে; তাহাতে ফুল ও ফল হইয়া থাকে।

ব্যবহার। পত্র ও মূল।

গুণ। কান্তিকারক, বিরেচক। কাশ, শ্বাস, জ্বর, কফনাশক। পত্রের রস কফোৎসারী ও বমনকারক। কঠিন মল নির্গমনের জন্য পত্রের কল্ক বালকদিগের পায়ুদেশে ব্যবহৃত হয়। (আ সং)।

ইহার মূল গুড় সংযোগে শ্বাস রোগে ব্যবহৃত হইয়া থাকে। শিশুদিগের সর্দ্দি ও ঘুমড়ি রোগে পত্রের রস সেবনে কফ-নিঃসারণ হয়। কিন্তু রস সামান্য পরিমাণে প্রয়োগ করা কর্ত্তব্য'। অধিক মাত্রায় ব্যবহৃত হইলে জীবননাশেরও সম্ভাবনা। কেহ কেহ বলেন একফোঁটা রস সামান্য জলের সহিত সেবন করিলে রক্তবমন নিবারিত হয়।

পাশ্চাত্য চিকিৎসকগণ ইহার বিরেচক, বমনকারক ও কফোৎসারী গুণ স্বীকার করেন।

BOERHAAVIA DIFFUSA.

N. O. NYCTAGINACEÆ. L. S. DIANDRIA TRIGYNIA.

Vern. *Sans.* Punarnava; *Beng.* Punay; *Tel.* Atika manudi.

A kind of weed, common throughout India. There are two varieties, the red one called 'Gadhapuna' in Bengalee and 'Rakta-punarnava' in Sanskrit,and the white one is called 'Seta-punarnava in Sanskrit. The red one is a more common and troublesome weed than the white one. *Root*, perpendicular, slender and perennial. *Stem*, none. *Branches*, many. *Leaves*, opposite, and unequal in size.

Parts used. The whole plant.

Properties and uses. It is bitter, laxative, tonic, cooling and

* কেহ কেহ ইহার সংস্কৃত নাম 'অগ্নিমঞ্জরী, কেহ হরিতমঞ্জরী, এবং বাঙ্গালা নাম শ্বেত-বসন্ত বলেন। কিন্তু ইহার এই সকল নাম আমরা কুত্রাপি দেখিতে পাই নাই। রক্সবরা সাহেবের পুস্তকে এই নাম কয়েকটী দেওয়া হইয়াছে, কিন্তু সাহেব বাহাদুর কোথা হইতে নাম গুলি লাইলেন, তাহার কোন উল্লেখ করেন নাই।

diuretic and is useful in cough, asthma, heart-diseases, Jaundice and dropsy. In dropsy it is used in various forms. The root is used in asthma.

পুনর্ণবা।

সং পুনর্ণবা, বাঃ পুন্নে, তাঃ আতিকা মাহুডি। লাঃ বোয়ারহেভিয়া ডিফিউসা, নেক্‌টিজিনেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। (রক্তপুনর্ণবা)। শোথঘ্নী, বর্ষাভূ, প্রাবৃষায়ণী, কঠিল্লক।

শ্বেতপুনর্ণবা। বৃশ্চীরা, চিরাটিকা। (রত্ন)। বিশাখ, কঠিল্ল, শশিবাটিকা, পৃথ্বী, সিতবর্ষাভূ, ঘনপত্র, কঠিল্লক।

বিবরণ। বর্ষাকালে ভারতবর্ষের সর্ব্বত্র প্রচুর পরিমাণে জন্মে। ইহা দেখিতে ক্ষুদ্র লতাবিশেষ। শ্বেতবর্ণ অপেক্ষাকৃত কম দেখিতে পাওয়া যায়। মূল সরল, ও শীর্ণ, এবং গাছ মরিয়া গেলেও মৃত্তিকামধ্যে সজীব থাকে। বর্ষাকালে উহা হইতে পুনর্ব্বার জন্মে। বহুসংখ্যক শাখা বিশিষ্ট। পত্র বিপরীতমুখী।

ব্যবহার। সমগ্র লতা।

গুণ। উষ্ণ, তিক্ত। কফ, কাশ, হৃদ্রোগ, শূল, স্রাব, পাণ্ডু, শোথ, বায়ু নাশক। (রাং নিঃ)। ভেদক, রাসায়ন। (রাং বঃ)। তিক্ত, পাকে কটু, শীতল, লঘু। বায়ু, গ্রাহিণী, শ্লেষ্মা, ও রক্তপিত্ত নাশক। (ভাঃ প্রঃ)।

ইহা যে শোথ ও শ্বাসরোগের বিশেষ উপকারী, তাহা পাশ্চাত্য পরীক্ষায়ও সপ্রমাণ হইয়াছে। অধিক মাত্রায় ইহাদ্বারা কোন কোন স্থলে রেচন ক্রিয়া সাধিত হয়। রক্ত অপেক্ষা শ্বেত পুনর্ণবা শোথাদিতে অধিক পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে।

IPOMŒA DIGITATA.

(*Batatas paniculata*)

N. O. CONVOLVULACEÆ. L. S. PENTANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Bidari; *Beng.* Bhumi-kumra; *Hind.* Bidari; *Tam.* Matta-pal tigu.

A creeping plant, common in hedges and thickets of Bengal, Assam, and the Deccan. Flowering time, the rainy season. *Root,* perennial and tuberous. *Leaves,* alternate, petioled, palmate, from three to six inches each way. Lobs generally five, divided little

* শ্বেত ও রক্তবর্ণ অনুসারে ইহা দুইজাতীয়। রক্ত পুনর্ণবাকে বাঙ্গালা ভাষায় গাদ পুন্নে বলে।

more than half way down. *Flowers,* numerous, large, and of a beautiful dark reddish purple. (*Roxb.*)

Part used. Tuberous root.

Properties and uses. It is tonic, alterative, cooling, and aphrodisiac. The powder of the dried tuberous root is often taken with milk in impotence.

বিদারী—ভুইকুমড়া।

সং বিদারী, বাঃ ভুইকুমড়া, হিঃ বিদারীকন্দ, তাঃ মাটাপালটিও, লাঃ ইপোমিয়া ডিজিটেটা। কনভলভিউলেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। ভূমিকুষ্মাণ্ড। ক্ষীরশুক্ল, ইক্ষুগন্ধা, ক্রোষ্ট্রী বিদারিকা, স্বাদুকন্দা, সিতা, শুক্লা, শৃগালিকা, বৃষ্যকন্দা, বিড়ালী, বৃষ্যবল্লিক, ভূকুষ্মাণ্ডী, স্বাদুলতা, গজেষ্টা, বারিবল্লভা, গন্ধফলা। (রাঃ নিঃ)।

বিবরণ। লতা বিশেষ। বাঙ্গালা, আসাম, দাক্ষিণাত্য প্রভৃতি প্রদেশে প্রচুর পরিমাণে জন্মে। বর্ষাকালে পুষ্পবতী হয়। পুষ্প দেখিতে কলমিফুলের ন্যায়, কিন্তু বেগুনে বর্ণ। মূল কন্দ বিশেষ। কন্দ সময়ে সময়ে ১৷৹ মণ পর্য্যন্ত ওজনে দেখা যায়। পত্র হস্তের ন্যায়। সচরাচর পাঁচটি করিয়া অঙ্গুলির মত থাকে। দীর্ঘ বৃন্তক।

ব্যবহার। কন্দ।

গুণ। শীতল, গুরু, স্নিগ্ধ ও রক্তপিত্তনাশক। (রাঃ নিঃ)। বৃষ্য, বল্য, রাসায়ন। বাতপিত্ত নাশক। (রাঃ বঃ)।

শুষ্ক কন্দচূর্ণ দুগ্ধের সহিত সচরাচর পুষ্টির জন্য প্রয়োগ হইয়া থাকে। কেহ কেহ ইহাকে কামোদ্দীপক বলিয়া থাকেন।

HOLARRHENA ANTI-DYSENTERICA.

N. O. Apocynaceæ. L. S. Pentandria Monogynia.

Vern. *Sans.* Kutaja; *Beng.* Kurchi; *Hind.* Koorah; *Pers.* Ahir; *Arb.* Lisan-ul-Assafir.

Seed. *Sans. Beng.* Indrajaba. *Pers.* Zaban-i-gemgishk-i-talk

A small tree from 20 to 30 feet high, common in Bengal, Burma, Central and Southern India. The bark is of a dull rusty colour. *Leaves,* ovate, oblong, shortly acuminative, smooth and of a bright green colour.

Parts used. Bark and seed.

Properties and uses. The bark is bitter, astringent, and antidysenteric, promotes appetite, and is useful in piles, diarrhœa, cough, thirst and mucous diarrhœa. The seed is astringent, cooling, and bitter, and is used in fever, diarrhœa, piles, leprosy and worms.

Liquid extract of Holarrhena antidysenterica is a valuable remedy in dysentery.

কুটজ—কুড়চি।

সং কুটজ, বাঃ কুড়চি, হিঃ কুৰা, পাঃ আহির, আঃ লিসান-উল-আসফির, লাঃ হেলারহেনা আনটিডিশেণ্টারিকা। আপোসিনেসি জাতীয়।

বীজ—সং বাঃ ইন্দ্রযব, পাঃ যোবানইগঞ্জিমোটক্।

পর্য্যায় শব্দ। শক্র, বৎসক, গিরিমল্লিকা। (অমর)। কৌটজ। (মদটীকা)। বৃক্ষক, শক্রপর্য্যায়। (রত্ন)। কুটজ, কাহী, কালিঙ্গ, মল্লিকাপুষ্প, প্রাবৃষ্য, শক্রপাদপ, বরতিক্ত, যবফল, সংগ্রাহী, পাণ্ডুরক্রম, প্রাবৃষেণ্য, মহাগন্ধ, পাণ্ডর। (শঃ রঃ)।

বীজের পর্য্যায়। কালিঙ্গ, ভদ্রযব। (অমর)। শক্রাবহ, শক্রবীজ, বৎস্বক, বৎসকবীজ, ভদ্রজ, কুটজ, কুটজবীজ, কলিঙ্গবীজ।

বিবরণ। মধ্যমাকার বৃক্ষ। উচ্চে সচরাচর ১০। ১২ হাত হইয়া থাকে। পত্র বিপরীতমুখী, দীর্ঘ, ও ক্ষুদ্রবৃন্তক। বসন্তকালে পত্রাদি পড়িয়া যায় ও পুষ্প দেখা দেয়। গ্রীষ্মকালে ফলবতী হইয়া থাকে। ফল শুটী, বীজ দীর্ঘ, উভয় প্রান্ত সূচাল। ফলমধ্যে একরূপ তুলা থাকে।

ব্যবহার। ত্বক্ ও বীজ।

গুণ। ত্বক্। কটু, তিক্ত, উষ্ণ, কষায় ও অতিসার নাশক। রক্তপিত্ত, ত্বক্‌দোষ ও অর্শ নাশক। কফ্ নাশক। (রাঃ বঃ)। কটুকষায় রস, রুক্ষ, অগ্নিপ্রদীপক ও শীতবীর্য্য। অর্শ, অতিসার, পিত্ত, রক্তদোষ, কফ্, তৃষ্ণা, আমদোষ ও কুষ্ঠনাশক। (ভাঃ প্রঃ)।

বীজ। কটু, তিক্ত ও শীতল। কফ, বাত, রক্ত ও পিত্তনাশক। দাহ ও অতিসার নাশক। জ্বর ও শূলনাশক। (রাঃ নিঃ)। ত্রিদোষনাশক, ধারক, কটুরস, শীতবীর্য্য, অগ্নিপ্রদীপক। জ্বর, অতিসার, রক্তার্শ, বমি, বীসর্প, কুষ্ঠ, রক্তদোষ, বাতরক্ত, কফ্ ও শূলনাশক। (ভাঃ প্রঃ)। ক্রিমিনাশক।

CASSIA FISTULA.

N. O. LEGUMINOSÆ. L. S. DECANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Aragbadha ; *Beng.* Sondal ; *Hind.* Amaltas ; *Pers.* Khizar-shambor ; *Tam.* Kone ; *Burm.* Gnooshway.

It is a deciduous tree, generally 20 to 30 feet high. *Trunk*, crooked and leaning to one side. *Bark*, smooth, dark brown. *Leaves*, pinnate, alternate, six to twelve inches long. *Leaflets*, from eight to fourteen pairs, the lower broad, and ovate, the upper, oblong and entire. *Flowers*, large, bright yellow and fragrant. *Fruits*, legume, the cells of which are filled with a dark pulp.

Parts used. Bark, leaves and fruits.

Properties and uses. The pulp is sweet, demulcent, purgative; and is useful in fever, colic, skin diseases, cough, and rheumatism.

আরগ্বধ—সোঁদাল।

সং আরগ্বধ, বাঃ সোঁদাল, হিঃ আমলতাসা, পাঃ খাজির সামবর, তাঃ কোন, ব্রঃ হুস্যুয়ে। লাঃ কেসিয়া ফিসটুলা। লিগুমিনোসি জাতীয়।

পর্য্যায় শব্দ। রাজবৃক্ষ, সম্পক, চতুরঙ্গুল, শম্পাক, আরেবত, ব্যাধিঘাত, কৃতমাল, সুবর্ণক। (অমর)। মন্থান, রোচন, দীর্ঘফল, নৃপদ্রুম, হিমপুষ্প, রাজতরু কণ্ডুঘ্ন, জ্বরান্তক, অরুজ, স্বর্ণপুষ্প, স্বর্ণদ্রু, কুষ্ঠসূদন, কর্ণাভরণক, মহারাজদ্রুম, কর্ণিকার, স্বর্ণাঙ্গ। (রাঃ নিঃ)। প্রগ্রহ। (রত্ন)।

বিবরণ। মধ্যমাকার বৃক্ষ। সচরাচর ১২। ১৪ হাত উচ্চ হইয়া থাকে। কাণ্ড প্রায়ই সরল ভাবে জন্মে না। পত্র ছয় হইতে ৮ ইঞ্চি পর্য্যন্ত দীর্ঘ। প্রত্যেক পত্রে ৮ হইতে ১৪ জোড়া করিয়া অপেক্ষাকৃত ক্ষুদ্র পত্র জন্মে। পুষ্প হরিদ্রাবর্ণ। গ্রীষ্মকালে প্রস্ফুটিত হয়। ফল প্রায় দুই হস্ত পর্য্যন্ত লম্বা হয় এবং তাহার ভিতর কৃষ্ণবর্ণ সরস পদার্থ থাকে। ফল ফাল্গুন চৈত্র মাসে পক্ক হয়।

ব্যবহার। পত্র, ত্বক্ ও ফলের অন্তরস্থ সরস * পদার্থ।

গুণ। অতি মধুর, শীতল। শূল, জ্বর, কণ্ডু, কুষ্ঠ, মেহ, কফ, বিষ্টম্ভ নাশক। (রাঃ নিঃ)। জ্বর, হৃদ্‌রোগ, বাত, রক্তাবর্ত্ত রোগে অতিশয় পথ্য। শুক্রকারী (রাঃ বঃ)। কোষ্ঠশুদ্ধিকর (ভাঃ প্রঃ)।

* ইহাই অধিকাংশ স্থলে ব্যবহৃত হইয়া থাকে।

CURCUMA LONGA.

N. O. AMOMACEÆ. L. S. MONANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Haridra; *Beng.* Haluda; *Hind.* Haldi; *Arb.* Uruk-us safr; *Pers.* Zard-chubale; *Tam.* Manjal.

It is cultivated for its rhizome, which is used as a condiment. *Bulbs*, small. *Leaves*, long-petioled, broad-lanceolar.

Parts used. Rhizome.

Properties and uses. It is acrid-astringent, heating and is used in skin and urinary diseases and on wounds.

হরিদ্রা—হলুদ।

সং হরিদ্রা, বাং হলুদ, হিঃ হল্দি, আঃ উরুক্ আস সাফর, পাঃ জার্ড্ চুবালি, তাঃ মানজাল, লাঃ কারকিউমীলন্গা। এমোমেসি জাতীয়।

পর্য্যায় শব্দ। নিশাহ্বা, কাঞ্চনী, পীতা, বরবর্ণিনী। (অমর)। কাবেরী উমা, বর্ণবতী, গৌরী, পীজ্জা। (জটাঃ)। পীতবালুকা, হেমনাশী, ভঙ্গবাসা, ঘর্ষিনী। (শঃ রঃ)। পীতিকা, রজনী, নিশা, মেহঘ্নী, বাহুলা, বর্ণনী, রাত্রিনমিকা। (রত্ন)। হরিৎ, রঞ্জনী, স্বর্ণবর্ণা, সুবর্ণা, শিবা, দীর্ঘরাগা, হলদ্দী, বরাঙ্গী, জনেষ্টা, যরা, বর্ণদাত্রী, পবিত্রা, হরিতা, বিষঘ্নী, পিঙ্গলা, মঙ্গল্যা, মঙ্গলা, লক্ষ্মী, ভদ্রা, শিফা, শোভা, শোভনা, সুভগাহ্বয়া, শ্যামা, জয়ন্তিকা। (রাং নিঃ)।

বিবরণ। গুল্ম বিশেষ। পত্র দীর্ঘ। বর্ষাকালে ইহার চাষ হয়।

ব্যবহার। কন্দ।

গুণ। কটু তিক্তরস। উষ্ণ। কফ, বাত, রক্তদোষ, কুষ্ঠ, মেহ, কণ্ড ও ব্রণ নাশক। কান্তিকারক। (রাং নিঃ)। শোথনাশক। (রাং নিঃ)। ত্বক্ দোষ নাশক। (ভাঃ প্রঃ)।

আঘাত-স্থানে চূণ ও হরিদ্রা একত্র উষ্ণ করিয়া প্রলেপ দিলে বিশেষ ফল দেখা যায়। হরিদ্রাতে বস্ত্রখণ্ড রঞ্জিত করিয়া চক্ষুরোগে পুনঃ পুনঃ ব্যবহার করিলে বিশেষ উপকার হয়।

———

JASMINUM GRANDIFLORUM.

N. O. JASMINACEÆ. L. S. DIANDRIA MONOGYNIA.

Vern. *Sans.* Jati; *Beng. Hind.* Chamili; *Bom.* Chambeli; *Burm.* Myablay.

A shrubby plant, cultivated in gardens for its flower. *Leaves,* opposite, pinnste, exterior three or five leaflets confluent. *Flowers,* large, white, very fragrant, open in rainy season.

Parts used. Leaves and flowers.

Properties and uses. It is bitter, cooling and is used on ulcers of the mouth and in otorrhœa.

জাতী—চামিলী।

সং জাতী, বাং, হিঃ চামেলি, ব্রঃ মিয়াব্লি, বাঃ চামবেলি; লাঃ জেশমিনাম্ গ্রাণ্ডিফ্লোরণম ওবেসিয়ে জাতীয়।

পর্য্যায় শব্দ। স্থরভিগন্ধা, স্থমনা, স্থরপ্রিয়া, চেতকী, স্থকুমারা, সন্ধ্যাপুষ্পী, মনোহরা, রাজপুত্রী, মনোজ্ঞা, মালতী,তৈলভাবিনী, জনেষ্টা, হৃদ্যগন্ধা। (রাং নি)।

বিবরণ। গুল্মবিশেষ। ভারতবর্ষের নানা স্থানের উদ্যানে যত্নের সহিত রোপিত হয়। ইহার পত্র বিপরীতমুখী, এক এক দীর্ঘবৃন্তে ৫।৭টা ক্ষুদ্র ক্ষুদ্র পত্র জন্মে। পুষ্প শ্বেতবর্ণ এবং বর্ষাকালে প্রস্ফুটিত হয়।

ব্যবহার। পত্র ও পুষ্প।

গুণ। তিক্ত ও শীতল। কফ, মুখরোগনাশক। (রাং নিঃ)। তিক্ত-কষায় রস, উষ্ণবীর্য্য, লঘু, ও ত্রিদোষনাশক। শিরোরোগ, নেত্ররোগ, মুখরোগ, দন্তরোগ, বিষ, কুষ্ঠ, বায়ু ও রক্তদোষ নাশক। (ভাঃ প্রঃ)।

HOLARRHENA ANTIDYSENTERICA
কুর্চি।
CASSIA FISTUL
সোঁদাল।
JASMINUM GRNDIFLOR
চাঁমেলি
CUMA LONGA
হলুদ।